পাস্কাকাল

আহ্বান সঙ্গীত

স্বর্গারোহণের আগে

ধুয়ো : খ্রীষ্ট সত্যি পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

স্বর্গারোহণের পরে

ধুয়ো : আপন আত্মাকে যিনি প্রেরণ করেন,
এসো, সেই খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি। আল্লেলুইয়া।

জাগরণীতে স্তোত্র

স্বর্গারোহণের আগে

১। এটি সত্যি প্রভুর দিবস,
জ্যোতিরই দিবস—
পুণ্য রক্তে আজ মুছেছে
বিশ্বের অপরাধ।

২। দিশেহারা পেল বিশ্বাস,
অন্ধে দৃষ্টিদান,
পাপী-তাপী মানুষ পেল
ক্ষমার আশীর্বাদ।

৩। স্বর্গদূতরা তো বিস্মিত
দস্যুর দর্শনে—
খ্রীষ্টের কাছে হয়ে লীন
পেল জীবন সে!

৪। এ কী চমৎকার রহস্য!
খ্রীষ্টের মাংসের গুণ—
বিশ্বপাপকে ক'রে হরণ
আনে স্বর্গের সুখ।

৫। সত্যি কী আশ্চর্য দৃশ্য!
জীবন মৃত্যুর দান,
পাপ ঘরে আনে দয়া,
প্রেমেই ভীতির নাশ।

৬। পাস্কার স্ফূর্তি থাকে যেন
হৃদে চিরকাল;
তব, খ্রীষ্ট, হই যেন
জয়ের অংশীদার।

৭। মৃত্যুঞ্জয় তুমি, যীশু,
ধন্য চিরকাল;
পিতা ও আত্মার সঙ্গে তবও
করব স্তুতিগান। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

স্বর্গারোহণের পরে

১। চিরকালীন রাজা খ্রীষ্ট,
ভক্তবৃন্দের মুক্তিদাতা,
তোমার দ্বারা মৃত্যুর অস্ত,
তুমি মহান কৃপাদাতা।

২। পিতার পাশে আসীন হয়ে
তুমি বিশ্ব-বিচারপতি;
এখন স্বর্গ পাতাল মর্ত
তোমাকে জানায় প্রণতি।

৩। মাংসের নতুন দশা দে'খে
অবাক হল স্বর্গপ্রাণী—
মাংস ছিল পাপী, দুঃখী,
এখন জয়ী–ঐশবাণী।

৪। মোদের নিত্য পুরস্কার,
নিত্যানন্দ মোদের তুমি,
বিশ্বজগতের বিধাতা,
সংসারজয়ী সত্যি তুমি।

৫। তোমার কাছে মোদের যাচনা :
মোদের পাপ ক্ষমা কর,
তোমার কাছে মোদের অন্তর
এখন তুমি উত্তোলন কর।

৬। তুমি সেই চরম দিবসে
মেঘরথে আসবে যখন,
মোদের দণ্ড ক'রে ক্ষমা
জয়মুকুট দিও তখন।

৭। তুমি আজই স্বর্গে গেলে,
হে শ্রীযীশু, ধন্য তুমি ;
পরম পিতা ও আত্মার সঙ্গে
জয়ধ্বনির যোগ্য তুমি। (১০ম শতাব্দী)

প্রভাতী বন্দনায় স্তোত্র

স্বর্গারোহণের আগে

১। উষার জ্যোতিতে, দেখ,
আকাশমণ্ডল যে রঞ্জিত,
বিশ্ব মুখর নন্দিত,
অধোলোক অত্যন্ত ভীত।

২। শক্তিমান রাজা খ্রীষ্ট
তমঃ পাতালের হাত থেকে
মৃত সকলকে নিচ্ছেন
অনন্ত জীবনের দিকে।

৩। পাথর আর কত সৈন্য
সমাধিগুহাটির মুখে ;
মৃত্যুঞ্জয়ী খ্রীষ্ট ফেলেন
মৃত্যুকে সমাধির বুকে।

৪। কত কান্না-বিলাপে
এল সেই নারীরা যখন,
‘উঠেছেন তিনি অমর হয়ে,’
বললেন সেই স্বর্গদূত তখন।

৫। যীশু, পাস্কার আনন্দ
চিরকাল থাকুক অন্তরে,
তুমি নিজেই গো থেকো
মোদের হৃদে যুগযুগ ধরে।

৬। মৃত্যুঞ্জয়ী তুমি, যীশু,
করি প্রচার, ‘তুমি ধন্য ;’
পিতা ও আত্মার সঙ্গে
চিরকাল তুমি যে ধন্য। (৫ম শতাব্দী)

স্বর্গারোহণের পরে

১। বিশ্বের আশা খ্রীষ্ট ঈশ্বর
জ্যোতির্ময় এদিন গড়লেন :
একদিন মৃত্যু ক’রে সহন
আজই করেন স্বর্গারোহণ।

২। শয়তানকে ক’রে জয়
পিতাকে দান করেন তিনি
জয়ী মাংসের অমর গৌরব,
নবসৃষ্টির নব সৌরভ।

৩। জ্যোতির্ময় মেঘরথে
তিনি এখন স্বর্গগামী,
আদম স্বর্গ করলেন বন্ধ,
খ্রীষ্ট মোছেন আজ সেই দণ্ড।

৪। এ কী মহানন্দের সত্য !
নিষ্ঠুর মৃত্যু ক’রে বরণ
নারীগর্ভে জাত যিনি
পিতার সঙ্গে আসীন তিনি।

৫। মোদের মরদেহ তিনি
অমর ক’রে সঙ্গে নিলেন
স্বর্গলোকে যেথায় খ্রীষ্ট
দিব্য পদে উপবিষ্ট।

৬। স্বর্গবাসী সবার সঙ্গে
একই আনন্দ করি, এসো :
তাঁদের কাছে বটে ফিরলেন,
মোদের কিন্তু না কো ছাড়লেন।

৭। ওগো খ্রীষ্ট, তোমার কাছে
স্বর্গে তুলে নিও মোদের ;
পিতা ও তব আত্মা-দান
ধন্য করুক মোদের প্রাণ। (১০ম শতাব্দী)

পূর্বাহ্ণ প্রহরে স্তোত্র

হৃদির গোপন গুহার মাঝে, পৃঃ ৪২৪; অথবা : তৃতীয় ঘণ্টা পালন ক'রে, পৃঃ ৪৩৬; অথবা :

১। তৃতীয় ঘণ্টায় স্মরণ করি
খ্রীস্টের ক্রুশোত্তোলন ;
দূরে যাক যত কুচিন্তা,
হোক মনের উন্নয়ন।

২। খ্রীস্টকে যে হৃদে গ্রহে,
সেই লাভে পুরস্কার :
পবিত্রাত্মার আগমনে
প্রাণের হবে সংস্কার।

৩। এ সময়ে লুপ্ত হল
প্রাচীন পাপরাশি ;
নব কালের সূত্রপাতে
বর্তে খ্রীস্টের আশিস।

৪। মৃত্যুঞ্জয় তুমি, যীশু,
ধন্য যুগযুগ ধরে,
পিতা ও আত্মার সঙ্গে তবও
জয় চিরতরে। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

মধ্যাহ্ন প্রহরে স্তোত্র

ঋতুচক্রের সৎ নিয়ন্তা, পৃঃ ৪২৫; অথবা : ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে, পৃঃ ৪৩৭; অথবা :

১। এসো, প্রভুর দাস ও দাসী,
করি স্তুতিগান,
প্রভুর পুণ্য নাম-মহিমা,
এসো, করি গান।

২। এ সময়ে মৃত্যুর হাতে
সমর্পিত হলেন
মানবজাতির বিচারকর্তা
মুক্তি দেবেন ব'লে।

৩। অন্তর ভরে ভক্তি-প্রেমে,
আশা জাগে মনে,
শত্রুর 'পরে করি জয়
তাঁরই শক্তিগুণে।

৪। মৃত্যুঞ্জয় তুমি, যীশু,
ধন্য যুগযুগ ধরে,
পিতা ও আত্মার সঙ্গে তবও
জয় চিরতরে। (৫ম শতাব্দী)

অপরাহ্ণ প্রহরে স্তোত্র

বিশ্বসৃষ্টির পরম নির্ভর, পৃঃ ৪২৬; অথবা : নবম ঘণ্টায়, এসো, করি, পৃঃ ৫৩৮; অথবা :

১। এ সময়ে ক্রুশের গৌরব
ঘোর দূর করে দিল—
জগৎ এখন উদ্ভাসিত :
স্বর্গমর্তের মিলন।

২। এ সময়ে মৃত্যুরাজ্যে
খ্রীস্ট অবতীর্ণ—
মৃত সকল কবর থেকে
নব প্রাণে উত্তীর্ণ।

৩। মৃত্যুর বিধান হল বিলীন,
নবযুগ কী উজ্জ্বল !
ঐশকৃপার যত দান
ঈশ্বর করেন মঞ্জুর !

৪। মৃত্যুঞ্জয় তুমি, যীশু,
ধন্য যুগযুগ ধরে,
পিতা ও আত্মার সঙ্গে তবও
জয় চিরতরে। (৫ম শতাব্দী)

সন্ধ্যারতিতে স্তোত্র

স্বর্গারোহণের আগে

১। দয়াল মেষশিশুর ভোজে, এসো গো,
শুভ্র পোশাকে বসি হে,
লোহিত সাগর পার হয়ে সকলে
খ্রীষ্টের গুণগান করি হে।

২। দেখ, কী প্রেম! দেখ, কী কৃপা!
নিজের রক্ত দান করছেন হে;
খাদ্যরূপে নিজ পুণ্য দেহকে
তিনি বলিদান করছেন হে।

৩। পাস্কা-রক্তকে দে'খে সেই যমদূত
মোদের যেন না ধ্বংসে হে!
সাগর দু'ভাগ হয়ে ছুটে পালায়,
শত্রু তরঙ্গে ডোবে হে।

৪। মোদের পাস্কা যে স্বয়ং শ্রীখ্রীষ্ট,
নিজেই হন পাস্কাবলি হে;
তিনিই সেই দিব্য মান্না যা মোরা
নির্মল অন্তরে খাব হে।

৫। স্বর্গীয় বলি যে স্বয়ং শ্রীখ্রীষ্ট,
তাঁরই অধীনে পাতাল হে;
তিনি মৃত্যুকে জয় করেছেন,
মোদের দিয়েছেন জীবন হে।

৬। এখন মৃত্যুঞ্জয়ী খ্রীষ্ট ওড়াচ্ছেন
জয়পতাকা, দেখ হে;
স্বর্গ খুলিছে, মোরা দেখিছি,
শত্রু যে যীশুর বন্দি হে।

৭। ওগো শ্রীযীশু, পাস্কার আনন্দ
হৃদে চিরকাল থাকুক হে;
তুমি নিজে গো থেকো অন্তরে,
তুমি চিরদিন থেকো হে।

৮। 'খ্রীষ্ট মৃত্যুঞ্জয়' ব'লে সকলে
এসো, ঘোষণা করি হে;
পিতা এবং পরমাত্মার সঙ্গে
তুমি চিরকাল ধন্য হে।

(রেমেসিয়ানার নিচেতাস † ৪১৪)

স্বর্গারোহণের পরে

১। এসো, স্রষ্টা আত্মা, এসো,
এসো সকল ভক্তের হৃদে,
তব কৃপায় কর পূর্ণ
তব সৃষ্ট মোদের প্রাণ।

২। তোমায় বলে সেই সহায়ক,
পরমেশ্বর-দত্ত দান,
অগ্নি, প্রেম, জীবন-উৎস,
আর আধ্যাত্মিক অভিষেক।

৩। সপ্তদানের দাতা তুমি,
পিতার দক্ষিণ হস্তের আঙুল,
তুমি পিতার প্রতিশ্রুতি,
শিক্ষা-দীক্ষা-প্রেরণা।

৪। মোদের ইন্দ্রিয়ে জ্বালাও জ্যোতি,
হৃদে প্রেম কর সঞ্চার,
মোদের দেহ কর দৃঢ়
তব নিত্য শক্তিতে।

৫। শয়তানকে দূরে রেখ,
পরম শান্তি কর মঞ্জুর,
মন সুস্থ করে রেখ,
তুমি, উত্তম চিকিৎসক।

৬। পিতা ও পুত্রের পূর্ণ জ্ঞান
মোদের দিও, ওগো আত্মা;
তোমায়ও যেন করি বিশ্বাস,
পিতা ও পুত্রের আত্মা হে।

(রাবানুস মাউরুস † ৮৫৬)



১ম–৬ষ্ঠ সপ্তাহ
রবিবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে ঈশ্বর, আজকেই তোমার একমাত্র পুত্রের দ্বারা তুমি মৃত্যুর উপরে বিজয়ী হয়ে আমাদের জন্য

উন্মুক্ত করে দিয়েছ অনন্তধামের প্রবেশদ্বার। আশীর্বাদ কর: প্রভুর পুনরুত্থান-মহোৎসব পালন ক'রে আমরা যেন পবিত্র আত্মার নবীকরণে নবীন হয়ে জীবনের আলোতে পুনরুত্থিত হতে পারি।

২য় সপ্তাহ: হে চিরকৃপাময় ঈশ্বর, পাস্কার এই বার্ষিক উৎসব পালনে তুমি তোমার পবিত্র জনগণের বিশ্বাস উদ্দীপ্ত করে তোল। অনুনয় করি: তোমার সেই দেওয়া অনুগ্রহ বৃদ্ধি কর, তারা যেন যথার্থভাবে উপলব্ধি করতে পারে শুদ্ধতাদানকারী দীক্ষাস্নানের মর্যাদা, নবজীবনদানকারী পবিত্র আত্মার প্রভাব, ও মুক্তিদানকারী খ্রীষ্টরক্তের মহাশক্তি।

৩য় সপ্তাহ: হে ঈশ্বর, আশীর্বাদ কর, প্রাণে নবায়িত হয়েছে বলে তোমার ভক্তরা নিত্যই আনন্দিত হোক। ঐশপুত্রত্বের গৌরব ফিরে পেয়ে তারা যেমন আজ উল্লসিত, তেমনি নিশ্চিত আশা নিয়ে তারা যেন পুনরুত্থান-দিবসের আনন্দের প্রতীক্ষায় থাকে।

৪র্থ সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, স্বর্গীয় আনন্দের সহভাগিতার দিকে আমাদের চালনা কর, যেন তোমার দুর্বল মেষপাল সেখানে পৌঁছতে পারে যেখানে সেই বলবান পালক আগে গিয়ে তাদের অপেক্ষায় আছেন।

৫ম সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, আমাদের অন্তরে পাস্কা-রহস্য নিয়তই সার্থক করে তোল: পবিত্র দীক্ষাস্নানে যাদের তুমি নবীভূত করতে প্রসন্ন হয়েছ, তারা যেন তোমার যত্নশীল সহায়তায় অধিক ফলশালী হয়ে ওঠে ও অনন্ত জীবনের আনন্দে উপনীত হতে পারে।

৬ষ্ঠ সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, তোমার আশীর্বাদে আমরা যেন পুনরুত্থিত প্রভুর সম্মানার্থে উদ্‌যাপিত এ আনন্দঘন দিনগুলো উজ্জ্বল ভক্তির সঙ্গে পালন করতে পারি; স্মরণানুষ্ঠানে যা উদ্‌যাপন করি, তা যেন জীবনাচরণে প্রতিফলিত করতে পারি।

১ম সন্ধ্যারতি

২য় সপ্তাহ: পাস্কাপর্বের ২য় সন্ধ্যারতির ধুয়োগুলো প্রযোজ্য, পৃঃ ২৮৫।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ (বিকল্প): প্রভাতী বন্দনার ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ২৮১।

বাণী পাঠ — ১ পি ২:৯-১০

তোমরা, যারা এক মনোনীত বংশ, এক রাজকীয় যাজক-সমাজ, এক পবিত্র জনগণ, এমন এক জাতি যাকে ঈশ্বর নিজস্ব সম্পদ করেছেন যেন তাঁরই গুণকীর্তন করে যিনি অন্ধকার থেকে তাঁর অপরূপ আলোতে তোমাদের আহ্বান করেছেন, তোমরা তো এককালে ছিলে 'জনগণ-নয়', এখন কিন্তু ঈশ্বরের আপন জনগণ; তোমরা ছিলে দয়া থেকে বিচ্ছিন্ন, এখন কিন্তু দয়া পেয়েই গেছ।

শ্লোক

২য় সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তাঁরা প্রভুকে দেখতে পেলেন ব'লে।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

২য় সপ্তাহ : আট দিন পর * সমস্ত দরজা বন্ধ থাকতেই যীশু ভিতরে এলেন
এবং তাঁদের বললেন, 'তোমাদের শান্তি হোক।' আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ : আমাদের সঙ্গে * থাকুন, প্রভু ;
সন্ধ্যা হয়ে আসছে, বেলা প্রায় গেছে। আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ : আমিই দরজা ! * কেউ যদি আমার মধ্য দিয়ে ঢোকে,
সে পরিত্রাণ পাবে, চারণভূমির সন্ধান পাবে। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ : আমিই সেই পথ, * সেই সত্য, সেই জীবন !
পিতার কাছে কেউই যেতে পারে না,
যদি না সে আমার মধ্য দিয়ে যায়। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ : আমি * পিতাকে অনুরোধ করব,
এবং তিনি অপর একজন সহায়ক তোমাদের দেবেন,
চিরকালের মত তিনি যেন তোমাদের সঙ্গে থাকেন। আল্লেলুইয়া।

(৭ম সপ্তাহ) : আমি চলে যাচ্ছি, * তোমাদের কিন্তু একা রেখে যাব না, আল্লেলুইয়া ;
আমি তোমাদের কাছে আবার আসব, আল্লেলুইয়া ;
তখন তোমাদের হৃদয় আনন্দিত হবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি আমাদের জীবন ও পুনরুত্থান, আসুন, সেই খ্রীস্টের কাছে মিনতি জানাই :

জীবনময় ঈশ্বরের পুত্র, তোমার জনগণকে রক্ষা কর।

-তোমার ভক্তমণ্ডলীর জন্য প্রার্থনা করি, সে যেন মানবজাতির মাঝে তোমার ন্যায় ও পবিত্রতার রাজ্য প্রচার করতে পারে।

-অসুস্থ, অসহায়, অত্যাচারিত ও কারারুদ্ধ যত মানুষের কথা তোমাকে স্মরণ করিয়ে দিই। আমাদের মাধ্যমে তাদের দেখাও তোমার শক্তি ও তোমার করুণা।

-যারা তোমাকে ত্যাগ করেছে, তাদের জন্য প্রার্থনা করি, তারা যেন আবার তোমার সঙ্গে থাকবার আনন্দ অনুভব করতে পারে।

-পাপমোচনের উদ্দেশ্যে যাদের জন্য তুমি মৃত্যুবরণ করেছিলে, সেই মানবজাতির জন্য প্রার্থনা করি, তোমার ক্রুশমৃত্যু ও পুনরুত্থান গুণে সকলে যেন শেষ বিচারের দিনে তোমার দয়ার পাত্র হতে পারে।

জীবনময় ঈশ্বরের পুত্র, তোমার জনগণকে রক্ষা কর।

-জীবিত মৃত সকলেরই জন্য প্রার্থনা করি, সবাই যেন তোমার পুনরুত্থানের সহভাগী হতে পারে।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

যিনি মৃত্যুকে জয় করে জীবন পুনঃপ্রতিষ্ঠিত করেছেন, আসুন, বিশ্বাসের সঙ্গে সেই খ্রীস্টের কাছে প্রার্থনা করি :

চিরজীবনময় খ্রীষ্ট, আমাদের প্রার্থনা শোন।

-তুমিই তো সেই প্রস্তর যা গৃহনির্মাতাদের দ্বারা উপেক্ষিত হলেও পিতা সংযোগপ্রস্তর রূপে মনোনীত করেছেন। তোমার মণ্ডলীর অবিরত নির্মাণকাজে আমাদের জীবন্ত প্রস্তর করে তোল।

-তুমিই বিশ্বস্ত ও সত্যময় সাক্ষ্যদাতা। আশীর্বাদ কর, তোমার ভক্তমণ্ডলী যেন সবসময় কথায় ও কাজে তোমার পুনরুত্থানের সাক্ষ্য বহন করতে পারে।

-তুমি মণ্ডলীর দিব্য বর। সাহায্য দান কর, আমরা যেন তোমার বিদীর্ণ বুক থেকে জাত মণ্ডলীর সঙ্গে তোমার সেই আত্মিক মিলনের মর্মসত্য সানন্দে প্রচার করি।

-তুমি মৃত ছিলে, এখন কিন্তু চিরজীবিত ! শক্তি দান কর, আমরা যেন দীক্ষাস্নানের দিনের প্রতিজ্ঞা রক্ষা ক'রে

জীবনমুকুট পাবার যোগ্য হয়ে উঠি।

-তুমি ঈশ্বরের পবিত্র নগরীর গৌরবময় জ্যোতি! আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার জ্যোতির্লোকের সহভাগী করে তোল।

বিদায় পাস্কা রবিবার থেকে ২য় রবিবার পর্যন্ত নিম্নের বিদায় বাণী প্রযোজ্য :

℟ প্রভু আপনাদের সহায় থাকুন।

℣ আপনারও সহায় থাকুন।

℟ আসুন, প্রভুকে বলি ধন্য। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ ঈশ্বরকে ধন্যবাদ। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ঐশসহায়তা…

আহ্বান সঙ্গীত

জাগরণী

পাস্কা রবিবার : যাঁরা 'পাস্কা জাগরণী' অনুষ্ঠানে অংশ দেন না, তাঁরা সেই অনুষ্ঠানের ৪টি পাঠ সামসঙ্গীত ও প্রার্থনা সহ পড়বেন।

২য় সপ্তাহ : ১ম সোমবারের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ২৮৯।

১ম পর্ব

ধুয়ো : আমি আছি! * দুর্জনদের সঙ্গে আমার মন্ত্রণা নেই,
বরং প্রভুর বিধানেই আমার প্রীতি। আল্লেলুইয়া।

℟ আমাদের জন্য যিনি ক্রুশে ঝুলেছেন, আল্লেলুইয়া,

℣ সেই প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো : যখন তুমি * বিচার করতে উত্থিত হও, পরমেশ্বর,
তখন ভয়ে মর্ত হয়ে পড়ে নিশ্চুপ। আল্লেলুইয়া।

℟ হে খ্রীষ্ট, তোমার পুনরুত্থানের জন্য, আল্লেলুইয়া,

℣ স্বর্গমর্ত আনন্দিত। আল্লেলুইয়া।

৩য় পর্ব

১ম–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : মৃত্যু থেকে * যিনি পুনরুত্থান করেছেন, এসো, তাঁকে পূজা করি।
ক্রুশের মধ্য দিয়ে আনন্দই বিশ্বে করেছে প্রবেশ। আল্লেলুইয়া।

স্বর্গারোহণ এবং ৭ম সপ্তাহ

ধুয়ো : আমি * তোমাদের জন্য স্থান প্রস্তুত করতে যাচ্ছি,
কিন্তু তোমাদের কাছে ফিরে আসব,
তখন তোমাদের হৃদয় আনন্দিত হবে।
আল্লেলুইয়া।

পঞ্চাশত্তমী রবিবার

ধুয়ো : তুমি * নিজ আত্মাকে পাঠিয়ে দাও, সবকিছু সৃষ্ট হয় ;
এভাবেই তুমি ধরণীর মুখ নবীন করে তোল। আল্লেলুইয়া।

বিজয়ী খ্রীষ্টের আবির্ভাব **গীতিকা ইসা ৬৩:১-৫**

মেষশাবকের রক্তকে হাতিয়ার করেই তারা নাগ্‌দানবের বিরুদ্ধে জয়ী হতে পেরেছে (প্রত্যা ১২:১১)।

ইনি কে, এদোম থেকে যিনি আসছেন,

বস্রা থেকে যিনি আসছেন রক্তবর্ণ বসন পরে?
ইনি কে, আপন পোশাকে যিনি উজ্জ্বল?
আপন শক্তির পূর্ণতায় যিনি গম্ভীরভাবে এগিয়ে আসছেন?

এই আমি! ধর্মময়তায় আমি কথা বলি,
পরিত্রাণ সাধন করতে আমি মহান।
তোমার পোশাক রক্তবর্ণ কেন? †
মাড়াইকুণ্ডে আঙুর যে মাড়াই করে,
তোমার বসন তার বসনের মত কেন?

মাড়াইকুণ্ডে আমি একাই আঙুর মাড়াই করলাম,
আমার আপন জাতির কেউই ছিল না আমার সঙ্গে,
ক্রুদ্ধ হয়ে তাদের মাড়াই করলাম,
রুষ্ট হয়ে তাদের পদদলিত করলাম।

ছিটকে পড়ল আমার বসনে তাদের রক্ত,
আমার সমস্ত পোশাক হল কলঙ্কিত,
কারণ আমার অন্তরে ছিল প্রতিশোধের দিন,
এসে গেছেই আমার মুক্তিকর্মের সন।

চেয়ে দেখলাম: সাহায্য করতে ছিল না কেউ;
স্তম্ভিত হলাম: সমর্থক ছিল না কেউ।
তখন আমার আপন বাহুই ত্রাণ করল আমায়,
আমার রোষ, তা-ই হল আমার সমর্থক।

খ্রীষ্টের সঙ্গে পুনরুত্থান **গীতিকা হো ৬:১-৬**

খ্রীষ্ট শাস্ত্র অনুযায়ী তৃতীয় দিনে পুনরুত্থান করলেন (১ করি ১৫:৪)।

এসো, প্রভুর কাছে ফিরে যাই, †
তিনি আমাদের ছিঁড়ে ফেললেন, কিন্তু আমাদের নিরাময় করবেন;
আমাদের আঘাত করলেন, কিন্তু বেঁধে দেবেন আমাদের ক্ষতস্থান।
দু' দিন পরে তিনি আমাদের পুনরুজ্জীবিত করবেন, †
আর তৃতীয় দিনে আমাদের পুনরুত্থিত করবেন;
তখন তাঁরই সাক্ষাতে আমরা জীবনযাপন করব।

এসো, তাঁকে জানি, প্রভুকে জানবার জন্য ছুটে চলি,
ভোরের মতই সুনিশ্চিত তাঁর আগমন।
ঘন ঘন বৃষ্টির মতই তিনি আমাদের কাছে আসবেন,
আসবেন বসন্তের সেই জলবর্ষণের মত যা মাটিকে জলসিক্ত করে।

এফ্রাইম, তোমাকে নিয়ে আমি কীবা করব?
যুদা, তোমাকে নিয়ে আমি কীবা করব?
সকালের মেঘের মতই তোমার প্রেম,
তা শিশিরেরই মত, যা প্রত্যূষে উবে যায়।

এজন্যই নবীদের দ্বারা আমি তাদের আঘাত করলাম, †
আমার মুখের বচন দ্বারা তাদের সংহার করলাম,
আলোকের মতই উদিত হয় আমার বিচার:

কারণ আমি প্রেমেই প্রীত, বলিদানে নয়,
আহুতির চেয়ে ঈশ্বরজ্ঞানেই বরং আমি প্রীত।

ইস্রায়েলের অবশিষ্টাংশের চরম পরিত্রাণ **গীতিকা জেফা ৩:৮-১৩**

ইসাইয়ার কথা: ইস্রায়েলীয়দের সংখ্যা সমুদ্রতীরের বালুকণার মত অগণিত হলেও শুধুমাত্র সেই অবশিষ্ট কিছু মানুষই রক্ষা পাবে (রো ৯:২৭)।

আমারই জন্য তোমরা অপেক্ষা কর, প্রভুর উক্তি,
সেই দিনেরই জন্য যখন আমি উঠে দাঁড়াব অভিযোগ তুলতে,
কারণ আমি সিদ্ধান্ত নিলাম:
বিজাতিদের সংগ্রহ করব, রাজ্যসকলকে জড় করব;

তাদের উপর আমার রোষ, আমার সমস্ত উত্তপ্ত ক্রোধ ঢেলে দেব,
কারণ আমার উত্তপ্ত প্রেমের আগুনে সারা পৃথিবীকে গ্রাস করা হবে।
তখন আমি জাতিসকলকে দেব বিশুদ্ধ ওষ্ঠ, †
সকলে যেন করে প্রভুর নাম,
যেন একই জোয়ালের অধীন হয়ে তাঁকে সেবা করে।

ইথিওপিয়ার নদনদীর ওপার থেকে আমার উপাসকেরা
আমার সেই বিক্ষিপ্ত জনগণ আমার কাছে আনবে উপহার।
সেদিন তুমি আর লজ্জা করবে না সেই সমস্ত অপকর্মের জন্য
যা তুমি সাধন করেছ আমার বিরুদ্ধে।

কারণ সেদিন আমি তোমার মধ্য থেকে
তোমার যত গর্বিত দর্পিত মানুষকে দূরে সরিয়ে দেব,
আর আমার পবিত্র পর্বতের উপর
তুমি উদ্ধতভাবে আর ব্যবহার করবে না।

তোমার মধ্যে আমি বিনম্র ও দীনহীন এক জাতিকে অবশিষ্ট রাখব,
ইস্রায়েলের এ অবশিষ্ট অংশ প্রভুর নামেই আশ্রয় নেবে।
তারা অপকর্ম করবে না, বলবে না মিথ্যা কথা,
তাদের মুখে খুঁজে পাওয়া যাবে না প্রতারক জিহ্বা।

তারা চরে বেড়াবে, তারা বিশ্রাম করবে,
তাদের ভয় দেখাবে এমন কেউ থাকবে না।

১ম–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো: মৃত্যু থেকে যিনি পুনরুত্থান করেছেন,
এসো, তাঁকে পূজা করি।
ক্রুশের মধ্য দিয়ে আনন্দই বিশ্বে করেছে প্রবেশ,
আল্লেলুইয়া।

℣ মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন বলে খ্রীষ্টের আর মৃত্যু নেই। আল্লেলুইয়া।
℟ তাঁর উপর মৃত্যুর আর কোন কর্তৃত্ব নেই। আল্লেলুইয়া।

স্বর্গারোহণ এবং ৭ম সপ্তাহ

ধুয়ো : আমি তোমাদের জন্য স্থান প্রস্তুত করতে যাচ্ছি,
কিন্তু তোমাদের কাছে ফিরে আসব,
তখন তোমাদের হৃদয় আনন্দিত হবে।
আল্লেলুইয়া।

℣ আমি তাঁর কাছে আরোহণ করছি যিনি আমার পিতা ও তোমাদের পিতা, আল্লেলুইয়া,
℟ যিনি আমার ঈশ্বর ও তোমাদের ঈশ্বর। আল্লেলুইয়া।

পঞ্চাশত্তমী রবিবার

ধুয়ো : তুমি নিজ আত্মাকে পাঠিয়ে দাও, সবকিছু সৃষ্ট হয় ;
এভাবেই তুমি ধরণীর মুখ নবীন করে তোল। আল্লেলুইয়া।

℣ তোমরা পবিত্র আত্মাকে গ্রহণ কর। আল্লেলুইয়া।
℟ তিনিই সেই সহায়ক, যাঁকে পিতা তোমাদের কাছে পাঠাবেন। আল্লেলুইয়া।

স্তোত্র

তুমি ঈশ্বর, তোমারই করি প্রশংসাগান,
তুমি প্রভু, তা-ই আমরা করি স্বীকার,
তুমি সনাতন পিতা,
তোমাকে নিখিল বিশ্ব করে পূজা।

স্বর্গীয় দূতবৃন্দ, ঊর্ধ্বলোকের শক্তিবাহিনী,
খেরুব ও সেরাফদূত নিত্য করেন প্রচার :
‘পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,
স্বর্গমর্ত তোমার গৌরব ও মহিমায় পরিপূর্ণ।’

প্রেরিতদূতেরা গৌরবের কণ্ঠে,
নবীরা সমস্বরে,
সাদা কাপড় পরা সেই সাক্ষ্যমর সেনাদল
তোমারই স্তুতি করেন গান।

পবিত্র তোমার মণ্ডলী বিশ্বব্যাপী করে প্রচার :
‘হে পিতা, অসীম রাজমহিমা তোমার,
তোমার সত্যময় ও একমাত্র পুত্র সবারই পূজনীয়,
সহায়কই পবিত্র আত্মা।’

হে খ্রীস্ট, তুমি গৌরবের রাজা,
পিতার সনাতন পুত্র তুমি,
তুমি মানুষকে মুক্তি দেবার জন্য
করনি উপেক্ষা কুমারীর গর্ভ।

তুমি মৃত্যুর অঙ্কুশ ক’রে জয়
বিশ্বাসীদের জন্য স্বর্গরাজ্য দিলে খুলে।
স্বর্গীয় গৌরবে পিতার ডান পাশেই সমাসীন তুমি,
তুমি আসবে—বিশ্বাস করি—বিচারকরূপে।

এসো, প্রভু, তোমার অমূল্য রক্তে যাদের করেছ মুক্ত,
এসো, তোমার এই জনগণের সহায় থেকো তুমি,
তোমার কৃপায় যেন নিখিল সাধুসাধ্বীর সঙ্গে
আমরাও শাশ্বত গৌরবের যোগ্য হয়ে উঠি।

বিকল্প অতিরিক্ত অংশ, পৃঃ ১০৬২।   (৪র্থ শতাব্দী)

সুসমাচার ঘোষণা, পৃঃ ১০৬৩।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন।   (৪র্থ শতাব্দী)

প্রভাতী বন্দনা

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

১ম ধুয়ো :   প্রভুর দূত * স্বর্গ থেকে নেমে এসে
সমাধিগুহার পাথরখানা গড়িয়ে সরালেন ও তার উপর বসলেন। আল্লেলুইয়া।

২য় ধুয়ো :   হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

৩য় ধুয়ো :   দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো :   ভয়ে প্রহরীরা * এতই কম্পিত হল যে,
জীবন্মৃতই যেন হয়ে পড়ল। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো :   স্বর্গদূত * নারীদের বললেন, ‘ভয় পেয়ো না :
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।’ আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো :   সেই তিনজন যুবককে * যিনি অগ্নিচুল্লি থেকে মুক্ত করেছিলেন,
সেই খ্রীষ্ট সমাধি থেকে পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো :   আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ (বিকল্প)

১ম ধুয়ো :   পাতাল-বিজয়ী যিনি, * তিনি নিষ্ঠুর ক্রুশ-মৃত্যু ভোগ করেছিলেন ;
গৌরবে পুনরুত্থান করে তিনি এখন পরাক্রমে পরিবৃত। আল্লেলুইয়া।

২য় ধুয়ো :   এ অবধারিত ছিল যে, * মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করার জন্য
খ্রীষ্ট যন্ত্রণাভোগ করবেন। আল্লেলুইয়া।

৩য় ধুয়ো :   হে প্রভু, * তুমি মহান!
তুমি পরাক্রমে আশ্চর্যময়, তুমি অপরাজেয়। আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো :   আমিই সেই পথ, * সেই সত্য, সেই জীবন!
পিতার কাছে কেউই যেতে পারে না,
যদি না সে আমার মধ্য দিয়ে যায়। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো :   আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ১০:৪০-৪৩**

তৃতীয় দিনে ঈশ্বর তাঁকে পুনরুত্থিত করলেন ও এমনটি দিলেন তিনি যেন আত্মপ্রকাশ করতে পারেন—জাতির সকলের কাছে কিন্তু নয়, বরং ঈশ্বর আগে যাদের নিযুক্ত করেছিলেন, সেই সাক্ষীদেরই কাছে, অর্থাৎ এ আমাদেরই কাছে যারা, মৃতদের মধ্য থেকে তাঁর পুনরুত্থানের পর, তাঁর সঙ্গে খাওয়া-দাওয়া করেছি। আর তিনি আদেশ করলেন, আমরা যেন জনগণের কাছে প্রচার করি ও সাক্ষ্য দিই যে, তাঁকেই ঈশ্বর জীবিত ও মৃতদের বিচারকর্তা নিযুক্ত করেছেন। তাঁর বিষয়ে সকল নবী এ সাক্ষ্য দেন যে, তাঁর প্রতি যে কেউ বিশ্বাস রাখে, তাঁর নাম দ্বারা সে পাপমোচন লাভ করবে।

শ্লোক

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, আমাদের প্রতি দয়া কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, আমাদের প্রতি দয়া কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তুমি মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছ।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, আমাদের প্রতি দয়া কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ

ক,খ,গ। রবিবার দিন, * খুব সকালে, সূর্য উঠতেই
তাঁরা সমাধিগুহায় এলেন। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ

ক,খ,গ। তোমার আঙুলটা * এখানে রাখ, আমার হাত দু'টো দেখ।
আর অবিশ্বাসী হয়ো না, বিশ্বাসীই হও। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ

ক,খ। এ অবধারিত ছিল যে * খ্রীষ্টকে যন্ত্রণাভোগ করতে হবে
এবং তৃতীয় দিনে তাঁকে পুনরুত্থান করতে হবে। আল্লেলুইয়া।
গ। নৌকার ডান দিকে জাল ফেল, * মাছ পাবে। আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ

ক,খ,গ। আমিই মেষপালের পালক।
আমিই সেই পথ, সেই সত্য ও সেই জীবন। আমিই প্রকৃত মেষপালক।
আমার মেষগুলিকে জানি, তারাও আমাকে জানে। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ

ক। তোমাদের হৃদয় * যেন কম্পিত না হয়।
ঈশ্বরের প্রতি বিশ্বাস রাখ, আমার প্রতিও বিশ্বাস রাখ।
আমার পিতার গৃহে অনেক বাসস্থান আছে। আল্লেলুইয়া।
খ। যে কেউ * আমার মধ্যে থাকে আর আমি তার মধ্যে থাকি,
সে-ই প্রচুর ফলে ফলশালী হবে। আল্লেলুইয়া।

গ। এক নতুন আজ্ঞা * তোমাদের দিচ্ছি,

আমি যেমন তোমাদের ভালবেসেছি,

তেমনি তোমরাও পরস্পরকে ভালবাস। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ

ক,খ,গ। পিতা * যেইভাবে আমাকে ভালবেসেছেন,

আমিও তেমনি তোমাদের ভালবেসেছি। আল্লেলুইয়া।

(৭ম সপ্তাহ)

ক। সেই ক্ষণ এসেছে : * পিতা, জগৎ হবার আগে তোমার কাছে আমার যে গৌরব ছিল,

তুমি এখন তোমার নিজের সাক্ষাতে আমাকে সেই গৌরবে গৌরবান্বিত কর। আল্লেলুইয়া।

খ। হে পবিত্রতম পিতা, * যাদের তুমি আমাকে দিয়েছ,

তাদের সকলকে তোমার নামে রক্ষা কর। আল্লেলুইয়া।

গ। আমি * দেখতে পাচ্ছি, স্বর্গ উন্মুক্ত,

এবং মানবপুত্র ঈশ্বরের ডান পাশে দাঁড়িয়ে আছেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি খ্রীষ্টকে পুনরুত্থিত ক'রে আমাদের পরিত্রাতারূপে অধিষ্ঠিত করেছেন, আসুন, সেই সর্বশক্তিমান পিতা ঈশ্বরের কাছে মিনতি নিবেদন করি :

খ্রীষ্টের গৌরব আমাদের উপর বিকশিত হোক।

-পবিত্রতম পিতা, তুমি তোমার পুত্রকে মৃত্যু থেকে স্বর্গীয় গৌরবে উন্নীত করেছ; তোমার কৃপায় আমরা যেন পাপের অন্ধকার থেকে তোমার দিব্য জ্যোতিতে পার হতে পারি।

-তুমি বিশ্বাসের মাধ্যমেই আমাদের ত্রাণ করেছ; তোমার সাহায্যে আমরা যেন দীক্ষাস্নানের উপযুক্ত জীবনাচরণে জীবনযাপন করতে পারি।

-তোমার ইচ্ছা, আমরা যেন সেই উর্ধ্বের দিকে তাকাই যেখানে খ্রীষ্ট তোমার ডান পাশে সমাসীন; তোমার সহায়তায় আমরা যেন শয়তানের যত প্ররোচনা জয় করতে পারি।

-আমাদের জীবন খ্রীষ্টে নিহিত হোক, যেন তার মধ্য দিয়ে বিশ্বজগতের সকল মানুষের কাছে নব স্বর্গ ও নব পৃথিবীর কথা প্রকাশ পায়।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

ঈশ্বর যাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, যিনি স্বশক্তিতে আমাদের পুনরুত্থিত করবেন, আসুন, সেই জীবনদাতা খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

হে জীবনদাতা, দয়া কর।

-হে খ্রীষ্ট, তুমিই সেই আলো যা অন্ধকার দূর করে দেয় এবং মানুষকে পবিত্রতায় আনে। আশীর্বাদ কর, আমরা যেন আজ তোমার অবিরত স্তুতিগান করতে পারি।

-হে বিশ্বপ্রভু, মৃত্যু পর্যন্তই তুমি যন্ত্রণাভোগের পথে চলেছিলে। শক্তি দাও, আমরাও যেন তোমার সঙ্গে মৃত্যুবরণ করে পুনরুত্থানও করতে পারি।

-হে আমাদের ভাই, হে সদ্‌গুরু, তুমি আমাদের করে তুলেছ ঈশ্বরের সেবায় নিবেদিত এক যাজকীয় রাজবংশ। সাহায্য কর, আমরা যেন সানন্দে স্তুতির নৈবেদ্য অর্পণ করতে পারি।

-হে মহামহিম রাজা, আমরা তোমার পুনরাগমনের প্রতীক্ষায় আছি। আশীর্বাদ কর, আমরা যেন তোমার শ্রীমুখ দর্শন করতে পারি ও তোমার গৌরবের সহভাগী হয়ে উঠতে পারি।

বিদায় পাস্কা রবিবার থেকে ২য় রবিবার পর্যন্ত নিম্নের বিদায় বাণী প্রযোজ্য :

প্র প্রভু আপনাদের সহায় থাকুন।

উ আপনারও সহায় থাকুন।

প্র আসুন, প্রভুকে বলি ধন্য। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ ঈশ্বরকে ধন্যবাদ। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ঐশসহায়তা…

পূর্বাহ্ন প্রহর

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

ধুয়ো : হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

৩য়-**৬ষ্ঠ সপ্তাহ**

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ১৫:৩খ-৫**

খ্রীষ্ট আমাদের পাপের জন্য, শাস্ত্র অনুযায়ী, মৃত্যুবরণ করলেন, তাঁকে সমাধি দেওয়া হল ; এবং শাস্ত্র অনুযায়ী তিনি তৃতীয় দিনে পুনরুত্থিত হলেন ; এবং তিনি কেফাসকে এবং পরে সেই বারোজনকে দেখা দিলেন।

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

প্র এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

উ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

প্র প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া ;

উ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

ধুয়ো : দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **এফে ২:৪-৬**

ঈশ্বর, দয়ায় ঐশ্বর্যবান হওয়ায়, যে মহা ভালবাসায় আমাদের ভালবাসলেন, অপরাধের ফলে মৃত ছিলাম যে আমরা এই আমাদের তিনি খ্রীষ্টের সঙ্গে সঞ্জীবিত করে তুললেন—অনুগ্রহেই তোমরা পরিত্রাণকৃত!—এবং আমাদের তাঁর সঙ্গে পুনরুত্থিত করলেন ও তাঁর সঙ্গে স্বর্গধামে আসন দিলেন—খ্রীষ্টযীশুতে।

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

প্র এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

উ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

প্র প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,

উ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

ধুয়ো : স্বর্গদূত * নারীদের বললেন, 'ভয় পেয়ো না :
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।' আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৬:৪**

মৃত্যুর উদ্দেশে সাধিত দীক্ষাস্নানের মাধ্যমে আমরা তাঁর সঙ্গে সমাহিত হয়েছি, মৃতদের মধ্য থেকে খ্রীষ্টকে যেমন পিতার গৌরব দ্বারা পুনরুত্থিত করা হয়েছে, তেমনি আমরাও যেন জীবনের নবীনতায় চলতে পারি।

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া ;
℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

২য় সন্ধ্যারতি

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

১ম ধুয়ো : প্রভুর দূত * স্বর্গ থেকে নেমে এসে
সমাধিগুহার পাথরখানা গড়িয়ে সরালেন ও তার উপর বসলেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো : দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো : ভয়ে প্রহরীরা * এতই কম্পিত হল যে,
জীবন্মৃতই যেন হয়ে পড়ল। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : স্বর্গদূত * নারীদের বললেন, 'ভয় পেয়ো না :
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।' আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ (বিকল্প) : প্রভাতী বন্দনার ধুয়োগুলো ব্যবহারযোগ্য, পৃঃ ২৮১।

বাণী পাঠ **হিব্রু ১০:১২-১৪**

খ্রীষ্ট পাপের জন্য কেবল একটা যজ্ঞ উৎসর্গ ক'রে ঈশ্বরের ডান পাশে চিরকালের মতই আসন নিয়েছেন ; আর সেখানে অপেক্ষা করছেন যতক্ষণ তাঁর শত্রুদের তাঁর পাদপীঠ করা না হয়। কেননা যাদের পবিত্র করে তোলা হয়, তিনি একটামাত্র নৈবেদ্য গুণেই চিরকালের মত তাদের সিদ্ধতায় চালিত করেছেন।

শ্লোক

পাস্কা রবিবার ও ২য় সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

৩য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনি সিমোনকে দর্শন দিয়েছেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ

ক,খ,গ। সেই রবিবার দিন, * সন্ধ্যাবেলায় শিষ্যেরা রুদ্ধ দরজার পিছনে একত্র আছেন,
এমন সময় যীশু এলেন, এবং তাঁদের মাঝখানে গিয়ে দাঁড়ালেন।
তিনি তাঁদের বললেন,
'তোমাদের শান্তি হোক।' আল্লেলুইয়া।

২য় সপ্তাহ

ক,খ,গ। টমাস, * আমাকে দেখেছ বলেই তুমি বিশ্বাস করছ।
না দেখেও বিশ্বাস করে যারা, তারাই সুখী। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ

ক,খ। তাঁরা * তাঁকে বললেন,
'আমাদের সঙ্গে থাকুন, প্রভু; সন্ধ্যা হয়ে আসছে।' আল্লেলুইয়া।

গ। যে মাছ তোমরা এইমাত্র ধরেছ, * তার কয়েকটা নিয়ে এসো।
সিমোন পিতর তখন নৌকায় উঠে জালটা ডাঙায় টেনে তুললেন;
বড় বড় মাছে ভরা জাল। আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ

ক,খ,গ। আমার আরও মেষ আছে, * যারা এই ঘেরির নয়,
তাদেরও আমাকে নিয়ে আসতে হবে; তারা আমার কণ্ঠে কান দেবে;
তখন থাকবে একটামাত্র মেষপাল, একটিমাত্র মেষপালক। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ

ক,খ,গ। এটি আমার আজ্ঞা: * তোমরা পরস্পরকে ভালবাস,
আমি তোমাদের যেইভাবে ভালবেসেছি। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ

ক,খ,গ। যে কেউ আমাকে ভালবাসে, * সে আমার বাণী মেনে চলবে।
আমার পিতা তাকে ভালবাসবেন, এবং আমরা তার কাছে আসব
ও তার কাছে করব আমাদের নিজেদের বাসস্থান। আল্লেলুইয়া।

(৭ম সপ্তাহ)

ক। পিতা, * যাদের তুমি আমাকে দিয়েছ,
তাদের সকলের কাছে আমি তোমার নাম প্রকাশ করেছি;
এখন যে আমি তোমার কাছে যাচ্ছি,
জগতের জন্য নয়, তাদেরই জন্য প্রার্থনা করছি। আল্লেলুইয়া।

খ। ঈশ্বরের ভালবাসা * আমাদের হৃদয়ে সঞ্চারিত হয়েছে
সেই পবিত্র আত্মা দ্বারা যাঁকে আমাদের দেওয়া হয়েছে। আল্লেলুইয়া।

গ। সুখী তারা * যারা মেষশাবকের রক্তে নিজেদের পোশাক ধৌত করে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি আমাদের পরিত্রাতা, যিনি অনাদিকাল থেকে পিতাসঞ্জাত পুত্র, যিনি দেহধারণ করেছেন এবং ক্রুশবিদ্ধ ও সমাহিত হয়ে মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন, যিনি সর্বশক্তিমান ও অমর, আসুন, সেই খ্রীষ্টকে পূজা করি :

হে মৃত্যুঞ্জয়, তোমার গৌরব হোক!

-হে অনির্বাণ জ্যোতি খ্রীষ্ট, আমাদের মাঝে আবির্ভূত হয়ে তুমি আমাদের করে তুলেছ তোমার ঐশজ্যোতির দর্পণ। সাহায্য কর, আমাদের দ্বারা যেন পৃথিবীর উপর তোমার পুনরুত্থানের জ্যোতি বিকশিত হয়।

-ক্রুশের উপরে তুমি আমাদের দণ্ডাজ্ঞা বিদ্ধ করেছ; মৃত্যুরাজ্যে নেমে গিয়ে আমাদের শৃঙ্খল ছিন্ন করে আমাদের মুক্তি সাধন করেছ—যে মুক্তি তোমার পুনরুত্থানে পূর্ণতা লাভ করেছে। আমরা যেন পুনরুত্থানের পথে চলতে থাকি।

-তোমার পুনরুত্থান গুণে এখন শয়তান পদদলিত এবং সকল প্রাণী চিরমুক্ত; স্বর্গবাসীদের সঙ্গে আমরা যেন চিরকালের মত তোমার গৌরব গান করতে পারি।

-পুনরুত্থান করে তুমি এখন পিতার কাছে আসীন হয়ে চিরকালের মত জীবিত। তুমি আবার আসবে বিচারকরূপে। আশীর্বাদ কর, আমরা যেন পুণ্যজীবন যাপন করি।

-আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার পুনরুত্থানের সহভাগী কর, তাঁরা যেন যুগযুগ ধরে তোমার মহিমাগান করতে পারেন।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

পুনরুত্থিত হয়ে যিনি পিতার ডান পাশে সমাসীন, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর কাছে মিনতি নিবেদন করি :

খ্রীষ্টের গৌরবের খাতিরেই, প্রভু, তোমার জনগণকে ত্রাণ কর।

-পবিত্রতম পিতা, তুমি ক্রুশের উপরে মৃত তোমার পুত্রকে গৌরবান্বিত করেছিলে। সকল মানুষকে তাঁর প্রতি আকর্ষণ কর, সকল মানুষকে তাঁর কাছে নিয়ে যাও।

-মণ্ডলীর উপর তোমার আত্মাকে বর্ষণ কর, যেন মণ্ডলী সমগ্র মানবজাতির জন্য একতার সাক্রামেন্ত হতে পারে।

-দীক্ষাস্নানের মাধ্যমে যাদের তুমি নবজন্ম দান করেছ, তাদের সকলকে রক্ষা কর, তারা যেন বিশ্বাসে বলীয়ান হয়ে উঠে তোমার নামের সাক্ষ্য দিতে পারে।

-তোমার গৌরবান্বিত পুত্রের খাতিরে দরিদ্রদের সাহায্য কর, অসুস্থদের নিরাময় কর, বন্দিদের মুক্ত কর, সকল মানুষকে খ্রীষ্টের মুক্তির ফলভাগী করে তোল।

-ইহলোকে যাঁরা তোমার পুত্রের দেহরক্ত গ্রহণ করেছিলেন, আমাদের সেই সকল পরলোকগত ভাইবোনকে সনাতন আনন্দের ভোজে গ্রহণ কর।

বিদায় পাস্কা রবিবার থেকে ২য় রবিবার পর্যন্ত নিম্নের বিদায়-বাণী প্রযোজ্য :

℣ প্রভু আপনাদের সহায় থাকুন।

℟ আপনারও সহায় থাকুন।

℣ আসুন, প্রভুকে বলি ধন্য। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ ঈশ্বরকে ধন্যবাদ। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ঐশসহায়তা…

সোমবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে ঈশ্বর, তুমি তোমার মণ্ডলীকে নিত্যনব সন্তান দানে ধন্য কর। আশীর্বাদ কর: তোমার ভক্তগণ যে সাক্রামেন্ত বিশ্বাসে গ্রহণ করেছে, তা যেন নিজেদের জীবনে দৃঢ়ভাবে আঁকড়িয়ে রাখতে পারে।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, পাস্কা-সাক্রামেন্ত-ধারার মধ্য দিয়ে তুমি আমাদের নবায়িত করেছ। আশীর্বাদ কর, যেন আমাদের পার্থিব আদিপিতার সাদৃশ্য থেকে আমরা আমাদের স্বর্গীয় নির্মাতার সাদৃশ্যে রূপান্তরিত হতে পারি।

৩য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, তুমি যখন নিরাময়কারী পাস্কা-সাক্রামেন্তের মধ্য দিয়ে আমাদের সকলকে খ্রীষ্টের স্বরূপের অনুরূপ করে তুলেছ, তখন আশীর্বাদ কর: আমরা যেন আমাদের প্রাচীন আমিকে তার সমস্ত কর্ম সমেত ত্যাগ করে খ্রীষ্টের মত জীবনযাপন করতে পারি।

৪র্থ সপ্তাহ: হে ঈশ্বর, তুমি ধার্মিকের নিখুঁত দীপ্তি! তোমার কৃপায়ই আমরা এ পৃথিবীতে পাস্কা-রহস্য উদ্‌যাপন করতে সক্ষম! তাই আশীর্বাদ কর, আমরা যেন তোমার অনুগ্রহের পূর্ণতা লাভে চিরকালের মত আনন্দ করতে পারি।

৫ম সপ্তাহ: হে প্রভু, তোমার ডান হাতের নিত্য নহায়তা দানে তোমার পরিবারভুক্ত ভক্তদের ঘিরে রাখ: তোমার একমাত্র পুত্রের পুনরুত্থান গুণে ক্ষতিকর সমস্ত কিছু থেকে রক্ষা পেয়ে আমরা যেন তোমার স্বর্গীয় মঙ্গলদান গ্রহণের ফলে তোমার পথে এগিয়ে চলতে পারি।

৬ষ্ঠ সপ্তাহ: হে দয়াবান ঈশ্বর, পাস্কা-উৎসব পালনে যে ফল উৎপন্ন হয়, তোমার কৃপায় আমরা যেন তা ভোগ করতে পারি চিরকাল।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

১ম সপ্তাহ: সাম ১, ১৬, ২৮
২য়–৬ষ্ঠ সপ্তাহ: সাধারণ ব্যবস্থা।

ধুয়ো: খ্রীষ্ট * পুনরুত্থান করেছেন!
আপন রক্তমূল্যে বিমুক্ত তাঁর আপন জাতিকে তিনি আলোকিত করলেন। আল্লেলুইয়া।

℣ জীবনময় ঈশ্বরের জন্য, আল্লেলুইয়া;
℟ আনন্দচিৎকারে ফেটে পড়ে আমার হৃদয়, আমার দেহ। আল্লেলুইয়া।

২য় পর্ব

১ম সপ্তাহ: সাম ৩০, ৬৬, ৭৬
২য়–৬ষ্ঠ সপ্তাহ: সাধারণ ব্যবস্থা।

ধুয়ো: তোমরা * খ্রীষ্টের সঙ্গে পুনরুত্থান করেছ:
ঊর্ধ্বলোকের বিষয়ের অন্বেষণ কর। আল্লেলুইয়া।

℣ যারা জীবিত, তারা যেন নিজেদের জন্য আর জীবন যাপন না করে। আল্লেলুইয়া।
℟ বরং তাঁরই জন্য জীবন যাপন করে, যিনি তাদের হয়ে মৃত্যু বরণ করেছেন
ও পুনরুত্থিত হয়েছেন। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

৩য় পর্ব

৩য় পর্বটি শুধু ১ম সপ্তাহে অনুষ্ঠিত হবে। সবকিছু পাস্কাকালের রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৭৭।

প্রভাতী বন্দনা

১ম সপ্তাহ: সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮১।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৫ম ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ১০:৮খ-১০**

সেই বাণী তোমার অতি নিকটবর্তী, তা তোমার মুখে ও তোমার হৃদয়ে। অর্থাৎ, এ হলো বিশ্বাসের বাণী, যে বিশ্বাস আমরা প্রচার করি; কেননা মুখে তুমি যদি যীশুকে প্রভু বলে স্বীকার কর এবং হৃদয়ে যদি বিশ্বাস কর যে ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তাহলে তুমি পরিত্রাণ পাবে। কেননা হৃদয়ে বিশ্বাস করেই তো মানুষ লাভ করে ধর্মময়তা, আর মুখে তা স্বীকার করেই তো সে লাভ করে পরিত্রাণ।

শ্লোক

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: শীঘ্রই গিয়ে * তোমরা শিষ্যদের বল,
প্রভু পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ: আমি * তোমাকে সত্যি সত্যিই বলছি,
উর্ধ্বলোক থেকে জন্ম না নিলে কেউ ঈশ্বরের রাজ্য দেখতে পারে না। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ: নশ্বর খাদ্যের জন্য কাজ করো না, * বরং সেই খাদ্যেরই জন্য কাজ কর,
যা অনন্ত জীবনের উদ্দেশে থেকে যায়। আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ: আমিই উত্তম মেষপালক। * আমি আমার মেষগুলিকে যত্ন করি
আর তাদের জন্য আমার নিজের প্রাণ বিসর্জন দিই। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ: যে আমাকে ভালবাসে, * সে হবে আমার পিতার ভালবাসার পাত্র,
আমিও তাকে ভালবাসব, এবং তার কাছে আত্মপ্রকাশ করব। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ: পিতা * মৃতদের মধ্য থেকে যীশুখ্রীষ্টের পুনরুত্থান দ্বারা
এক জীবন্ত আশার উদ্দেশে, অক্ষয়শীল এক উত্তরাধিকারের উদ্দেশেই
আমাদের নবজন্ম দান করেছেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

পরম পিতা যাঁকে গৌরবান্বিত করেছেন এবং জগতের প্রভু পদে উন্নীত করেছেন, আসুন, ভক্তিভরে আমাদের সেই ত্রাণকর্তা খ্রীষ্টকে ডাকি:

তোমার গৌরবময় পুনরুত্থানের খাতিরে আমাদের ত্রাণ কর, প্রভু।

-প্রভু যীশু, তুমি পাপ ও মৃত্যু ধ্বংস করে নরকের শক্তি নিঃশেষিত করেছ। সাহায্য কর, আমরা যেন আজ ও সবসময় যত অনিষ্ট জয় করতে পারি।

-মৃত্যুর প্রভাব শেষ করে দিয়ে তুমি আমাদের নতুন জীবন দিয়েছ। শক্তি দাও, আমরা যেন এই নতুন জীবনের পথে অবিরত চলতে থাকি।

-তোমার পুনরুত্থানের ফলেই আমরা পাপের দাসত্ব থেকে ঈশ্বরের সন্তানদের স্বাধীনতায় উত্তীর্ণ হয়েছি। আমাদের সকল প্রতিবেশী ভাইবোনের উপর তোমার শান্তি বর্ষণ কর।

-তুমি তোমার নির্যাতকদের স্পর্ধা ও অহঙ্কার তোমার কোমলতা দ্বারাই নমিত করেছিলে। দরিদ্রকে রক্ষা কর, অত্যাচারিতকে মুক্তিদান কর, সকল মানুষকে তোমার পাস্কার আনন্দে আনন্দিত করে তোল।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ
খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থানে যাঁর গৌরব উজ্জ্বল প্রকাশ পায়, আসুন, সেই পিতার কাছে মিনতি নিবেদন করি :

হে প্রভু, আমাদের জীবন উজ্জ্বল করে তোল।

-হে জ্যোতির্ময় পিতা, তুমি তোমার পুনরুত্থিত পুত্রের আলোতে জগৎকে আলোকিত করেছ। এদিনে বিশ্বাসের আলোতে আমাদের চালিত কর।

-খ্রীষ্টের মধ্য দিয়ে তুমি অনন্ত জীবনের দুয়ার উন্মুক্ত করেছ। আশীর্বাদ কর, স্বর্গধামের আশায় অনুপ্রাণিত হয়ে আমরা যেন এ জগতের মঙ্গল সাধনে আত্মনিবেদন করি।

-তোমার পুত্রের মধ্য দিয়ে তুমি তোমার পবিত্র আত্মাকে আমাদের দান করেছ। সেই আত্মার প্রেরণায় আমরা যেন তোমার অসীম প্রেমের সাক্ষী হতে পারি।

-তোমার পুত্র জগতের মুক্তির জন্যই জীবন দিয়েছেন। তাঁর মৃত্যু ও পুনরুত্থান গুণে সকল মানুষকে পরিত্রাণ ও শান্তি দান কর।

পূর্বাহ্ণ প্রহর

১ম সপ্তাহ
ধুয়ো : হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **প্রত্যা ১:১৭গ-১৮**

আমি মানবপুত্রকে দেখলাম ; তিনি আমাকে বললেন, আমি প্রথম ও শেষ ও সেই জীবনময়। আমি ছিলাম মৃত, আর দেখ, সেই আমি আজ জীবিত চিরকালের মত, আর আমার হাতে রয়েছে মৃত্যু ও পাতালের চাবিকাঠি।

১ম সপ্তাহ
℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া ;
℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

১ম সপ্তাহ
ধুয়ো : দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ২:৯-১০ক,১২**

খ্রীষ্টে ঈশ্বরত্বের সমস্ত পূর্ণতা দেহগতরূপে বসবাস করে, আর তোমরা তো তাঁরই মধ্যে তোমাদের নিজেদের পরিপূর্ণতা লাভ কর। দীক্ষাস্নানে তোমরা তাঁর সঙ্গে সমাহিত হয়েছ, এবং যিনি মৃতদের মধ্য থেকে তাঁকে পুনরুত্থিত করেছেন, সেই ঈশ্বরের কর্মশক্তিতে বিশ্বাস দ্বারা তোমরা সেই দীক্ষাস্নানে তাঁর সঙ্গে পুনরুত্থানও করেছ।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,

℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো : স্বর্গদূত * নারীদের বললেন, 'ভয় পেয়ো না :
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।' আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **২ তি ২:৮,১১**

মনে রেখ যে দাউদের বংশধর যীশুখ্রীষ্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়েছেন—আমার [প্রচারিত] সুসমাচার অনুসারে। একথা বিশ্বাস্য যে, আমরা যদি তাঁর সঙ্গে মরি, তবে জীবিতও থাকব তাঁর সঙ্গে।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া ;

℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

১ম সপ্তাহ : সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮৫।
২য়–৬ষ্ঠ সপ্তাহ : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ৮:১খ-৩ক**

আমাদের এমনই এক মহাযাজক আছেন যিনি স্বর্গলোকে ঐশমহিমার সিংহাসনের ডান পাশে আসন নিয়েছেন : তিনি পবিত্রধাম ও সত্যকার তাঁবুর সেবক—যে তাঁবু স্বয়ং প্রভুই স্থাপন করেছেন, কোন মানুষ নয়। প্রতিটি মহাযাজক অর্ঘ্য ও বলি উৎসর্গ করতেই নিযুক্ত হন।

শ্লোক

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ট শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র তাঁরা প্রভুকে দেখতে পেলেন ব'লে।
ট আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
ট শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো
১ম সপ্তাহ: আর হঠাৎ * তাঁদের সঙ্গে দেখা করতে স্বয়ং যীশু এসে উপস্থিত;
তিনি বললেন, শান্তি।
আর তাঁরা কাছে এসে তাঁর পা দু'টো জড়িয়ে ধরে
তাঁর সামনে প্রণিপাত করলেন। আল্লেলুইয়া।
২য় সপ্তাহ: মাংস থেকে * যা জন্মায়, তা মাংসই,
আত্মা থেকে যা জন্মায় তা আত্মাই। আল্লেলুইয়া।
৩য় সপ্তাহ: তিনি * যাঁকে প্রেরণ করেছেন তাঁর প্রতি বিশ্বাস রাখা,
এটিই ঈশ্বরের কাজ। আল্লেলুইয়া।
৪র্থ সপ্তাহ: আমার আরও মেষ আছে, * যারা এই ঘেরির নয়,
তাদেরও আমাকে নিয়ে আসতে হবে;
আর তারা আমার কণ্ঠে কান দেবে;
তখন থাকবে একটামাত্র মেষপাল, একটিমাত্র মেষপালক। আল্লেলুইয়া।
৫ম সপ্তাহ: সেই সহায়ক, * সেই পবিত্র আত্মা,
আমার নামে যাঁকে পিতা পাঠাবেন,
তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন,
আর আমি যা কিছু তোমাদের বলেছি,
তিনি তোমাদের তা স্মরণ করিয়ে দেবেন। আল্লেলুইয়া।
৬ষ্ঠ সপ্তাহ: সেই সত্যময় আত্মা,
যিনি পিতার কাছ থেকেই আসেন,
তিনি নিজে আমার বিষয়ে সাক্ষ্য দেবেন।
তোমরাও আমার সাক্ষী হবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন
১ম, ৩য়, ৫ম সপ্তাহ
যিনি পবিত্র আত্মার প্রভাবে পুনরুজ্জীবিত হয়ে জীবনের উৎস হয়ে উঠলেন, আসুন, আশ্বাস নিয়ে সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, আমাদের নবীন করে তোল।

-হে বিশ্বত্রাতা, হে নবসৃষ্টির রাজা, তোমার সেই রাজ্যেই আমাদের মন উন্নীত কর যেখানে তুমি পিতার ডান পাশে সমাসীন।

-তুমি তোমার মণ্ডলীতে নিত্য উপস্থিত। পবিত্র আত্মা দ্বারা তাকে পূর্ণ সত্যের মধ্যে চালিত কর।

-অসুস্থ, দুর্দশাগ্রস্ত, মরণাপন্নদের প্রতি করুণা দেখাও, তারা যেন তোমার প্রেমের স্পর্শে শক্তি ও সান্ত্বনা পেতে পারে।

-হে জাজ্বল্যমান জ্যোতি খ্রীষ্ট, এই সায়ংসন্ধ্যার অর্ঘ্য প্রসন্নতার সঙ্গে গ্রহণ কর; আমাদের মৃত ভাইবোনদের তোমার অনন্ত গৌরবের প্রভায় জাগিয়ে তোল।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

যিনি আপন পুনরুত্থানের উজ্জ্বল গৌরবে বিশ্বজগৎকে আলোকিত করেছেন, আসুন, সেই খ্রীষ্টকে ডাকি :

হে জীবনস্বামী খ্রীষ্ট, আমাদের প্রার্থনা শোন।

-তুমি একদিন এম্মাউসের পথে সেই দু'জন শিষ্যের সঙ্গে পথ চলেছিলে। আজও ইহলোকে প্রবাসী তোমার মণ্ডলীর সঙ্গে পথ চলতে থাক।

-সহায়তা কর, যারা তোমার নিজের নাম বহন করে তারা তোমার বাণী শোনা থেকে যেন কখনও বিরত না থাকে; তুমি যে মৃত্যুঞ্জয়, তারা যেন এ পরম সত্যের বিশ্বাসযোগ্য সাক্ষী হতে পারে।

-যারা এখনও তোমাকে চেনে না, তাদের উপর সদয় দৃষ্টিপাত কর, তারাও যেন শীঘ্রই তোমাকে ত্রাণকর্তা বলে স্বীকার করে।

-তোমার ক্রুশীয় আত্মবলিদানের মাধ্যমে তুমি সকল মানুষকে পুনর্মিলিত করেছ। এই চঞ্চল জগৎকে নিত্যস্থায়ী শান্তি ও একতা দান কর।

-তুমি জীবিত ও মৃতদের বিচারকর্তা। যাঁরা তোমাতে বিশ্বাস রেখে ইহলোক ত্যাগ করেছেন, আমাদের সেই সকল ভাইবোনকে তোমার শান্তিরাজ্যে গ্রহণ কর।

মঙ্গলবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে ঈশ্বর, তুমি যখন আমাদের উপর পাস্কা-সাক্রামেন্ত-ধারা বর্ষণ করেছ, তখন তোমার জনগণকে তোমার অবিরত স্বর্গীয় মঙ্গলদানে ধন্য কর, পূর্ণ স্বাধীনতা লাভ ক'রে তারা যে আনন্দ এ পৃথিবীতে পূর্বাস্বাদন করে, স্বর্গেও যেন সেই আনন্দে উচ্ছ্বসিত হতে পারে।

২য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর, আমরা যেন পুনরুত্থিত প্রভুর শক্তির মাহাত্ম্য প্রচার করতে পারি: আমরা যখন তাঁর ত্রাণকর্মের অগ্রিম দান পেয়েছি, তখন যেন সেই পূর্ণ বিকশিত দানের অধিকারী হতে পারি।

৩য় সপ্তাহ: হে ঈশ্বর, জল ও পবিত্র আত্মায় নবজন্ম লাভ করেছে যারা, তুমি তো তাদের জন্য স্বর্গরাজ্যের দ্বার উন্মুক্ত কর। তোমার সন্তানদের অন্তরে দীক্ষাস্নানে দেওয়া তোমার সেই অনুগ্রহ বৃদ্ধি কর, তোমার পিতৃস্নেহে যা দেবে বলে প্রতিশ্রুত হয়েছ, সমস্ত পাপ থেকে পরিশুদ্ধ হয়ে উঠে তারা যেন তা থেকে আদৌ বঞ্চিত না হয়।

৪র্থ সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, আমরা যারা প্রভুর পুনরুত্থান-রহস্য পালন করছি, তোমার আশীর্বাদে আমরা যেন আমাদের মুক্তিলাভের আনন্দ গ্রহণের যোগ্য হতে পারি।

৫ম সপ্তাহ: হে ঈশ্বর, খ্রীষ্টের পুনরুত্থানে তুমি অনন্ত জীবনের উদ্দেশে আমাদের পুনঃপ্রতিষ্ঠিত করে থাক। তোমার জনগণকে বিশ্বাস ও আশায় স্থিতমূল কর, তুমি নিজে যা অঙ্গীকার করেছ, তা পাবার নিশ্চয়তা আমরা যেন কখনও সন্দেহ না করি।

৬ষ্ঠ সপ্তাহ: হে সর্বশক্তিমান দয়াবান ঈশ্বর, আশীর্বাদ কর, আমরা যেন সত্যিই তোমার পুত্র সেই খ্রীষ্টের পুনরুত্থানের সহভাগী হতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো: পিতা * খ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত ক'রে
স্বর্গলোকে আপন ডান পাশেই তাঁকে আসন দিয়েছেন। আল্লেলুইয়া।

℣ আমাদের জন্য যিনি ক্রুশে ঝুলেছেন, আল্লেলুইয়া;
℟ সেই প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো: আমরা বিশ্বাস করি, * একথা জেনে যে,
যিনি যীশুকে পুনরুত্থিত করেছেন,
তিনি যীশুর সঙ্গে আমাদেরও পুনরুত্থিত করবেন। আল্লেলুইয়া।

℣ ঈশ্বর খ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন; আল্লেলুইয়া।
℟ যেন আমাদের বিশ্বাস ও আশা ঈশ্বরেই থাকে। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সপ্তাহ: সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮১।
২য়–৬ষ্ঠ সপ্তাহ
১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
৫ম ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ১৩:৩০-৩৩**

ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করে তুললেন। আর যাঁরা গালিলেয়া থেকে তাঁর সঙ্গে যেরুসালেমে এসেছিলেন, তিনি অনেক দিন ধরে তাঁদের দেখা দিলেন; ঠিক তাঁরাই এখন জনগণের সামনে তাঁর সাক্ষী। আর আমরা নিজেরা আপনাদের কাছে এই শুভসংবাদ জানাচ্ছি যে, আমাদের পিতৃপুরুষদের কাছে ঈশ্বর যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তিনি যীশুকে পুনরুত্থিত করায় তাঁদের বংশধর আমাদের জন্যই তা পূর্ণ করেছেন, যেমন দ্বিতীয় সামসঙ্গীতে লেখা আছে: 'তুমি আমার পুত্র; আমি আজ তোমাকে জন্ম দিলাম।'

শ্লোক
১ম সপ্তাহ
℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকার ধুয়ো
১ম সপ্তাহ: যীশু * তাঁকে বললেন, 'মারীয়া!'
ফিরে দাঁড়িয়ে তিনি বললেন, 'রাব্বুনি।'
যীশু তাঁকে বললেন, 'আমাকে আঁকড়ে ধরো না!
আমি পিতার কাছে এখনও আরোহণ করিনি।' আল্লেলুইয়া।
২য় সপ্তাহ: আমি আল্ফা, * আমি ওমেগা, আমি প্রথম, আমি শেষ।
আমি দাউদ বংশের মূল শিকড়, আমি উজ্জ্বল প্রভাতী তারা। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ : আমি * তোমাদের সত্যি সত্যিই বলছি :
মোশীই যে স্বর্গ থেকে রুটি তোমাদের দান করেছেন তা নয়,
আমার পিতাই স্বর্গ থেকে সত্যকার রুটি
তোমাদের দান করছেন। আল্লেলুইয়া।
৪র্থ সপ্তাহ : আমার পিতার নামে * যে সমস্ত কাজ সাধন করি,
সেগুলিই আমার বিষয়ে সাক্ষ্য দেয়। আল্লেলুইয়া।
৫ম সপ্তাহ : আমি * তোমাদের কাছে শান্তি রেখে যাচ্ছি,
আমারই শান্তি তোমাদের দান করছি। আল্লেলুইয়া।
৬ষ্ঠ সপ্তাহ : আর অল্পকাল,
পরে জগৎ আমাকে আর দেখতে পাবে না,
কিন্তু তোমরা আমাকে দেখতে পাবে,
কারণ আমি জীবিত আছি, তোমরাও জীবিত থাকবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

মৃত্যু দ্বারা ধ্বংসিত আপন দেহকে যিনি স্বশক্তিতে পুনঃপ্রতিষ্ঠিত করে তুললেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি জানাই :

হে প্রভু, তোমার পুনরুত্থানের আশিসধারা আমাদের উপর বর্ষণ কর।

-হে প্রভু, পুনরুত্থান করে তুমি সশরীরেই নারীদের ও শিষ্যদের কাছে পরিত্রাণের শুভসংবাদ প্রচার করেছিলে। কৃপা কর, আমরা যেন তোমার প্রকৃত সাক্ষী হতে পারি।

-তুমি সকলের কাছে মৃত্যু থেকে পুনরুত্থানের প্রতিশ্রুতি দিয়েছিলে। তোমার আশীর্বাদে আমরা যেন এ সুসংবাদ বহন করে মানুষকে আশা দিতে পারি।

-প্রেরিতদূতদের কাছে দর্শন দিয়ে তুমি তাঁদের উপরে পবিত্র আত্মাকে বর্ষণ করেছিলে। আমাদের উপরেও সেই সৃজনকারী ও নবীকরণকারী আত্মাকে বর্ষণ কর।

-শিষ্যদের কাছে প্রতিশ্রুতি দিয়ে তুমি বলেছিলে, তুমি জগতের শেষ দিন পর্যন্ত তাঁদের সঙ্গে থাকবে। সেই প্রতিশ্রুতি মত আজ ও সবসময় আমাদের সঙ্গে থেকো।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

নিষ্কলঙ্ক মেষশাবক খ্রীষ্টের মাধ্যমে যিনি জগতের পাপ হরণ করেন, আসুন, বিশ্বাসের সঙ্গে সেই পিতা ঈশ্বরের কাছে প্রার্থনা করি :

জীবনের উৎস প্রভু, তোমার জনগণের পরিত্রাণ সাধন কর।

-হে পিতা, আমাদের জন্য যিনি ক্রুশবিদ্ধ ও পুনরুত্থিত হয়েছেন, শোন তোমার সেই প্রিয় পুত্রের কণ্ঠস্বর : তিনি তো আমাদের পরিত্রাণের জন্যই আমাদের হয়ে প্রার্থনা করেন।

-কৃপা কর, প্রাক্তন জীবনের যত অনিষ্ট ও অহঙ্কার ফেলে দিয়ে আমরা বরং যেন সত্য ও বিশ্বস্ততার শরণেই পাস্কা-মর্মসত্য উদ্‌যাপন করতে পারি।

-সহায়তা কর, হিংসা-বিভেদের যত প্রলোভন জয় করে আমরা যেন নিঃস্বার্থভাবেই আমাদের ভাইবোনদের সান্ত্বনা ও সাহায্য দিতে পারি।

-আশীর্বাদ কর, আমাদের মধ্যে যেন সবসময় সুসমাচারের মনোভাবই বিরাজ করে; আজ ও সবসময় তোমার আদেশের পথে আমাদের চালিত কর।

পূর্বাহ্ণ প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো: হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ৩:১-২**

তোমরা যখন খ্রীষ্টের সঙ্গে পুনরুত্থিত হয়েছ, তখন সেই ঊর্ধ্বলোকের বিষয়ের অন্বেষণ কর, যেখানে ঈশ্বরের ডান পাশে সমাসীন হয়ে খ্রীষ্ট রয়েছেন। ঊর্ধ্বলোকেরই বিষয়গুলো ভাব, মর্তলোকের বিষয়গুলো নয়।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;
℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো: দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ পি ৩:২১-২২ক**

দীক্ষাস্নান আমাদের ত্রাণ করে; দীক্ষাস্নান তো দেহের মলিনতা মোচনের ব্যাপার নয়, বরং ঈশ্বরের কাছে নিবেদিত সদ্বিবেকের পণ—সেই যীশুখ্রীষ্টের পুনরুত্থান গুণে, যিনি ঈশ্বরের ডান পাশে রয়েছেন।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,
℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো: স্বর্গদূত * নারীদের বললেন, 'ভয় পেয়ো না:
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।' আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ৪:১১-১২**

খ্রীষ্টই সেই প্রস্তর, যা গৃহনির্মাতা এই আপনাদের দ্বারা প্রত্যাখ্যাত হয়ে সংযোগপ্রস্তর হয়ে উঠেছে। আর অন্য কারও কাছে পরিত্রাণ নেই! কারণ আকাশের নিচে মানুষের কাছে যত নাম দেওয়া থাকুক না কেন, কেবল এই নামগুণেই আমরা পরিত্রাণ পেতে পারি বলে স্থির করা আছে।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া ;

℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

১ম সপ্তাহ : সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮৫।
২য়–৬ষ্ঠ সপ্তাহ : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ পি ২:৪-৫**

মানুষের দৃষ্টিতে উপেক্ষিত, কিন্তু ঈশ্বরের দৃষ্টিতে মনোনীত ও মহামূল্যবান জীবন্ত প্রস্তর সেই প্রভুর কাছে এগিয়ে এসে তোমরাও, জীবন্ত প্রস্তরেরই মত, এক পবিত্র যাজকত্বের উদ্দেশে এক আত্মিক গৃহরূপে নির্মিত হচ্ছ, যেন যীশুখ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের গ্রহণযোগ্য আত্মিক যজ্ঞ উৎসর্গ করতে পার।

শ্লোক

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তাঁরা প্রভুকে দেখতে পেলেন ব'লে।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : সমাধিমন্দিরে গিয়ে * আমি কাঁদছিলাম।
তখন প্রভুকে দেখলাম। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ : পথে * যখন তিনি আমাদের সঙ্গে কথা বলছিলেন,
তখন আমাদের বুকে হৃদয় কি উদ্দীপ্ত হয়ে উঠছিল না? আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ : সে-ই * ঈশ্বরের দেওয়া রুটি,
স্বর্গ থেকে অবতীর্ণ হয়ে যে রুটি জগৎকে জীবন দান করে। আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ : আমি * আমার মেষগুলিকে জানি, আর তারা আমাকে জানে।
আমি তাদের দান করি অনন্ত জীবন। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ : তোমরা * যদি আমাকে ভালবাসতে,
তবে পিতার কাছে যাচ্ছি বলে তোমাদের আনন্দ হত। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ : আমি * তোমাদের বলছি,
আমার চলে যাওয়াটা তোমাদের পক্ষে ভাল,
কারণ আমি চলে না গেলে
সেই সহায়ক তোমাদের কাছে আসবেন না। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

গৌরবময় জ্যোতিতে উত্থিত হবার জন্য যিনি পৃথিবীর বুকে সমাহিত হয়েছিলেন, আসুন, আনন্দের সঙ্গে সেই

খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি :

হে গৌরবের রাজা, আমাদের প্রার্থনা শোন।

-বিশপ, পুরোহিত ও পরিসেবকদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন নিজেদের কাজে আত্মনিবেদিত হয়ে কাজ করেন এবং তোমার কাছে এক গ্রহণযোগ্য জনসমাজকে অর্পণ করতে পারেন।

-যাঁরা মণ্ডলীতে ধর্মশিক্ষা প্রদানের দায়িত্ব পেয়েছেন, তাঁদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন দায়িত্বশীলভাবে সত্যের অন্বেষণ করেন।

-তোমার সকল ভক্তদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন পুণ্যকর্ম দ্বারা এই জীবনযাত্রা সার্থক ক'রে একদিন স্বর্গলোকে বিজয়মুকুট লাভ করতে পারেন।

-তোমার ক্রুশ দ্বারা তুমি অভিশাপের দন্ড থেকে আমাদের রেহাই দিয়েছ। পাপের অন্ধকার থেকে আমাদের মুক্ত কর।

-মৃত্যুলোকে নেমে গিয়ে তুমি তার দরজা খুলে দিয়েছিলে। সকল মৃতজনকে পরম পিতার গৃহে গ্রহণ কর।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

আপন পুনরুত্থান দ্বারা যিনি তাঁর আপন জনগণকে অনন্ত জীবনলাভের আশায় সুস্থির করেছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি :

হে চিরজীবনময় খ্রীষ্ট, আমাদের প্রার্থনা শোন।

-হে প্রভু যীশু, তোমার বিদীর্ণ বুক থেকে নিঃসৃত হয়েছিল রক্ত আর জল। সেই জল ও রক্ত দ্বারা তোমার মন্ডলীকে শুচিশুভ্র ও পবিত্র করে তোল।

-তুমি পিতরের হাতে তোমার জনগণের পালকীয় সেবা-যত্নের ভার তুলে দিয়েছিলে। আমাদের পোপ ...কে রক্ষা কর; তাঁর অন্তরে ঐশপ্রেম সঞ্চার কর, তিনি যেন তোমার পবিত্র মন্ডলীকে উত্তমরূপে সেবাযত্ন করতে পারেন।

-তুমি একদিন গালিলেয়ার সেই জেলেদের তোমার রাজ্যের প্রেরিতদূত করে তুলেছিলে। তোমার মন্ডলীতে আরও কর্মী পাঠাও যাঁরা তোমার পরিত্রাণকর্ম চালিয়ে যাবেন।

-গালিলেয়া সাগরের তীরে তুমি তোমার শিষ্যদের জন্য রুটি ও মাছ প্রস্তুত করেছিলে। কৃপা কর, আমাদের কারণে যেন কোনও মানুষের খাদ্যের অভাব না হয়।

-হে নব আদম, হে জীবনদাতা, আমাদের মৃত ভাইবোনেরা যেন তোমার গৌরবময় সাদৃশ্য অর্জন ক'রে তোমার দিব্য আনন্দ পূর্ণমাত্রায় উপভোগ করতে পারেন।

বুধবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ : হে ঈশ্বর, প্রভুর পুনরুত্থানের বার্ষিক উৎসব পালনে তুমি আমাদের আনন্দিত করে তোল। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : এ পাস্কা-উৎসব পালনের মধ্য দিয়ে আমরা যেন শাশ্বত আনন্দে পৌঁছবার যোগ্য হয়ে উঠি।

২য় সপ্তাহ : হে পিতা, যে পাস্কা-রহস্য দ্বারা মানুষ তার আদিমর্যাদায় পুনঃপ্রতিষ্ঠিত হয়ে পুনরুত্থানের আশা পেয়েছে, সেই পাস্কা-রহস্য প্রতি বছর স্মরণ ক'রে আমরা তোমাকে অনুনয় করি : বিশ্বাসে যা পালন করি, তা যেন নিত্যনব ভক্তিতে ভোগ করতে পারি।

৩য় সপ্তাহ : হে প্রভু, অনুনয় করি : তোমার পরিবারভুক্ত ভক্তদের পাশে এসে দাঁড়াও : যাদের তুমি বিশ্বাসের অনুগ্রহে ভূষিত করেছ, তারা যেন চিরকালের মত তোমার একমাত্র পুত্রের পুনরুত্থানের গৌরবের সহভাগী হতে পারে।

৪র্থ সপ্তাহ : হে ঈশ্বর, তুমি ভক্তজনের জীবন, নম্রচিত্তের গৌরব, ধার্মিকের আনন্দ। যারা তোমাকে ডাকে, প্রসন্ন হয়ে তাদের মিনতি শোন : তোমার প্রতিশ্রুত দানের আকাঙ্ক্ষায় তৃষিত যারা, তারা যেন তোমার বদান্যতা লাভে নিত্য পরিতৃপ্ত হয়ে ওঠে।

৫ম সপ্তাহ: হে ঈশ্বর, হে ঈশ্বর, তুমি নির্মলতায় প্রীত, এবং অনুতপ্ত মানুষকে সর্বদাই নির্মলতা ফিরিয়ে দাও। তাই অনুনয় করি: অবিশ্বাসের তমসা থেকে যাদের তুমি মুক্ত করেছ, তোমার সেই সেবকগণ যেন তোমার সত্যের আলো থেকে কখনও সরে না যায়।

৬ষ্ঠ সপ্তাহ: হে প্রভু, মিনতি জানাই: প্রতি বছর আমরা যেমন তোমার পুত্রের পুনরুত্থানের পর্বোৎসব রহস্যের আড়ালে পালন করি, তেমনি তোমার আশীর্বাদে যেন তাঁর পুনরাগমনে নিখিল সাধুসাধ্বীর সঙ্গে আনন্দে মেতে উঠতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো: যাঁকে * বধ করা হয়েছিল,
সেই মেষশাবক সম্মান, গৌরব ও স্তুতি গ্রহণের যোগ্য। আল্লেলুইয়া।

℣ হে খ্রীষ্ট, তোমার পুনরুত্থানের জন্য, আল্লেলুইয়া;
℟ স্বর্গমর্ত আনন্দিত। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো: তোমাদের মুক্তিপণ হল * সেই খ্রীষ্টেরই মূল্যবান রক্ত,
যিনি নিষ্কলঙ্ক ও নির্দোষ মেষশাবক স্বরূপ। আল্লেলুইয়া।

℣ ঈশ্বর প্রভুকে পুনরুত্থিত করেছেন, আল্লেলুইয়া।
℟ নিজ পরাক্রম দ্বারা আমাদেরও পুনরুত্থিত করবেন। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সপ্তাহ: সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮১।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৫ম ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৬:৮-১১**

খ্রীষ্টের সঙ্গে আমাদের যখন মৃত্যু হয়েছে, তখন আমরা বিশ্বাস করি যে তাঁর সঙ্গে জীবিতও থাকব। কারণ আমরা জানি, মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন বলে খ্রীষ্টের আর মৃত্যু নেই, তাঁর উপর মৃত্যুর আর কোন কর্তৃত্ব নেই। বস্তুত তিনি যে মৃত্যু ভোগ করেছেন, তাতে একবার চিরকালের মত পাপেরই কাছে মরলেন; কিন্তু যে জীবন ভোগ করছেন, তাতে তিনি ঈশ্বরের উদ্দেশেই জীবিত আছেন। একই প্রকারে, নিজেদের সম্বন্ধে সচেতন হও যে, তোমরাও পাপের কাছে মৃত, কিন্তু খ্রীষ্টযীশুতে ঈশ্বরের উদ্দেশে জীবিত।

শ্লোক

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

℣ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : মোশী * ও সকল নবী থেকে শুরু ক'রে
তিনি সমস্ত শাস্ত্রে তাঁর নিজের বিষয়ে যে সকল কথা আছে,
তার অর্থ তাদের বুঝিয়ে দিলেন। আল্লেলুইয়া।
২য় সপ্তাহ : ঈশ্বর * জগৎকে এত ভালবেসেছেন যে,
তাঁর একমাত্র পুত্রকে দান করেছেন,
তাঁর প্রতি যে কেউ বিশ্বাস রাখে, তার যেন বিনাশ না হয়,
কিন্তু অনন্ত জীবন পেতে পারে। আল্লেলুইয়া।
৩য় সপ্তাহ : যে কেউ * পুত্রকে দেখে ও তাঁর প্রতি বিশ্বাস রাখে,
সে অনন্ত জীবন পেয়ে গেছে,
আর আমি শেষ দিনে তাকে পুনরুত্থিত করব। আল্লেলুইয়া।
৪র্থ সপ্তাহ : আমি * আলো হিসাবেই এই জগতে এসেছি,
যারা আমার প্রতি বিশ্বাসী, তারা যেন অন্ধকারে আর না থাকে। আল্লেলুইয়া।
৫ম সপ্তাহ : আমি আঙুরলতা ; আল্লেলুইয়া ;
তোমরা শাখা। আল্লেলুইয়া।
৬ষ্ঠ সপ্তাহ : তোমাদের কাছে * আমার এখনও অনেক কিছু বলার আছে ;
কিন্তু তোমরা এখন তা সহ্য করতে পার না।
তিনি যখন আসবেন, সেই সত্যময় আত্মা,
তিনিই পূর্ণ সত্যের মধ্যে তোমাদের চালনা করবেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি আমাদের পাপের কারণে মৃত্যুবরণ করেছেন এবং ঈশ্বরের সঙ্গে আমাদের পুনর্মিলিত করার জন্য পুনরুত্থান করেছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি জানাই :

তোমার পুনরুত্থান গুণে, প্রভু, আমাদের ত্রাণ কর।

-মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করে তুমি আমাদের নিশ্চিত করেছ, আমরা অনন্ত জীবন পাব। তোমার আত্মার শক্তিতে তুমি আজ আমাদের চালিত কর।

-স্বর্গদূতেরা তোমার স্তুতিগান করেন, মর্তবাসীরা তোমার পূজা করে। আশীর্বাদ কর, এ পাস্কাকালে আমরা যেন সমস্ত হৃদয় দিয়ে তোমার আরাধনা করতে পারি।

-আমরা যারা তোমার পুনরুত্থানে আশা রাখি, আমাদের উপর সস্নেহ দৃষ্টিপাত কর, আমরা যেন যত অমঙ্গল থেকে নিষ্কৃতি পাই।

-হে সনাতন রাজা, আমরা তোমার পুনরাগমনের দিকে চেয়ে আছি। আমাদের আশা : গৌরবধামে চিরকালের মত তোমার সঙ্গে রাজত্ব করব।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করে যিনি প্রেরিতদূতদের কাছে ঐশগৌরবে দেখা দিলেন, আসুন, সেই প্রভু যীশুর নামে পরম পিতাকে ডাকি :

তোমার পুত্রের আলোতে, পিতা, তোমার জনগণকে আলোকিত কর।

-তুমি অন্ধকার থেকে জ্যোতির্লোকে আমাদের আহ্বান করেছ। আমাদের স্তুতির অর্ঘ্য গ্রহণ কর, তোমার প্রেমের

স্পর্শে আমাদের ধন্য কর।

-যারা ন্যায় ও শান্তি প্রতিষ্ঠা করার জন্য আপ্রাণ চেষ্টা করে, তোমার পবিত্র আত্মার শক্তিদানে তাদের অন্তর সুদৃঢ় করে তোল। তোমার আশীর্বাদে জগৎ যেন প্রকৃত সুখ দেখতে পায়।

-আমাদের অন্তরে এমন প্রেরণা জাগাও, আমরা যেন ভাইবোনদের সেবা করে তোমার সেবা করি; আমরা যেন গোটা বিশ্বকে তোমার গ্রহণীয় নৈবেদ্যে পরিণত করি।

-তোমার উপস্থিতিতে এ নতুন দিনের সূত্রপাত ধন্য কর; আমরা যেন সারাদিন ধরে তোমার প্রশংসাবাদে রত থাকতে পারি।

পূর্বাহ্ন প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো: হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৪:২৪খ-২৫**

আমরা তাঁকেই বিশ্বাস করি যিনি আমাদের প্রভু যীশুখ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, সেই যে যীশুকে আমাদের অপরাধের জন্য মৃত্যুর হাতে তুলে দেওয়া হয়েছে এবং আমাদের ধর্মময়তার লক্ষ্যে পুনরুত্থিত করা হয়েছে।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;
℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো: দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ যোহন ৫:৫-৬ক**

কেবা জগৎকে জয় করতে পারে, সে-ই ছাড়া যে বিশ্বাস করে, যীশু ঈশ্বরের পুত্র? তিনিই জল ও রক্তের মধ্য দিয়ে এসেছেন: সেই যীশুখ্রীষ্ট! শুধু জলে নয়, জলে ও রক্তে।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,
℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ন প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো : স্বর্গদূত * নারীদের বললেন, ‘ভয় পেয়ো না :
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।’ আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **এফে ৪:২৩-২৪**

মনের নবপ্রেরণায় নিজেদের নবীকৃত করতে হবে, এবং সেই নতুন মানুষকে পরিধান করতে হবে, যে মানুষ ধর্মময়তা ও সত্যজনিত পুণ্যতায় ঈশ্বরের সাদৃশ্যে সৃষ্ট।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া ;
℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

*** ***

প্রভুর স্বর্গারোহণ মহাপর্ব ৬ষ্ঠ সপ্তাহের বৃহস্পতিবারে উদ্‌যাপিত হলে, তাহলে মহাপর্বটির ১ম সন্ধ্যারতি পালনীয়, পৃঃ ৩২৩।

সন্ধ্যারতি

১ম সপ্তাহ : সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮৫।
২য়–৬ষ্ঠ সপ্তাহ : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ৭:২৪-২৭**

যীশু চিরকালের মত থাকেন বিধায় তাঁর যাজকত্ব হরণযোগ্য নয়। এজন্য যারা তাঁরই মধ্য দিয়ে ঈশ্বরের কাছে এগিয়ে যায়, তিনি সম্পূর্ণরূপেই তাদের ত্রাণ করতে সক্ষম ; কেননা তাদের হয়ে আবেদন জানাবার জন্য তিনি নিত্যই জীবিত আছেন। সত্যি, তেমনই এক মহাযাজক আমাদের পক্ষে উপযুক্ত ছিলেন, যিনি পুণ্যবান, নির্দোষ, নিষ্কলঙ্ক, পাপী মানুষের কাছ থেকে পৃথক, স্বর্গের ঊর্ধ্বেই উন্নীত। অন্যান্য মহাযাজকদের মত প্রতিদিন তাঁর পক্ষে এমন প্রয়োজন নেই যে, আগে নিজের এবং তারপরে জনগণের পাপের জন্য বলি উৎসর্গ করবেন, কেননা নিজেকে উৎসর্গ করে দিয়ে তিনি সেই কাজ একবার চিরকালের মতই সম্পন্ন করলেন।

শ্লোক

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তাঁরা প্রভুকে দেখতে পেলেন ব’লে।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : তিনি * তাঁদের সঙ্গে থাকবার জন্য ভিতরে গেলেন।
তিনি তাঁদের সঙ্গে খেতে বসেছেন,
এমন সময়ে রুটি হাতে নিয়ে ‘ধন্য’ স্তুতিবাদ উচ্চারণ ক’রে
সেই রুটি ছিঁড়ে তা তাঁদের দিলেন। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ : যে সত্যের সাধক * সে আলোর দিকে এগিয়ে আসে,
তার সমস্ত কর্ম যে ঈশ্বরে সাধিত তা যেন প্রকাশিত হয়। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ : পিতা * আমাকে যা কিছু দান করেন,
তা আমার কাছে আসবে,
এবং যে কেউ আমার কাছে আসে,
তাকে আমি কখনও ফিরিয়ে দেব না। আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ : জগতের বিচার করার জন্য * ঈশ্বর তাঁর পুত্রকে প্রেরণ করেননি,
বরং জগৎ যেন তাঁর দ্বারা পরিত্রাণ পায়। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ : তোমরা * যদি আমাতে থাক
ও আমার সমস্ত কথা তোমাদের অন্তরে থাকে,
তাহলে তোমাদের যা ইচ্ছা তোমরা যাচনা কর,
তোমাদের জন্য তা-ই করা হবে। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ : সেই সত্যময় আত্মা
আমাকে গৌরবান্বিত করবেন,
কারণ যা আমার, তা-ই তুলে নিয়ে
তিনি তা তোমাদের বলে দেবেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করে পিতার ডান পাশে সমাসীন আছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে যাচনা করি :

হে জীবনস্বামী, আমাদের যাচনা গ্রহণ কর।

-যাঁরা তোমার মন্ডলীর সেবায় আত্মনিবেদিত, তুমি তাঁদের কথা মনে রেখ, তাঁরা যেন জনগণের সামনে তোমার প্রকৃত সাক্ষী হতে পারেন।

-যাঁরা দেশ পরিচালনা করেন, ন্যায় ও শান্তি প্রতিষ্ঠা-কাজে তাঁদের সহায়তা কর, জনগণ যেন সুখে-শান্তিতে জীবনযাপন করতে পারে।

-আমাদের জীবনযাত্রা হোক পরিত্রাণের দিকে একটি তীর্থযাত্রা। আমরা যেন কখনও ভুলে না যাই গরিবদের প্রয়োজন।

-হে জগতের আলো খ্রীষ্ট পরিত্রাতা, তুমি সকল মানুষকে অবিনশ্বর জীবনে ডেকেছ; আমাদের পরলোকগত ভাইবোনদের উপর তোমার শাশ্বত আলো বিকশিত হোক।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

যিনি তাঁর আপন পুত্র যীশু খ্রীষ্টে আমাদের জন্য অনন্ত জীবনের পথ উন্মুক্ত করেছেন, আসুন, সেই পিতা ঈশ্বরকে ডাকি :

খ্রীষ্টের বিজয়ের খাতিরে, প্রভু, আমাদের ত্রাণ কর।

-তুমি তোমার পুত্রকে ঐশগৌরবে মন্ডিত করেছ। আমাদের মনের পরিবর্তন ঘটাও, আমরা যেন আমাদের জীবন দ্বারাই খ্রীষ্টের পাস্কার কথা ঘোষণা করতে পারি।

-আমাদের পালক ও রক্ষাকর্তা খ্রীষ্টের মধ্য দিয়ে তুমি আমাদের একত্রিত করেছ। পবিত্র মণ্ডলীর ধর্মপালকদের মধ্য দিয়ে আমাদের বিশ্বাস সুদৃঢ় করে রেখ।

-তোমার পুত্রের প্রথম শিষ্যদের তুমি সেই মনোনীত জাতির মধ্য থেকেই বেছে নিয়েছিলে। সেই ইস্রায়েল জাতির সন্তানদের সাহায্য কর, তাঁরা যেন যীশুতেই তোমার সমস্ত প্রতিশ্রুতির পূর্ণতা চিনতে পারেন।

-অবহেলিত, পিতৃহীন, বিধবার কথা স্মরণে রাখ। তোমার পুত্র আপন রক্তমূল্যে যাদের মুক্ত করেছেন, তাদের সকলের কথাও সর্বদা মনে রেখ।

-প্রথম সাক্ষ্যমর স্তেফানকে তুমি তোমার পুত্রের গৌরবের অংশীদার হতে ডেকেছিলে। যাঁরা বিশ্বাসের জন্য সংগ্রাম ক'রে, যন্ত্রণাও ভোগ ক'রে ইহলোক ত্যাগ করেছেন, আমাদের সেই সকল মৃত ভাইবোনকে তোমার ঐশরাজ্যে গ্রহণ কর।

বৃহস্পতিবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে ঈশ্বর, তোমার নাম বন্দনার উদ্দেশ্যে তুমি পৃথিবীর সকল জাতিকে সম্মিলিত করেছ। আশীর্বাদ কর: দীক্ষাকুণ্ডে নবজন্ম লাভ করেছে যারা, তারা যেন বিশ্বাস-প্রেরণায় যেমন, ভ্রাতৃপ্রেমেও তেমনি এক হতে পারে।

২য় সপ্তাহ: হে ঈশ্বর, জগতের পরিত্রাণের জন্য তুমি পাস্কা-যজ্ঞ প্রবর্তন করেছ। প্রসন্ন হয়ে তোমার জনগণের মিনতি গ্রহণ কর: আমাদের হয়ে যিনি প্রার্থনা করে থাকেন, আমাদের মহাযাজক সেই খ্রীষ্ট যেন আমাদের সঙ্গে তাঁর সাদৃশ্যের গুণে আমাদের মঞ্জুর করেন পুনর্মিলন, ও তোমার সঙ্গে তাঁর ঐক্যের গুণে আমাদের দান করেন পাপের ক্ষমা।

৩য় সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, এ পাস্কাকালে আমরা গভীবতর ভাবে উপলব্ধি করেছি তোমার প্রেমের মাহাত্ম্য, সেই প্রেমের ধারায় প্লাবিত হয়েছে আমাদের অন্তর। কৃপা কর, ভুলভ্রান্তি-তমসা থেকে যাদের তুমি মুক্ত করেছ, তারা যেন অধিক দৃঢ়তার সঙ্গে তোমার সত্য বাণী আঁকড়ে ধরতে পারে।

৪র্থ সপ্তাহ: হে ঈশ্বর, মানুষের মুক্তিকর্ম সাধন ক'রে তুমি তাকে তার আদিমর্যাদার চেয়ে মহত্তর মর্যাদায় উন্নীত করেছ। তোমার কৃপার এ অপরূপ রহস্য স্মরণ করে আশীর্বাদ কর: নবজন্মের সাক্রামেন্ত দ্বারা যাদের নবায়িত করতে প্রসন্ন হয়েছ, তাদের অন্তরে তোমার নিত্য আশীর্বাদ ও অনুগ্রহদান রক্ষা কর।

৫ম সপ্তাহ: হে ঈশ্বর, তোমার অনুগ্রহেই পাপী আমরা ধর্মময় হয়ে উঠি, দুঃখী আমরা হই সুখী। মিনতি জানাই: তোমারই হাতে সৃষ্ট এই আমাদের তুমি রক্ষা কর, রক্ষা কর আমাদের অন্তরে সঞ্চারিত তোমার সকল দান: আমরা যখন বিশ্বাস গুণে ধর্মময় বলে প্রতিপন্ন হয়েছি, তখন যেন দৃঢ় ধর্মনিষ্ঠার অনুগ্রহ থেকে বঞ্চিত না হই।

৬ষ্ঠ সপ্তাহ: হে ঈশ্বর, তোমার জনগণকে তুমি করেছ তোমার মুক্তিকর্মের সহভাগী। তাই অনুনয় করি: তোমার আশীর্বাদে আমরা যেন প্রভুর পুনরুত্থানের জন্য তোমাকে অবিরত ধন্যবাদ জানাই।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো: ঈশ্বর * খ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত ক'রে তাঁকে গৌরব দান করেছেন,
যেন তোমাদের বিশ্বাস ও আশা ঈশ্বরেই থাকে। আল্লেলুইয়া।

℣ মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন বলে খ্রীষ্টের আর মৃত্যু নেই। আল্লেলুইয়া।

℟ তাঁর উপর মৃত্যুর আর কোন কর্তৃত্ব নেই। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো : সৃষ্টি * অবক্ষয়ের দাসত্ব থেকে মুক্ত হয়ে উঠবে
ঈশ্বরসন্তানদের গৌরবময় স্বাধীনতায় অংশ নেবার জন্য। আল্লেলুইয়া।

প্র ঈশ্বর মৃতদের মধ্য থেকে যীশুখ্রীষ্টকে পুনরুত্থিত ক'রে, আল্লেলুইয়া,

উ এক জীবন্ত আশায় আমাদের নবজন্ম দান করেছেন। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সপ্তাহ : সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮১।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া

৫ম ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ — রো ৮:১০-১১

যদি খ্রীষ্ট তোমাদের অন্তরে থাকেন, তবে পাপের কারণে দেহ মৃতই বটে, কিন্তু ধর্মময়তা লাভের ফলে স্বয়ং আত্মাই জীবন। আর যিনি যীশুকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তাঁর আত্মা যদি তোমাদের অন্তরে নিবাসী হয়ে থাকেন, তাহলে যিনি খ্রীষ্টযীশুকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তিনি তোমাদের অন্তরে নিবাসী তাঁর সেই আত্মা দ্বারা তোমাদের মরদেহকেও সঞ্জীবিত করে তুলবেন।

শ্লোক

১ম সপ্তাহ

প্র এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

উ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

প্র প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : যীশু * শিষ্যদের মাঝখানে এসে দাঁড়িয়ে তাঁদের বললেন,
'তোমাদের শান্তি হোক।' আল্লেলুইয়া।

২য় সপ্তাহ : পিতা * পুত্রকে ভালবাসেন,
তাঁর হাতে সমস্তই তিনি তুলে দিয়েছেন। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ : আমি * তোমাদের সত্যি সত্যিই বলছি,
যে কেউ বিশ্বাস করে, সে অনন্ত জীবন পেয়ে গেছে। আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ : স্বয়ং পিতা * তোমাদের ভালবাসেন,
তোমরা আমাকে ভালবেসেছ, বিশ্বাসও করেছ ব'লে। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ : তোমরা * যদি আমার আজ্ঞাগুলি পালন কর,
তবে আমার ভালবাসায় থাকবে। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ : আর অল্পকাল,
পরে তোমরা আমাকে আর দেখতে পাবে না,
আবার অল্পকাল, পরে আমাকে দেখতে পাবে,
কারণ আমি পিতার কাছে যাচ্ছি। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যিনি মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করে তাঁর মণ্ডলীতে জীবিত আছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি :

আমাদের সঙ্গে থেকো, প্রভু।

-প্রভু, তুমি পাপ ও মৃত্যুর উপরে জয়ী হয়েছ। অনন্ত জীবন দান করে আমাদের মধ্যে উপস্থিত হও।

-তোমার অসীম শক্তি দ্বারা আমাদের কাছে এসো, যেন আমাদের জীবনে ঈশ্বরের স্নেহময় দয়া প্রকাশ পায়।

-পরম শান্তি বলে কেবল তুমিই মানুষে মানুষে পুনর্মিলন ঘটাতে ও তাদের মধ্যে নবপ্রাণ সঞ্চার করতে সক্ষম। বর্তমান যত যুদ্ধ-সংগ্রাম-বিভেদ শেষ করে দাও।

-তুমি যে চরম বিজয়ী, আমাদের এ বিশ্বাস আরও দৃঢ় করে তোল। আমরা যে তোমার ঐশগৌরবের অংশীদার হব, আমাদের অন্তরের এ প্রত্যাশাও অবিচল রাখ।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

যাঁকে পিতা ঈশ্বর পুনরুত্থান ও নবজীবনের প্রথম ফলস্বরূপ দান করেছেন, আসুন, সেই খ্রীষ্টের নামে আমাদের বিনীত প্রার্থনা অর্পণ করি :

প্রভু, তোমার জনগণকে পবিত্র করে তোল।

-মিশর দেশ থেকে যাত্রাকালে তুমি তোমার জনগণকে অগ্নিময় এক মেঘ দ্বারা চালিত করেছিলে। খ্রীষ্টই হোন আমাদের জীবনের আলো।

-সিনাই পর্বতে তুমি তোমার জনগণকে বিধান দান করেছিলে। পুনরুত্থিত খ্রীষ্টই হোন আমাদের জীবনের বাণী।

-প্রান্তরে তুমি তোমার শ্রান্ত জনগণকে মান্না দানে পরিতৃপ্ত করেছিলে। পুনরুত্থিত খ্রীষ্টই হোন আমাদের জীবনের রুটি।

-শৈল থেকে নিঃসৃত জল দিয়ে তুমি তোমার সেই জনগণের তৃষ্ণা মিটিয়েছিলে। পুনরুত্থিত খ্রীষ্ট সেই জীবনদানকারী আত্মাকে আমাদের দান করুন।

পূর্বাহ্ন প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো : হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ১২:১৩**

আমরা সকলে এক আত্মায় দীক্ষাস্নাত হয়েছি একদেহ হবার জন্য—তা আমরা ইহুদী বা গ্রীক, ক্রীতদাস বা স্বাধীন মানুষ যাই হই না কেন ; এবং পান করার মত আমাদের সকলকে এক আত্মাকে দেওয়া হয়েছে।

১ম সপ্তাহ

℟ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℣ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;
℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

১ম সপ্তাহ
ধুয়ো: দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।
২য়–৬ষ্ঠ সপ্তাহ
ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **তীত ৩:৫খ-৭**

ঈশ্বর নবজন্মের জলপ্রক্ষালন ও পবিত্র আত্মার নবীকরণ দ্বারা আমাদের পরিত্রাণ করলেন। এই আত্মাকে তিনি আমাদের উপর প্রচুর পরিমাণে বর্ষণ করেছেন আমাদের ত্রাণকর্তা যীশুখ্রীষ্টের মাধ্যমে, যেন তাঁরই অনুগ্রহে ধর্মময় বলে সাব্যস্ত হয়ে উঠে আমরা প্রত্যাশা অনুসারে অনন্ত জীবনের উত্তরাধিকারী হয়ে উঠতে পারি।

১ম সপ্তাহ
℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,
℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

১ম সপ্তাহ
ধুয়ো: স্বর্গদূত * নারীদের বললেন, 'ভয় পেয়ো না:
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।' আল্লেলুইয়া।
২য়–৬ষ্ঠ সপ্তাহ
ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ১:১২-১৪**

যিনি আলোয় তাঁর পবিত্রজনদের স্বত্বাংশে অংশীদার হবার যোগ্যতা আমাদের দান করেছেন, এসো, আনন্দের সঙ্গে সেই পিতাকে ধন্যবাদ জানাই। তিনি অন্ধকারের কর্তৃত্ব থেকে আমাদের নিস্তার করে তাঁর সেই প্রিয়তম পুত্রের রাজ্যে স্থানান্তর করেছেন, যাঁর দ্বারা আমরা ভোগ করি মুক্তি, অর্থাৎ পাপমোচন।

১ম সপ্তাহ
℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;
℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

১ম সপ্তাহ: সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮৫।
২য়–৬ষ্ঠ সপ্তাহ: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ পি ৩:১৮,২২**

খ্রীষ্ট পাপের জন্য একবার, চিরকালের মত মরলেন—যিনি ধর্মময়, তিনি অধার্মিকদের জন্য মরলেন, যেন

ঈশ্বরের কাছে তোমাদের এগিয়ে নিয়ে যেতে পারেন; মাংসে তিনি নিহত হয়েছিলেন, আত্মায় কিন্তু সঞ্জীবিত হয়ে উঠলেন। স্বর্গে গমন ক'রে ও সমস্ত স্বর্গদূত, কর্তৃত্ব ও শক্তির বশ্যতা গ্রহণ ক'রে তিনি এখন ঈশ্বরের ডান পাশে রয়েছেন।

শ্লোক

১ম সপ্তাহ

প্র এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

উ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

প্র শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র তাঁরা প্রভুকে দেখতে পেলেন ব'লে।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: আমার হাত, * আমার পা দেখ;
এ আমি নিজেই। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ: পুত্রের প্রতি * যে বিশ্বাস রাখে,
সেই অনন্ত জীবন পেয়ে গেছে। আল্লেলুইয়া।

৩য় সপ্তাহ: আমিই সেই রুটি, * যা স্বর্গ থেকে নেমে এসেছে,
যদি কেউ এই রুটি খায়, তবে সে অনন্তকাল জীবিত থাকবে;
আমি যে রুটি দান করব,
তা আমার নিজের মাংস—জগতের জীবনের জন্য! আল্লেলুইয়া।

৪র্থ সপ্তাহ: আমিই মেষগুলির পালক। * আমি এসেছি তারা যেন জীবন পায়,
ও প্রচুর পরিমাণেই তা পায়। আল্লেলুইয়া।

৫ম সপ্তাহ: আমি * এই সমস্ত কথা তোমাদের বলছি,
যেন আমার আনন্দ তোমাদের অন্তরে স্থিতমূল থাকে
এবং তোমাদের সেই আনন্দ যেন পরিপূর্ণ হয়। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহ: তোমাদের দুঃখ * আনন্দে পরিণত হবে,
তোমাদের আনন্দ কেউ তোমাদের কাছ থেকে কেড়ে নিতে পারবে না। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

মৃত্যুনিদ্রায় নিদ্রিতদের প্রথম ফসল হয়ে যিনি মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে পুনরুত্থিত খ্রীষ্ট, আমাদের প্রার্থনা শোন।

-প্রেরিতদূতদের উপরে স্থাপিত তোমার ভক্তমণ্ডলীর কথা মনে রেখ। তোমার সকল বিশ্বাসীকে আশীর্বাদ কর।

-তুমি ঐশ আরোগ্যদাতা, দেহ আত্মা দু'টোই তুমি নিরাময় করতে পার। আমাদের পরিত্রাণ করতে এসো।

-পরম দয়াবান যে তুমি, অসুস্থদের সান্ত্বনা এবং অবহেলিতদের শক্তি দাও। যত ব্যথা ও দুর্বিপাক থেকে তাদের মুক্ত কর।

-তোমার ক্রুশমৃত্যু ও পুনরুত্থানের মধ্য দিয়ে তুমি অনন্ত জীবন অর্জন করেছ। আমাদের পরলোকগত

ভাইবোনদের তোমার আনন্দধামে গ্রহণ কর।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ

পিতা যাঁকে আমাদের আশার ভিত্তি বলে নিযুক্ত করেছেন, আসুন, আনন্দচিত্তে সেই পুনরুত্থিত খ্রীষ্টকে ডাকি:

হে গৌরবের রাজা, আমাদের প্রার্থনা শোন।

-তোমার রক্ত ও পুনরুত্থান গুণে তুমি একবার, চিরকালের মতই, স্বর্গীয় পবিত্রস্থানে প্রবেশ করেছ। তোমার সঙ্গে আমাদেরও পিতার গৌরবধামে চালিত কর।

-তুমি প্রেরিতদূতদের বিশ্বাস সুস্থির করে রেখেছিলে, তোমার আত্মার সাক্ষ্যদানে তাঁদের প্রেরণকর্ম সত্য বলে প্রতিপন্ন করেছিলে। আশীর্বাদ কর, তোমার মণ্ডলীর সকল বিশপ ও পুরোহিত যেন তোমার বাণীর সার্থক সেবক হতে পারেন।

-তুমি তো সকলের পক্ষে পুনর্মিলন ও শান্তির উৎস। কৃপা কর, সকল খ্রীষ্টভক্ত যেন এক বিশ্বাস ও প্রেমের বন্ধনে একাত্ম হয়।

-মন্দিরদ্বারে বসে যে খোঁড়া মানুষ তোমার পুনরুত্থানের কথা বিশ্বাস করেছিল, তুমি তাকে নিরাময় করেছিলে। আমাদের অসুস্থ ভাইবোনদের উপর সস্নেহ দৃষ্টিপাত করে তাদের দেখাও তোমার গৌরবের শক্তি।

-তুমি মৃতদের মধ্য থেকে প্রথমজাত, তুমি পুনরুত্থানের প্রথম ফসল। যাঁরা তোমাতে আশা রেখে মৃত্যুবরণ করেছেন, তাঁদের সকলকে তোমার সনাতন আলোকরাজ্যে গ্রহণ কর।

শুক্রবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ: হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, মানবজাতিকে তোমার সঙ্গে পুনর্মিলন-সন্ধিতে আবদ্ধ করার জন্য তুমি পাস্কা-সাক্রামেন্ত প্রবর্তন করেছিলে। আশীর্বাদ কর: ধর্মানুষ্ঠানে আমরা যা বিশ্বাস করি বলে ঘোষণা করছি, আমাদের জীবনাচরণে যেন তার মাহাত্ম্য ব্যক্ত করতে পারি।

২য় সপ্তাহ: হে ঈশ্বর, সরল হৃদয় যারা, তুমি তাদের আশা, তাদের আলো! বিনীত কণ্ঠে তোমাকে অনুনয় করি: আমাদের এমন হৃদয় মঞ্জুর কর, যাতে আমরা তোমার চরণে যথার্থ যাচনা নিবেদন করি, সমুচিত প্রসংসাবাদে তোমার নিত্য বন্দনা করি।

৩য় সপ্তাহ: হে সর্বশক্তিমান ঈশ্বর, অনুনয় করি: আমরা যখন প্রভুর পুনরুত্থানের অনুগ্রহ জানতে পেরেছি, তখন তোমার আশীর্বাদে যেন পবিত্র আত্মার ভালবাসার গুণে জীবনের নবীনতায় পুনরুত্থিত হতে পারি।

৪র্থ সপ্তাহ: হে ঈশ্বর, তুমিই আমাদের স্বাধীনতা ও ত্রাণকর্মের সাধক। আশীর্বাদ কর: তোমার পুত্রের রক্তক্ষরণে যাদের মুক্তি সাধন করেছ, তারা যেন তোমার দ্বারাই জীবন পেতে পারে, ও তোমার রক্ষায় নিরাপদ হয়ে চিরকালীন উল্লাসে উল্লসিত হতে পারে।

৫ম সপ্তাহ: হে প্রভু, অনুনয় করি: আমাদের জীবন পাস্কা-রহস্য দ্বারা প্রভাবান্বিত হোক। যে ত্রাণকর্মের কথা আমরা আনন্দের সঙ্গে স্মরণ করছি, তার অম্লান শক্তিতে রক্ষা পেয়ে আমরা যেন পরিত্রাণের ফল ভোগ করতে পারি।

৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের আগে)**:** হে প্রভু, আমাদের মিনতি শোন: তোমার পরম বাণীর পবিত্রতাদানকারী প্রভাবে যা প্রতিশ্রুত হয়েছিল, সুসমাচার প্রচারের ফলে তা জগতের সর্বত্রই সাফল্য লাভ করুক: সত্যের সাক্ষ্যদানে যা পূর্বঘোষিত হয়েছিল, তোমার দত্তকপুত্র সকলেই যেন তা উপভোগ করতে পারে।

৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের পরে)**:** হে ঈশ্বর, তুমি খ্রীষ্টের পুনরুত্থান দ্বারা মানবজাতিকে অনন্ত জীবনের উদ্দেশে পুনঃপ্রতিষ্ঠিত করে থাক। তোমার ডান পাশে সমাসীন ত্রাণকর্তার দিকে আমাদের প্রাণ উন্নীত কর, তিনি যখন সগৌরবে পুনরাগমন করবেন, তখন আমরা, যারা দীক্ষাস্নানে তোমার অনুগ্রহে নবজন্ম লাভ করেছি, যেন অমরত্বের শুভ্র বসন পরিধান করতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো : আপন মেষগুলির জন্য * যিনি আপন প্রাণ বিসর্জন দিলেন
এবং আপন মেষপালের জন্য মৃত্যুবরণ করতে ইচ্ছা করলেন,
সেই উত্তম মেষপালক পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

℣ যীশুকে আমাদের অপরাধের জন্য মৃত্যুর হাতে তুলে দেওয়া হয়েছে, আল্লেলুইয়া;
℟ এবং আমাদের ধর্মময়তার লক্ষ্যে পুনরুত্থিত করা হয়েছে। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো : তিনি * অন্ধকারের কর্তৃত্ব থেকে আমাদের নিস্তার করে
তাঁর সেই প্রিয়তম পুত্রের রাজ্যে স্থানান্তর করেছেন। আল্লেলুইয়া।

℣ খ্রীষ্ট পিতার গৌরব দ্বারা মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া।
℟ আমরাও যেন জীবনের নবীনতায় চলতে পারি। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সপ্তাহ : সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮১।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ৫:৩০-৩২**

একটা গাছে ঝুলিয়ে আপনারা যাঁকে হত্যা করেছিলেন, আমাদের পিতৃপুরুষদের ঈশ্বরই সেই যীশুকে পুনরুত্থিত করেছেন। তাঁকেই ঈশ্বর জননায়ক ও ত্রাণকর্তা ক'রে আপন ডান হাত দ্বারা উত্তোলিত করেছেন, যেন ইস্রায়েলকে মনপরিবর্তন ও পাপমুক্তি দান করতে পারেন। আমরা নিজেরাই এই সবকিছুর সাক্ষী; আর সাক্ষী আছেন সেই পবিত্র আত্মাও, যাঁকে ঈশ্বর তাদেরই কাছে দান করেছেন, যারা তাঁর প্রতি বাধ্য।

শ্লোক

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : মৃতদের মধ্য থেকে * পুনরুত্থান করার পর
এই হয়েছিল যীশুর তৃতীয় আত্মপ্রকাশ। আল্লেলুইয়া।

২য় সপ্তাহ : যীশু * সেই রুটি ক'খানা গ্রহণ করে নিলেন ও ধন্যবাদ-স্তুতি উচ্চারণ করে,
যারা সেখানে বসে ছিল, তাদের মধ্যে তা বিতরণ করলেন। আল্লেলুইয়া।
৩য় সপ্তাহ : যে কেউ আমার মাংস খায় * ও আমার রক্ত পান করে,
সে আমাতে বসবাস করে আর আমি তার অন্তরে বসবাস করি। আল্লেলুইয়া।
৪র্থ সপ্তাহ : আমি * তোমাদের জন্য স্থান প্রস্তুত করতে যাচ্ছি।
আমি আবার আসব এবং তোমাদের নিজের কাছে নিয়ে যাব,
আমি যেখানে আছি,
সেখানে তোমরাও যেন থাকতে পার। আল্লেলুইয়া।
৫ম সপ্তাহ : আমার আজ্ঞা এ : * তোমরা পরস্পরকে ভালবেস,
আমি তোমাদের যেভাবে ভালবেসেছি। আল্লেলুইয়া।
৬ষ্ঠ সপ্তাহ : আমরা দেখছি যে, * যীশু এখন গৌরব ও মহিমার মুকুটে পরিবৃত,
তিনি মৃত্যুযন্ত্রণা ভোগ করেছেন ব'লে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

খ্রীষ্টের পুনরুত্থান দ্বারা যিনি আমাদের নবজীবন দান করেছেন, আসুন, সেই পিতা ঈশ্বরের কাছে মিনতি জানাই :

হে পিতা, খ্রীষ্টের গৌরবে আমাদের উজ্জ্বল করে তোল।

-হে পুণ্যময় বিশ্বস্ত পরমেশ্বর, তুমি তো সর্বযুগের মানুষের কাছে তোমার দয়া প্রকাশ কর। এ বর্তমান কালেও পাস্কার মহাকীর্তি পুনঃসাধন কর।

-তোমার সত্যের আলোতে আমাদের অন্তর পবিত্র কর ; ন্যায় ও শান্তির পথে আমাদের চালিত কর।

-তোমার শ্রীমুখের আলো আমাদের উপর উজ্জ্বল করে তোল ; অমঙ্গল থেকে আমাদের মুক্ত কর, তোমার গৃহের মঙ্গলদানে আমাদের পরিতৃপ্ত কর।

-তোমার প্রেরিতদূতদের কাছে তুমি শান্তি রেখে গেছিলে। সেই শান্তি সারা পৃথিবী জুড়ে বিরাজ করুক।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের পরে মিনতি নিবেদন, পৃঃ ৩৪৩)

প্রেরিতদূতদের উপর পবিত্র আত্মাকে বর্ষণ করার জন্য যিনি স্বর্গে আরোহণ করেছেন, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করি :

হে প্রভু, তোমার আত্মাকে প্রেরণ কর।

-হে খ্রীষ্ট, তুমি স্বর্গারোহণ করেছ যাতে আমরা পিতার প্রতিশ্রুত পবিত্র আত্মাকে পেতে পারি। সেই আত্মাকে প্রেরণ কর, যেন তাঁর প্রভাবে আমাদের জীবনের পরিবর্তন ঘটে।

-তুমি চেয়েছ, আমরা সাপের মত সতর্ক, ঘুঘুর মত সরল হব। তোমার আত্মার প্রজ্ঞাদানেই এ আশ্চর্য কাজ সাধন কর।

-তুমি পিতার ডান পাশে সমাসীন। আমাদের মহাযাজকরূপে আমাদের হয়ে প্রার্থনা কর, আমাদের মাথারূপে তোমার দেহ এই আমাদের মধ্যে প্রার্থনা কর।

-কৃপা কর, কঠিন পরীক্ষা ও প্রতিকূলতার সময়ে আমরা যেন অনুভব করি যে আমরা তোমার যন্ত্রণাভোগের অংশীদার, যেন চিরকাল ধরে তোমার গৌরবের সহভাগী হতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো : হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ২:৩২,৩৬**

ঈশ্বর যীশুকে পুনরুত্থিত করেছেন, আমরা সকলেই তার সাক্ষী। অতএব সমগ্র ইস্রায়েলকুল নিশ্চিত হয়ে একথা জানুক যে, ঈশ্বর যাঁকে প্রভু ও খ্রীষ্ট করে তুলেছেন, তিনি হলেন সেই যীশু যাঁকে তোমরা ক্রুশে দিয়েছিলে।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া ;

℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো : দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **গা ৩:২৭-২৮**

তোমরা যারা খ্রীষ্টের উদ্দেশে দীক্ষাস্নাত হয়েছ, সকলে স্বয়ং খ্রীষ্টকেই পরিধান করেছ। এখন আর ইহুদীও নেই, গ্রীকও নেই ; ক্রীতদাসও নেই, স্বাধীন মানুষও নেই ; পুরুষও নেই, নারীও নেই ; কারণ খ্রীষ্টযীশুতে এখন তোমরা সকলেই এক।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,

℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

১ম সপ্তাহ

ধুয়ো : স্বর্গদূত * নারীদের বললেন, 'ভয় পেয়ো না :
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।' আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ৫:৭-৮**

তোমরা পুরনো খামিরটা ফেলে দাও, যেন এক নতুন ময়দার পিন্ড হতে পার, যেহেতু তোমরা খামিরবিহীন। কেননা আমাদের পাস্কা সেই খ্রীষ্ট বলীকৃত হয়েছেন। সুতরাং এসো, পুরনো খামির নিয়ে নয়, দুষ্টতা ও অধর্মের খামির নিয়ে নয়, বরং আন্তরিকতা ও সত্যের সেই খামিরবিহীন রুটি নিয়েই আমরা এই উৎসব উদ্‌যাপন করি।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;
℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

১ম সপ্তাহ: সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮৫।
২য়–৬ষ্ঠ সপ্তাহ: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ৫:৮-১০**

পুত্র হয়েও নিজের দুঃখকষ্ট থেকে খ্রীষ্ট বাধ্যতা শিখেছিলেন, এবং নিজ সিদ্ধতায় চালিত হয়ে তিনি, তাঁর প্রতি যারা বাধ্য, তাদের সকলেরই অনন্ত পরিত্রাণের কারণ হয়ে উঠলেন, যেহেতু স্বয়ং ঈশ্বর দ্বারাই তিনি মেল্কিসেদেকের রীতি অনুসারে মহাযাজক বলে অভিহিত হলেন।

শ্লোক

১ম সপ্তাহ
℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের পরে শ্লোক, পৃঃ ৩৪৫)
℣ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তাঁরা প্রভুকে দেখতে পেলেন ব'লে।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ শিষ্যেরা আনন্দিত হলেন, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ: যে শিষ্যকে * যীশু ভালবাসতেন
তিনি বলে উঠলেন, 'উনি প্রভু।' আল্লেলুইয়া।
২য় সপ্তাহ: যিনি * পাতালের প্রভাব ধ্বংস করলেন,
তিনি কঠোর ক্রুশযন্ত্রণা ভোগ করলেন;
সগৌরবে পুনরুত্থিত হয়ে
তিনি এখন শক্তিতে পরিবৃত। আল্লেলুইয়া।
৩য় সপ্তাহ: আমাদের পরিত্রাণ করার জন্য * খ্রীষ্ট ক্রুশমৃত্যু বরণ করলেন
এবং মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করলেন। আল্লেলুইয়া।
৪র্থ সপ্তাহ: উত্তম মেষপালক
মেষগুলির জন্য নিজ প্রাণ বিসর্জন দেয়। আল্লেলুইয়া।
৫ম সপ্তাহ: বন্ধুদের জন্য প্রাণ দেওয়া:
এর চেয়ে বড় ভালবাসা মানুষের আর কিছুই নেই। আল্লেলুইয়া।
৬ষ্ঠ সপ্তাহ: স্বর্গস্থ পিতার কাছে * যারা প্রার্থনা জানায়,
তিনি পবিত্র আত্মাকে তাদের দেবেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ
যিনি পথ, সত্য ও জীবন, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি জানাই:

হে জীবনেশ্বর, আমাদের আশীর্বাদ কর।

-আমরা তোমার মণ্ডলীর সেবকদের জন্য প্রার্থনা করি: ভাইবোনদের জন্য জীবনের রুটি দিতে দিতে তাঁরা যেন

তোমার শক্তি উপলব্ধি করেন।

-সকল খ্রীষ্টভক্তদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন খ্রীষ্টীয় আহ্বানে বিশ্বস্ত থাকেন এবং নিজেদের মধ্যে শান্তি ও একাত্মতার বন্ধন দৃঢ়তর করে রাখেন।

-দেশের শাসনকর্তাদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন ন্যায় ও দয়ার সঙ্গে আমাদের পরিচালনা করেন এবং বিশ্বশান্তির জন্য তাঁরা যেন উদ্বিগ্ন হন।

-সাধুসাধ্বীদের স্বর্গসভার সঙ্গে তোমার পূজা করতে আমাদের যোগ্য করে তোল। আমাদের পরলোকগত ভাইবোনদের দান কর শাশ্বত আনন্দ।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের পরে মিনতি নিবেদন, পৃঃ ৩৪৫)
যিনি জীবন ও পবিত্রতার উৎস, আসুন, সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

আমাদের মাঝে রাজত্ব কর, প্রভু।

-হে ত্রাণকর্তা যীশু, দেহের দিক থেকে তুমি ক্রুশবিদ্ধ হয়েছ, কিন্তু আত্মার দিক থেকে তুমি চিরজীবিত, এমনকি তুমি জীবনদাতা। তোমার কৃপায়, আমরা যেন পাপের কাছে মৃত হয়ে পবিত্র আত্মার প্রেরণা অনুসারে নবজীবন যাপন করতে পারি।

-তুমি তোমার প্রেরিতদূতদের প্রেরণ করেছিলে তাঁরা যেন সকল মানুষের কাছে সুসমাচারের কথা প্রচার করেন। সকল বাণীপ্রচারকের অন্তর দৃঢ় করে রেখ।

-সত্যের পক্ষে সাক্ষ্য দেবার জন্য তুমি পিতার কাছ থেকে স্বর্গে ও মর্তে যত অধিকার পেয়েছ। তোমার ঐশপ্রজ্ঞাদানে আমাদের শাসনকর্তাদের চালিত কর।

-তুমি আদেশ দিয়েছ, আমরা যেন তোমার গৌরবময় পুনরাগমনের অপেক্ষায় জাগ্রত ও সক্রিয় থাকি। আশীর্বাদ কর, নতুন আকাশ ও নতুন পৃথিবীর যতখানি অপেক্ষা করি, আমরা যেন মানবজাতির উন্নতি ও শান্তির জন্য ততখানি কাজ করি।

শনিবার

সমাপন প্রার্থনা

১ম সপ্তাহ : হে ঈশ্বর, তোমার অনুগ্রহের বদান্যতায় তুমি তোমাতে বিশ্বাসী মানুষের সংখ্যা বৃদ্ধি করে থাক। তোমার মনোনীত সন্তানদের প্রতি সদয় দৃষ্টিপাত কর: দীক্ষাস্নান গ্রহণ করে নবজন্ম লাভ করেছে যারা, অমরত্বের শুভ্র বসনে তাদের পরিবৃত কর।

২য় সপ্তাহ : হে প্রভু, পাপের বিধান দ্বারা আমাদের জন্য লেখা সেই ঋণপত্র সরিয়ে দাও, যা পাস্কা-রহস্যে তুমি তোমার পুত্র সেই খ্রীষ্টের পুনরুত্থান দ্বারা বাতিল করেছ।

৩য় সপ্তাহ : হে ঈশ্বর, তোমাতে বিশ্বাসী বলে যাদের তুমি দীক্ষাকুণ্ডের জলে নবীভূত করেছ, খ্রীষ্টে সেই নবজাত সকলকে রক্ষা কর, তারা যেন সমস্ত ভুলভ্রান্তির উপর জয়ী হয়ে তোমার আশীর্বাদের অনুগ্রহ বিশ্বস্ততার সঙ্গে অক্ষুণ্ন রাখতে পারে।

৪র্থ সপ্তাহ : হে ঈশ্বর, পাস্কাপর্ব পালনের মধ্য দিয়ে তুমি স্বর্গীয় প্রতিকার দানে জগৎকে নিরাময় করে থাক। তোমার জনমণ্ডলীর দিকে মুখ তুলে চাও: তেমন পর্ব পালনের ফলে আমরা যেন একদিন অনন্ত জীবন পেতে পারি।

৫ম সপ্তাহ : হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, দীক্ষাস্নানের গুণে তুমি আমাদের নবজন্ম দান করে আমাদের মঞ্জুর করেছ স্বর্গীয় জীবন। আশীর্বাদ কর : যাদের ধর্মময় ক'রে তুমি অমরত্বের যোগ্য করে তোল, তোমার পরিচালনায় তারা যেন গৌরবের পূর্ণতা লাভ করতে পারে।

৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের আগে) **:** হে প্রভু, শুভকর্ম সাধন দ্বারা আমাদের মন সর্বদাই দীক্ষিত কর, শ্রেয়তর সৎকর্ম অনুশীলনে উত্তরোত্তর রত থেকে আমরা যেন পাস্কা-রহস্যকে আপন করতে চিরসচেষ্ট থাকি।

৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের পরে) **:** হে ঈশ্বর, স্বর্গারোহণ করার সময়ে তোমার একমাত্র পুত্র তাঁর প্রেরিতদূতদের কাছে পবিত্র আত্মা দানের প্রতিশ্রুতি দিয়েছিলেন। আশীর্বাদ কর: তাঁরা যেমন সনাতন প্রজ্ঞার বহুবিধ ঐশ্বর্য লাভ করেছিলেন, তেমনি আমাদের কাছেও তোমার আত্মিক দানগুলি মঞ্জুর কর।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো: পুত্র হয়েও * খ্রীষ্ট নিজের দুঃখকষ্ট থেকে বাধ্যতা শিখেছিলেন,
এবং তাঁর প্রতি যারা বাধ্য, তাদের সকলেরই অনন্ত পরিত্রাণের কারণ হয়ে উঠলেন। আল্লেলুইয়া।

℣ আমাদের পাস্কা সেই খ্রীষ্ট বলীকৃত হয়েছেন। আল্লেলুইয়া।

℟ সুতরাং এসো, প্রভুতে আমরা এই উৎসব উদ্‌যাপন করি। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো: তোমরা * সেই ঊর্ধ্বলোকের বিষয়ের অন্বেষণ কর,
যেখানে ঈশ্বরের ডান পাশে সমাসীন হয়ে খ্রীষ্ট রয়েছেন। আল্লেলুইয়া।

℣ তোমরা পুরনো খামিরটা ফেলে দাও, আল্লেলুইয়া;

℟ যেন এক নতুন ময়দার পিণ্ড হতে পার। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সপ্তাহ: সামসঙ্গীতমালা ও ধুয়ো পাস্কা রবিবারের ব্যবস্থা অনুসারে, পৃঃ ২৮১।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৫ম ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ১৪:৭-৯**

আমরা কেউ নিজের জন্য জীবিত থাকি না, কেউ নিজের জন্য মরেও যাই না। যদি জীবিত থাকি, প্রভুর জন্যই জীবিত থাকি; আর যদি মরি, প্রভুর জন্যই মরি। সুতরাং জীবিত থাকি বা মরি, আমরা প্রভুরই। কারণ এ উদ্দেশ্যেই খ্রীষ্ট মরলেন ও পুনরুজ্জীবিত হলেন, যেন তিনি মৃত ও জীবিত উভয়েরই প্রভু হতে পারেন।

শ্লোক

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

১ম সপ্তাহ : রবিবার দিন * সকালে পুনরুত্থান ক'রে
যীশু প্রথমে সেই মাগদালার মারীয়াকে দেখা দিলেন,
যাঁর মধ্য থেকে সাতটা অপদূত তাড়িয়ে দিয়েছিলেন। আল্লেলুইয়া।
২য় সপ্তাহ : তোমাদের শান্তি হোক, * এই যে আমিই; আল্লেলুইয়া;
ভয় পেয়ো না। আল্লেলুইয়া।
৩য় সপ্তাহ : সিমোন পিতর বলে উঠলেন, * 'আমরা আর কার্ কাছেই বা যাব, প্রভু?
অনন্ত জীবনের কথা তো আপনার কাছেই রয়েছে।
আর আমরা বিশ্বাস করেছি, জানতেও পেরেছি,
আপনিই ঈশ্বরের সেই পবিত্রজন।' আল্লেলুইয়া।
৪র্থ সপ্তাহ : প্রধান মেষপালক * আবির্ভূত হলে
তোমরা অম্লান গৌরবমুকুট পাবে। আল্লেলুইয়া।
৫ম সপ্তাহ : খ্রীষ্ট * এ উদ্দেশ্যেই মরলেন ও পুনরুজ্জীবিত হলেন,
যেন তিনি মৃত ও জীবিত উভয়েরই প্রভু হতে পারেন। আল্লেলুইয়া।
৬ষ্ঠ সপ্তাহ : আমি * তোমাদের সত্যিই বলছি,
তোমরা পিতার কাছে যা কিছু আমার নামে যাচনা করবে,
তিনি তা তোমাদের দেবেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

১ম, ৩য়, ৫ম সপ্তাহ

যারা তাঁর বাণী ও দেহের ভোজে উপযুক্তভাবেই যোগদান করে, খ্রীষ্ট চরম দিবসে তাদের পুনরুত্থিত করে তুলবেন। আসুন, জীবনের রুটি সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি :

হে প্রভু, পাস্কার আনন্দ দান কর।

-মৃতদের মধ্য থেকে পুনরুত্থান ক'রে তুমি হয়ে উঠেছ অনন্ত জীবনের উৎস। পৃথিবীর সকল মানুষকে পাস্কার আশীর্বাদে ধন্য কর।

-তুমিই ভক্তমণ্ডলীর আনন্দ ও শান্তি। কৃপা কর, আমরা যেন তোমার পাস্কার আলোতে নবজীবনের পথে চলতে পারি।

-জগতে প্রবাসী তোমার মণ্ডলীর বিশ্বাস সুদৃঢ় করে রেখ, সে যেন জগতের কাছে তোমার পুনরুত্থান বিষয়ে সাক্ষ্য দিতে পারে।

-তুমি যন্ত্রণাভোগের মধ্য দিয়েই পিতার মহিমায় প্রবেশ করেছ। জগতের যত দুঃখযন্ত্রণা অফুরান আনন্দে পরিণত কর।

২য়, ৪র্থ, ৬ষ্ঠ সপ্তাহ (স্বর্গারোহণের পরে মিনতি নিবেদন, পৃঃ ৩৪৬)

যিনি অনন্ত জীবনের কথা এ জগতে জানাতে এসেছিলেন, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করি :

হে প্রভু, তোমার পুনরুত্থানের অনুগ্রহে আমাদের ধন্য কর।

-হে সনাতন মেষপালক, যারা পুনরুত্থানের আকাঙ্ক্ষা করছে, তোমার এ জনগণের দিকে দৃষ্টিপাত কর, তোমার জীবনদায়ী বাণী ও রুটি দানে তাদের পরিতৃপ্ত কর।

-তোমার মেষপালের মাঝে কোন নেকড়ে, কোন বেতনভোগীকে আসতে দিয়ো না। তোমার মেষগুলি এই আমরা যেন পরিত্রাণের পথে নিরাপদে চলতে পারি।

-যারা তোমার বাণী প্রচারে নিযুক্ত, তুমি সর্বদাই তো তাদের কাছে থাক ও তোমার শক্তিদানে তাদের অন্তর সুদৃঢ় করে রাখ। সাহায্য কর, নিজেদের জীবনেরই সাক্ষ্য দিয়ে আমরা যেন তোমার পুনরুত্থানের কথা প্রচার করতে পারি।

-তুমিই হও আমাদের আনন্দ, যে আনন্দ কেউই আমাদের কাছ থেকে কেড়ে নিতে পারবে না। মৃত্যুময় পাপ থেকে আমাদের মুক্ত কর, আমাদের অন্তরে জাগিয়ে তোল স্বর্গলাভের আকাঙ্ক্ষা।

পূর্বাহ্ন প্রহর

১ম সপ্তাহ
ধুয়ো : হঠাৎ * এক প্রবল ভূমিকম্প হল,
প্রভুর দূত যে স্বর্গ থেকে নেমে এলেন। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৫:১০-১১**

আমরা যখন শত্রু ছিলাম, তখন যদি তাঁর পুত্রের মৃত্যু দ্বারা ঈশ্বরের সঙ্গে পুনর্মিলিত হলাম, তবে পুনর্মিলিত হয়ে আমরা যে তাঁর জীবনের মধ্য দিয়ে পরিত্রাণ পাব, তা আরও কতই না সুনিশ্চিত! শুধু তাই নয় : যাঁর দ্বারা পুনর্মিলন পেয়ে গেছি, আমাদের প্রভু সেই যীশুখ্রীষ্টের মাধ্যমে আমরা এখন ঈশ্বরে গর্ববোধও করে থাকি।

১ম সপ্তাহ
℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া ;
℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

১ম সপ্তাহ
ধুয়ো : দেখতে দূত ছিলেন * বিদ্যুৎ-ঝলকের মত,
তাঁর পোশাক ছিল তুষারের মত শুভ্র। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ১৫:২০-২২**

আসলে খ্রীষ্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন—নিদ্রাগতদের প্রথমফসল রূপে। কেননা যেহেতু মানুষের মধ্য দিয়ে মৃত্যু, সেহেতু মানুষের মধ্য দিয়েও মৃতদের পুনরুত্থান—আদমে যেমন সকলে মৃত্যুভোগ করে, খ্রীষ্টেই তেমনি সকলে সঞ্জীবিত হবে।

১ম সপ্তাহ
℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।
℟ এদিনে, এসো, মেতে উঠি ; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ
℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,
℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ন প্রহর

১ম সপ্তাহ
ধুয়ো : স্বর্গদূত * নারীদের বললেন, 'ভয় পেয়ো না :
আমি জানি, তোমরা যীশুকে খুঁজছ।' আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **২ করি ৫:১৪-১৫**

খ্রীষ্টের ভালবাসা আমাদের চাপ দিচ্ছে, যখন ভাবি যে, সকলের জন্য একজন মৃত্যু বরণ করেছেন, ফলে সকলেরই মৃত্যু হয়েছে; আর তিনি সকলের জন্য মৃত্যু বরণ করেছেন, যারা জীবিত, তারা যেন আর নিজেদের জন্য নয়, বরং তাঁরই জন্য জীবন যাপন করে, যিনি মৃত্যু বরণ করেছেন ও পুনরুত্থিত হয়েছেন।

১ম সপ্তাহ

℣ এই তো সেই দিন, যা স্বয়ং প্রভুই গড়লেন। আল্লেলুইয়া।

℟ এদিনে, এসো, মেতে উঠি; এসো, আনন্দ করি। আল্লেলুইয়া।

২য়–৬ষ্ঠ সপ্তাহ

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;

℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

৬ষ্ঠ সপ্তাহের বৃহস্পতিবার অথবা ৭ম সপ্তাহের রবিবার

প্রভুর স্বর্গারোহণ

মহাপর্ব

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আমাদের সকলকে পুণ্য আনন্দে আনন্দিত কর, ধন্যবাদগীতিতে মুখরিত করে তোল, কারণ তোমার পুত্র যীশুখ্রীষ্টের স্বর্গারোহণে আমরা নিজেরাও উন্নীত হচ্ছি, এবং মাথা খ্রীষ্ট যেখানে সগৌরবে গিয়েছেন, তাঁর দেহ এ আমরাও আশায় সেখানে যেতে আহূত।

১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত পর্বটির ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৩২৭।

বাণী পাঠ **এফে ২:৪-৬**

ঈশ্বর, দয়ায় ঐশ্বর্যবান হওয়ায়, যে মহা ভালবাসায় আমাদের ভালবাসলেন, অপরাধের ফলে মৃত ছিলাম যে আমরা এই আমাদের তিনি খ্রীষ্টের সঙ্গে সঞ্জীবিত করে তুললেন—অনুগ্রহেই তোমরা পরিত্রাণকৃত!—এবং আমাদের তাঁর সঙ্গে পুনরুত্থিত করলেন ও তাঁর সঙ্গে স্বর্গধামে আসন দিলেন—খ্রীষ্টযীশুতে।

শ্লোক

℣ আমি তাঁর কাছে আরোহণ করছি যিনি আমার পিতা ও তোমাদের পিতা। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ আমি তাঁর কাছে আরোহণ করছি যিনি আমার পিতা ও তোমাদের পিতা। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ যিনি আমার ঈশ্বর ও তোমাদের ঈশ্বর।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আমি তাঁর কাছে আরোহণ করছি যিনি আমার পিতা ও তোমাদের পিতা। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হে পিতা, * তুমি আমার হাতে দিয়েছ যাদের,
সেই সকল মানুষের কাছে আমি প্রকাশ করেছি তোমার নাম।
এখন আমি জগতের জন্য নয়, তাদেরই জন্য প্রার্থনা করছি,
কারণ আমি তোমার কাছে আসছি। আল্লেলুইয়া।

আহ্বান সঙ্গীত

ধুয়ো : খ্রীষ্ট প্রভু স্বর্গারোহণ করছেন ;
এসো, প্রণিপাত করি। আল্লেলুইয়া। সাম ৯৫

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো : হে প্রভু, * আকাশমন্ডলের ঊর্ধ্বেই
তোমার মাহাত্ম্য সঙ্কীর্তিত। আল্লেলুইয়া। সাম ৮
২য় ধুয়ো : তোমার শক্তিতে * উন্নীত হও, ওগো প্রভু,
বাদ্যের ঝঙ্কারে আমরা গাইব তোমার পরাক্রমের গুণগান। আল্লেলুইয়া। সাম ২১
৩য় ধুয়ো : হে তোরণ, * উত্তোলন কর শির!
প্রবেশ করুন গৌরবের রাজা। আল্লেলুইয়া। সাম ২৪

℣ প্রভা ও মহিমা তাঁর সম্মুখে। আল্লেলুইয়া।
℟ শক্তি ও কান্তি তাঁর পবিত্রধামে। আল্লেলুইয়া।

২য় পর্ব

১ম ধুয়ো : জাতি-বিজাতির মাঝে * আমি উচ্চতম,
পৃথিবী জুড়ে উচ্চতম। আল্লেলুইয়া। সাম ৪৬
২য় ধুয়ো : পরমেশ্বর * আরোহণ করছেন জয়ধ্বনির মধ্যে ;
প্রভু আরোহণ করছেন তূর্যনিনাদের মধ্যে। আল্লেলুইয়া। সাম ৪৭
৩য় ধুয়ো : সিয়োনে * প্রভু মহান। আল্লেলুইয়া।
তিনি সকল জাতির উপরে উচ্চতম। আল্লেলুইয়া। সাম ৯৯

℣ সিয়োনে প্রভু মহান। আল্লেলুইয়া।
℟ তিনি সকল জাতির উপরে উচ্চতম। আল্লেলুইয়া।

৩য় পর্ব

নিম্নলিখিত অংশ ব্যতীত, ১ম–৬ষ্ঠ রবিবারে জাগরণীর ৩য় পর্বের ব্যবস্থা পালনীয়, পৃঃ ২৭৭।
স্তোত্র : তুমি ঈশ্বর, পৃঃ ২৮০।
সুসমাচার ঘোষণা : ক। মার্ক ১৬:১৫-২০; **খ**। লুক ২৪:৪৬-৫৩; **গ**। মথি ২৮:১৬-২০।
স্তোত্র : প্রশংসার যোগ্য, পৃঃ ২৮০।

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো : হে গালিলেয়ার মানুষ,
তোমরা আকাশের দিকে তাকিয়ে দাঁড়িয়ে আছ কেন?
এই যে যীশুকে তোমাদের কাছ থেকে স্বর্গে তুলে নেওয়া হল,
তিনি সেভাবে আবার ফিরে আসবেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : তিনি * যখন স্বর্গে চলে যাচ্ছিলেন,
তাঁরা তাঁর দিকে তাকিয়ে বলে উঠলেন, ‘আল্লেলুইয়া।’
৩য় ধুয়ো : দু’হাত তুলে * তিনি তাঁদের আশীর্বাদ করলেন,
এবং ঊর্ধ্বে, স্বর্গেই তাঁকে নিয়ে যাওয়া হল। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো : রাজাধিরাজের বন্দনা কর,
কর পরমেশ্বরের স্তুতিগান। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো: তাঁকে * ঊর্ধ্বে তোলা হল,
একটি মেঘ তাঁকে ঐশগৌরবে গ্রহণ করল। আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ১০:১২-১৪**

খ্রীষ্ট পাপের জন্য কেবল একটা যজ্ঞ উৎসর্গ ক'রে ঈশ্বরের ডান পাশে চিরকালের মতই আসন নিয়েছেন; আর সেখানে অপেক্ষা করছেন যতক্ষণ তাঁর শত্রুদের তাঁর পাদপীঠ করা না হয়। কেননা যাদের পবিত্র করে তোলা হয়, তিনি একটামাত্র নৈবেদ্য গুণেই চিরকালের মত তাদের সিদ্ধতায় চালিত করেছেন।

শ্লোক

℣ খ্রীষ্ট আরোহণ করছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ খ্রীষ্ট আরোহণ করছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ মানুষের বন্দিদশা বন্দি করেই আরোহণ করছেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ খ্রীষ্ট আরোহণ করছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: আমি * তাঁর কাছে আরোহণ করছি
যিনি আমার পিতা ও তোমাদের পিতা, আমার ঈশ্বর ও তোমাদের ঈশ্বর। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি উত্তোলিত হয়ে সকল মানুষকে নিজের কাছে আকর্ষণ করেন, আসুন, সেই প্রভু খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে খ্রীষ্ট, তুমিই গৌরবের রাজা!

-হে খ্রীষ্ট, নিজেকে বলিরূপে একবারই উৎসর্গ ক'রে তুমি এখন বিজয়ী হয়ে পিতার ডান পাশে সমাসীন। যাদের তুমি নিজ রক্তদানে পবিত্র করে তুলেছ, তাদের অন্তরে সঞ্চার কর ঐশপ্রেমের পূর্ণতা।

-হে চিরকালীন মহাযাজক, হে নবসন্ধির মধ্যস্থ, তুমি তো আমাদের শান্তির জন্য অনুক্ষণ প্রার্থনা কর। পবিত্র আত্মায় তোমার সঙ্গে সংযুক্ত সকল খ্রীষ্টভক্তকে উদ্ধার কর।

-তোমার মৃত্যুর পরে তুমি শিষ্যদের কাছে চল্লিশদিন ধরে দেখা দিয়েছিলে। আজ ও সবসময় আমাদের বিশ্বাস সুদৃঢ় করে রেখ।

-শিষ্যদের কাছে তুমি পবিত্র আত্মাকে দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলে, তাঁরা যেন পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত তোমার সাক্ষী হতে পারেন। সেই আত্মার প্রভাবে আমাদের সাক্ষ্যদান দৃঢ়তর করে তোল।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: তিনি * যখন স্বর্গে চলে যাচ্ছিলেন,
তাঁরা তাঁর দিকে তাকিয়ে বলে উঠলেন, 'আল্লেলুইয়া।'

বাণী পাঠ **প্রত্যা ১:১৭গ-১৮**

আমি মানবপুত্রকে দেখলাম; তিনি আমাকে বললেন, আমি প্রথম ও শেষ ও সেই জীবনময়। আমি ছিলাম মৃত, আর দেখ, সেই আমি আজ জীবিত চিরকালের মত, আর আমার হাতে রয়েছে মৃত্যু ও পাতালের চাবিকাঠি।

℣ তোমাদের হৃদয় যেন কম্পিত না হয়। আল্লেলুইয়া।
℟ আমি পিতার কাছে যাচ্ছি। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : দু'হাত তুলে * তিনি তাঁদের আশীর্বাদ করলেন,
এবং উর্ধ্বে, স্বর্গেই তাঁকে নিয়ে যাওয়া হল। আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ৮:১খ-৩ক**

আমাদের এমনই এক মহাযাজক আছেন যিনি স্বর্গলোকে ঐশমহিমার সিংহাসনের ডান পাশে আসন নিয়েছেন: তিনি পবিত্রধাম ও সত্যকার তাঁবুর সেবক—যে তাঁবু স্বয়ং প্রভুই স্থাপন করেছেন, কোন মানুষ নয়। প্রতিটি মহাযাজক অর্ঘ্য ও বলি উৎসর্গ করতেই নিযুক্ত হন।

℣ প্রভু স্বর্গলোকে, আল্লেলুইয়া;
℟ স্থাপন করেছেন তাঁর সিংহাসন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : তাঁকে * উর্ধ্বে তোলা হল,
একটি মেঘ তাঁকে ঐশগৌরবে গ্রহণ করল। আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ৩:১-২**

তোমরা যখন খ্রীষ্টের সঙ্গে পুনরুত্থিত হয়েছ, তখন সেই উর্ধ্বলোকের বিষয়ের অন্বেষণ কর, যেখানে ঈশ্বরের ডান পাশে সমাসীন হয়ে খ্রীষ্ট রয়েছেন। উর্ধ্বলোকেরই বিষয়গুলো ভাব, মর্তলোকের বিষয়গুলো নয়।

℣ রাজাধিরাজের বন্দনা কর। আল্লেলুইয়া।
℟ কর পরমেশ্বরের স্তুতিগান। আল্লেলুইয়া।

২য় সন্ধ্যারতি

স্তোত্র

১। যীশু, মোদের পরিত্রাণ,
মোদের প্রেম, কাম্য তুমি,
ঈশ্বররূপে জীবনদাতা,
মানুষ হয়ে জগৎত্রাতা।

২। কোন্ করুণা তোমায় পেল,
মোদের পাপ যে করলে হরণ,
নিষ্ঠুর মৃত্যু ক'রে বরণ
জয় করলে মোদের মরণ।

৩। কোন্ বা দয়া তোমায় পেল,
তুমি যে পাতালে নেমে
যত বন্দি ছিল সুপ্ত,
তাদের করলে চিরমুক্ত।

৪। একই দয়া এখন যেন
করে জয় তব হৃদি:
মোদের ত্রুটি কর ধ্বংসন,
তবে পাব তব দর্শন।

৫। তুমি হবে মোদের গৌরব,
এখন হও মোদের মহিমা;
তুমি হও মোদের আনন্দ,
মোদের শান্তি সুখ চিরন্তন। (৭ম শতাব্দী)

১ম ধুয়ো : হে গালিলেয়ার মানুষ,
তোমরা আকাশের দিকে তাকিয়ে দাঁড়িয়ে আছ কেন?
এই যে যীশুকে তোমাদের কাছ থেকে স্বর্গে তুলে নেওয়া হল,
তিনি সেভাবে আবার ফিরে আসবেন। আল্লেলুইয়া। সাম ১১০
২য় ধুয়ো : তিনি * যখন স্বর্গে চলে যাচ্ছিলেন,
তাঁরা তাঁর দিকে তাকিয়ে বলে উঠলেন, 'আল্লেলুইয়া।' সাম ১১১

৩য় ধুয়ো : দু'হাত তুলে * তিনি তাঁদের আশীর্বাদ করলেন,
এবং ঊর্ধ্বে, স্বর্গেই তাঁকে নিয়ে যাওয়া হল। আল্লেলুইয়া। সাম ১১২
৪র্থ ধুয়ো : রাজাধিরাজের বন্দনা কর,
কর পরমেশ্বরের স্তুতিগান। আল্লেলুইয়া। সাম ১১৩
৫ম ধুয়ো : তাঁকে * ঊর্ধ্বে তোলা হল,
একটি মেঘ তাঁকে ঐশগৌরবে গ্রহণ করল। আল্লেলুইয়া। গীতিকা প্রত্যা ১১

বাণী পাঠ **১ পি ৩:১৮,২২**

খ্রীষ্ট পাপের জন্য একবার, চিরকালের মত মরলেন—যিনি ধর্মময়, তিনি অধার্মিকদের জন্য মরলেন, যেন ঈশ্বরের কাছে তোমাদের এগিয়ে নিয়ে যেতে পারেন; মাংসে তিনি নিহত হয়েছিলেন, আত্মায় কিন্তু সঞ্জীবিত হয়ে উঠলেন। স্বর্গে গমন ক'রে ও সমস্ত স্বর্গদূত, কর্তৃত্ব ও শক্তির বশ্যতা গ্রহণ ক'রে তিনি এখন ঈশ্বরের ডান পাশে রয়েছেন।

শ্লোক

প্র আমি তাঁর কাছে আরোহণ করছি যিনি আমার পিতা ও তোমাদের পিতা। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
উ আমি তাঁর কাছে আরোহণ করছি যিনি আমার পিতা ও তোমাদের পিতা। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র যিনি আমার ঈশ্বর ও তোমাদের ঈশ্বর।
উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ আমি তাঁর কাছে আরোহণ করছি যিনি আমার পিতা ও তোমাদের পিতা। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হে গৌরবের রাজা, * হে সর্বশক্তিমান প্রভু,
তুমি আজ বিজয়ী হয়ে স্বর্গারোহণ করছ।
অনাথ হয়ে আমাদের ছেড়ে যেয়ো না,
বরং যাঁকে তুমি দান করবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলে,
পিতার সেই দান, সত্যময় সেই আত্মাকে আমাদের কাছে প্রেরণ কর। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি পিতার ডান পাশে সমাসীন, আসুন, আনন্দের সঙ্গে সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করি :

হে খ্রীষ্ট, তুমি গৌরবের রাজা।

-প্রভু, স্বর্গে আরোহণ ক'রে তুমি সঙ্গে করে নিয়েছ আমাদের মানবীয় দুর্বলতা। আমাদের সেই আদিদণ্ড ধ্বংস কর, আমাদের ফিরিয়ে দাও হারানো মর্যাদা।

-প্রেমের পথ ধরেই তুমি এ জগতে নেমে এসেছিলে। সেই একই পথ ধরে আমাদের নিয়ে যাও তোমার অমৃতলোকে।

-প্রতিশ্রুতি দিয়েছিলে, তুমি সবকিছুই নিজের কাছে আকর্ষণ করবে। কৃপা কর, তোমার দেহ সেই মণ্ডলী থেকে আমাদের বিচ্ছিন্ন হতে দিয়ো না।

-তুমি গৌরবধামে আমাদের আগে আগে গিয়ে পৌঁছেছ। আশীর্বাদ কর, আমাদের অন্তর যেন এখন থেকেই সেখানে বাস করে।

-তুমি আবার আসবে বিচারকর্তারূপে। আশা রাখি, সেই দিন আমাদের পরলোকগত ভাইবোনদের সঙ্গে আমরাও তোমার অসীম দয়ার পরিচয় পেতে পারব।

৭ম সপ্তাহ

রবিবার

এ রবিবার তখনই পালিত হয়, যখন প্রভুর স্বর্গারোহণ মহাপর্ব ৬ষ্ঠ সপ্তাহের বৃহস্পতিবারে উদ্‌যাপিত হয়। নিম্নলিখিত অংশগুলি ছাড়া, ১ম–৬ষ্ঠ সপ্তাহের রবিবারের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ২৭৪ ...।

সমাপন প্রার্থনা

হে প্রভু, প্রসন্ন হয়ে আমাদের মিনতি কান পেতে শোন: আমরা যারা মানবত্রাতা খ্রীষ্টকে তোমার ঐশগৌরবে ভূষিত বলে বিশ্বাস করি, যেন উপলব্ধি করতে পারি যে, তিনি তাঁর প্রতিশ্রুতিমত যুগান্ত পর্যন্তই আমাদের মাঝে নিত্য উপস্থিত।

১ম সন্ধ্যারতিতে মিনতি নিবেদন

যাঁর উপরে পবিত্র আত্মা কপোতের আকারে নেমে এসেছিলেন, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে আমাদের প্রার্থনা সুপ্রতিষ্ঠিত করে বলি:

আমেন।

-তোমার প্রতিশ্রুত আত্মাকে প্রেরণ কর, তোমার মণ্ডলী যেন নিত্য নবায়িত হতে পারে।

-সকল জাতি তোমাকে রাজা ও প্রভু বলে স্বীকার করুক; তোমার উত্তরাধিকার সেই ইস্রায়েল জাতিও তোমাকে মসীহরূপে গ্রহণ করুক।

-তুমি একসময় অপদূতদের তাড়াতে, এমনকি তুমি মৃত্যুকে পরাজিত করেছ: আমাদের দেশকে অসততা ও হিংসার হাত থেকে মুক্ত কর।

-পঞ্চাশত্তমী দিনে তুমি বাবেলের প্রাচীন বিবাদ-বিসংবাদ জয় করেছ; তোমার আত্মা দ্বারা সকল মানুষকে এক বিশ্বাস-বন্ধনে সম্মিলিত কর।

-তোমার আত্মা আমাদের সঙ্গে নিত্য অবস্থান করুন; সেই আত্মাই হোন আমাদের ও সকল পরলোকগত মানুষের জন্য অবিনশ্বর জীবনের অগ্রিমদান স্বরূপ।

প্রভাতী বন্দনায় মিনতি নিবেদন

যিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, পিতা তাঁরই নামে পবিত্র আত্মাকে প্রেরণ করবেন, আসুন, সেই খ্রীষ্টের কথার উপর ভরসা রেখে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার আত্মাকে দান কর।

-হে খ্রীষ্ট, তোমার প্রশংসা ক'রে আমরা তোমার আত্মা দ্বারা পিতাকে ধন্যবাদ জানাই; আশীর্বাদ কর, আমরা যেন কথায় ও কাজে তোমার নামকীর্তন করতে পারি।

-আমাদের অন্তরে নিবাসী পবিত্র আত্মা আমাদের করে তুলুন তোমার মণ্ডলীর জীবন্ত অঙ্গ।

-আমরা একদিন বিচারিত হব: শিক্ষা দাও, আমরা যেন কারও বিচার না করি।

-আমাদের অন্তর শান্তি ও বিশ্বাসে পরিপূর্ণ কর; তোমার আত্মার আগমন আমাদের আশা সুস্থির করুক।

২য় সন্ধ্যারতিতে মিনতি নিবেদন

যিনি আপন মণ্ডলীকে সান্ত্বনাদানকারী আত্মাকে দান করেন, আসুন, সেই খ্রীষ্টকে ধন্যবাদ জানিয়ে বিশ্বব্যাপী সকল খ্রীষ্টভক্তদের সঙ্গে এক হয়ে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার জনগণকে রক্ষা কর।

-যাঁদের তুমি তোমার মুক্তিকর্মের সহকর্মী রূপে নিযুক্ত করেছ, সেই পুরোহিতদের মুখে মানুষ যেন সবসময় তোমার বাণী খুঁজে পেতে পারে।

-তোমার আশীর্বাদে ধনীরা গরিবদের সাহায্য ক'রে যেন তাদের সঙ্গে এমন এক নবসমাজ গড়তে সচেষ্ট থাকে,

যেখানে সকলে একই পিতার সন্তানের মর্যাদার অধিকারী হতে পারে।

-বিশ্বজুড়ে তোমার সুসমাচারের আলো বিকিরণ কর ; সকল জাতি তোমাকে গ্রহণ করুক।

-দুঃখ-পীড়িতকে সান্ত্বনা দিতে তোমার আত্মাকে পাঠাও ; গোটা বিশ্বকে দাও শান্তি ও পরিত্রাণ।

-মৃতদের আত্মা শুভ্র করে তোল ; স্বর্গীয় সভায় আমাদেরও গ্রহণ কর।

সোমবার

সমাপন প্রার্থনা

হে প্রভু, মিনতি করি : পবিত্র আত্মার পরাক্রম আমাদের কাছে আসুক, তোমার ইচ্ছা বিশ্বস্তভাবে মনের সামনে রেখে আমরা যেন ভক্তিময় জীবনাচরণে তা সার্থক করে তুলতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো : খ্রীষ্ট * পুনরুত্থান করেছেন!
আপন রক্তমূল্যে বিমুক্ত তাঁর আপন জাতিকে তিনি আলোকিত করলেন। আল্লেলুইয়া।

প্র জীবনময় ঈশ্বরের জন্য, আল্লেলুইয়া ;

উ আনন্দচিৎকারে ফেটে পড়ে আমার হৃদয়, আমার দেহ। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো : তোমরা * খ্রীষ্টের সঙ্গে পুনরুত্থান করেছ :
ঊর্ধ্বলোকের বিষয়ের অন্বেষণ কর। আল্লেলুইয়া।

প্র যারা জীবিত, তারা যেন নিজেদের জন্য আর জীবন যাপন না করে। আল্লেলুইয়া।

উ বরং তাঁরই জন্য জীবন যাপন করে, যিনি তাদের হয়ে মৃত্যু বরণ করেছেন ও পুনরুত্থিত হয়েছেন। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৫ম ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ১০:৮খ-১০**

সেই বাণী তোমার অতি নিকটবর্তী, তা তোমার মুখে ও তোমার হৃদয়ে। অর্থাৎ, এ হলো বিশ্বাসের বাণী, যে বিশ্বাস আমরা প্রচার করি ; কেননা মুখে তুমি যদি যীশুকে প্রভু বলে স্বীকার কর এবং হৃদয়ে যদি বিশ্বাস কর যে ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তাহলে তুমি পরিত্রাণ পাবে। কেননা হৃদয়ে বিশ্বাস করেই তো মানুষ লাভ করে ধর্মময়তা, আর মুখে তা স্বীকার করেই তো সে লাভ করে পরিত্রাণ।

শ্লোক

প্র প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: এই জগতে * তোমাদের নানা ক্লেশ আছে,
কিন্তু সাহস ধর, আমি জগৎকে জয় করেছি। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, পিতা তাঁরই নামে পবিত্র আত্মাকে প্রেরণ করবেন, তাঁর এই বাণীতে বিশ্বাস রেখে, আসুন, সেই খ্রীস্টের কাছে মিনতি জানাই:

প্রভু, তোমার আত্মাকে দান কর।

-হে খ্রীষ্ট, আমরা তোমার প্রশংসাবাদ করি, তোমার আত্মার মাধ্যমে পিতাকে ধন্যবাদ জানাই। আশীর্বাদ কর, আমরা যেন কথাকর্মে তোমার নামকীর্তন করতে পারি।

-তোমার পবিত্র আত্মা আমাদের অন্তরে বাস করুন। তিনি আমাদের করে তুলুন তোমার মণ্ডলীর জীবন্ত অঙ্গ।

-একদিন আমরা সবাই তোমার দ্বারাই বিচারিত হব, শিক্ষা দাও আমরা যেন কারও বিচার না করি, কাউকে যেন ছোট না মনে করি।

-আমাদের অন্তরে দিব্য আনন্দ ও শান্তি সঞ্চার কর। তোমার আত্মা আগমন করে আমাদের আশাপূর্ণ করে তুলুন।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **প্রত্যা ১:১৭গ-১৮**

আমি মানবপুত্রকে দেখলাম; তিনি আমাকে বললেন, আমি প্রথম ও শেষ ও সেই জীবনময়। আমি ছিলাম মৃত, আর দেখ, সেই আমি আজ জীবিত চিরকালের মত, আর আমার হাতে রয়েছে মৃত্যু ও পাতালের চাবিকাঠি।

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;
℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ২:৯-১০ক,১২**

খ্রীস্টে ঈশ্বরত্বের সমস্ত পূর্ণতা দেহগতরূপে বসবাস করে, আর তোমরা তো তাঁরই মধ্যে তোমাদের নিজেদের পরিপূর্ণতা লাভ কর। দীক্ষাস্নানে তোমরা তাঁর সঙ্গে সমাহিত হয়েছ, এবং যিনি মৃতদের মধ্য থেকে তাঁকে পুনরুত্থিত করেছেন, সেই ঈশ্বরের কর্মশক্তিতে বিশ্বাস দ্বারা তোমরা সেই দীক্ষাস্নানে তাঁর সঙ্গে পুনরুত্থানও করেছ।

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,
℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **২ তি ২:৮,১১**

মনে রেখ যে দাউদের বংশধর যীশুখ্রীস্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়েছেন—আমার [প্রচারিত] সুসমাচার অনুসারে। একথা বিশ্বাস্য যে, আমরা যদি তাঁর সঙ্গে মরি, তবে জীবিতও থাকব তাঁর সঙ্গে।

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;
℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ৮:১খ-৩ক**

আমাদের এমনই এক মহাযাজক আছেন যিনি স্বর্গলোকে ঐশমহিমার সিংহাসনের ডান পাশে আসন নিয়েছেন : তিনি পবিত্রধাম ও সত্যকার তাঁবুর সেবক—যে তাঁবু স্বয়ং প্রভুই স্থাপন করেছেন, কোন মানুষ নয়। প্রতিটি মহাযাজক অর্ঘ্য ও বলি উৎসর্গ করতেই নিযুক্ত হন।

শ্লোক

℣ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : পবিত্র আত্মা, সেই সহায়ক, * তোমাদের কাছে কাছে থাকেন,
ও তোমাদের অন্তরে থাকবেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি প্রেরিতদূতদের ও সমস্ত মণ্ডলীকে পবিত্র আত্মার সান্ত্বনাদানে পূর্ণ করেছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

হে প্রভু, তোমার ভক্তদের সান্ত্বনা দাও।

-ঈশ্বরে মানুষে মধ্যস্থ হে খ্রীষ্ট প্রভু, তুমি তোমার সহকর্মী হবার জন্য পুরোহিতদের মনোনীত করেছ। তাঁদের সেবাকর্ম দ্বারা মানবজাতিকে পিতার কাছে চালিত কর।

-ধনবান ধনহীন সকলেরই অন্তরে তুমি উপস্থিত। একে অপরের প্রয়োজনের জন্য চিন্তাশীল হতে আমাদের শেখাও।

-বিশ্বজগৎ জুড়ে তোমার শুভসংবাদ প্রকাশ কর। বিচ্ছিন্ন মানবসমাজকে নবীন একতায় স্থিতমূল কর।

-জগতের অশ্রু মোচন করতে তোমার আত্মাকে পাঠাও। সেই সান্ত্বনাদাতা যত দুঃখ আনন্দে পরিণত করুন।

-আমাদের পরলোকগত ভাইবোনদের পাপ ক্ষমা কর। তাঁদের সাধুসাধ্বীর সঙ্ঘের সহভাগী করে তোল।

মঙ্গলবার

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান দয়াবান ঈশ্বর, আশীর্বাদ কর : আসন্ন পবিত্র আত্মা আমাদের অন্তরে বসবাস ক'রে আমাদের করে তুলুন নিজের গৌরবের মন্দির।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো : পিতা * খ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত ক'রে
স্বর্গলোকে আপন ডান পাশেই তাঁকে আসন দিয়েছেন। আল্লেলুইয়া।

℣ আমাদের জন্য যিনি ক্রুশে ঝুলেছেন, আল্লেলুইয়া;
℟ সেই প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো : আমরা বিশ্বাস করি, * একথা জেনে যে,
যিনি যীশুকে পুনরুত্থিত করেছেন,
তিনি যীশুর সঙ্গে আমাদেরও পুনরুত্থিত করবেন। আল্লেলুইয়া।

℣ ঈশ্বর খ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন; আল্লেলুইয়া।
℟ যেন আমাদের বিশ্বাস ও আশা ঈশ্বরেই থাকে। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ১৩:৩০-৩৩**

ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করে তুললেন। আর যাঁরা গালিলেয়া থেকে তাঁর সঙ্গে যেরুসালেমে এসেছিলেন, তিনি অনেক দিন ধরে তাঁদের দেখা দিলেন; ঠিক তাঁরাই এখন জনগণের সামনে তাঁর সাক্ষী। আর আমরা নিজেরা আপনাদের কাছে এই শুভসংবাদ জানাচ্ছি যে, আমাদের পিতৃপুরুষদের কাছে ঈশ্বর যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তিনি যীশুকে পুনরুত্থিত করায় তাঁদের বংশধর আমাদের জন্যই তা পূর্ণ করেছেন, যেমন দ্বিতীয় সামসঙ্গীতে লেখা আছে: 'তুমি আমার পুত্র; আমি আজ তোমাকে জন্ম দিলাম।'

শ্লোক

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : তাঁর কথামতই * প্রভু মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।
এসো, আনন্দ করি, করি উল্লাস—তিনি সনাতন রাজা। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, পিতার কাছ থেকে সান্ত্বনাদানকারী পবিত্র আত্মাকে আমাদের কাছে প্রেরণ করবেন, আসুন, সেই খ্রীষ্টকে ডাকি:

হে প্রভু, তোমার আত্মাকে আমাদের দান কর।

-তোমার বাণী তার সমস্ত ঐশ্বর্য নিয়ে আমাদের অন্তরে বাস করুক; তবেই আমরা কৃতজ্ঞচিত্তে তোমার স্তুতিগান করতে পারব।

-পবিত্র আত্মার মধ্য দিয়ে তুমি আমাদের ঈশ্বরের সন্তান করেছ। সেই আত্মার প্রভাবে আমরা যেন সবসময় তোমাকে ও পরম পিতাকে ডাকি।

-তুমি আমাদের কাজকর্ম তোমার প্রজ্ঞা দ্বারাই তো চালিত কর। আমাদের জীবনযাত্রার যে কোন পরিস্থিতিতে আমরা যেন তোমার মহিমার কথা প্রচার করি।

-তুমি সহিষ্ণু, তুমি দয়ালু। শক্তি দাও, আমরা যেন প্রতিবেশীর সঙ্গে শান্তি ও প্রেমের বন্ধনে জীবনযাপন করতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ৩:১-২**

তোমরা যখন খ্রীষ্টের সঙ্গে পুনরুত্থিত হয়েছ, তখন সেই ঊর্ধ্বলোকের বিষয়ের অন্বেষণ কর, যেখানে ঈশ্বরের ডান পাশে সমাসীন হয়ে খ্রীষ্ট রয়েছেন। ঊর্ধ্বলোকেরই বিষয়গুলো ভাব, মর্তলোকের বিষয়গুলো নয়।

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;

℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ পি ৩:২১-২২ক**

দীক্ষাস্নান আমাদের ত্রাণ করে; দীক্ষাস্নান তো দেহের মলিনতা মোচনের ব্যাপার নয়, বরং ঈশ্বরের কাছে নিবেদিত সদ্বিবেকের পণ—সেই যীশুখ্রীষ্টের পুনরুত্থান গুণে, যিনি ঈশ্বরের ডান পাশে রয়েছেন।

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,

℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ৪:১১-১২**

খ্রীষ্টই সেই প্রস্তর, যা গৃহনির্মাতা এই আপনাদের দ্বারা প্রত্যাখ্যাত হয়ে সংযোগপ্রস্তর হয়ে উঠেছে। আর অন্য কারও কাছে পরিত্রাণ নেই! কারণ আকাশের নিচে মানুষের কাছে যত নাম দেওয়া থাকুক না কেন, কেবল এই নামগুণেই আমরা পরিত্রাণ পেতে পারি বলে স্থির করা আছে।

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;

℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ পি ২:৪-৫**

মানুষের দৃষ্টিতে উপেক্ষিত, কিন্তু ঈশ্বরের দৃষ্টিতে মনোনীত ও মহামূল্যবান জীবন্ত প্রস্তর সেই প্রভুর কাছে

এগিয়ে এসে তোমরাও, জীবন্ত প্রস্তরেরই মত, এক পবিত্র যাজকত্বের উদ্দেশে এক আত্মিক গৃহরূপে নির্মিত হচ্ছ, যেন যীশুখ্রীষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের গ্রহণযোগ্য আত্মিক যজ্ঞ উৎসর্গ করতে পার।

শ্লোক

℣ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : তোমরা * পবিত্র আত্মার পরাক্রম লাভ করবে ;
তখন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত আমার সাক্ষী হবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি তাঁর আপন জনগণকে পবিত্র আত্মার সহভাগী করে তুলেছেন, আসুন, সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

হে প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-তোমার ভক্তমণ্ডলীতে পিতা থেকে আগত আত্মাকে পাঠাও, মণ্ডলী যেন পরিশুদ্ধ, সবল ও বিশ্বজুড়ে বিস্তারিত হতে পারে।

-সকল দেশের শাসনকর্তাদের মন তোমার আত্মার জ্ঞানে উদ্বুদ্ধ করে তোল, তাঁরা যেন সুবুদ্ধি ও সৎসাহসের সঙ্গে দেশ চালিত করেন।

-দীনদরিদ্রদের অন্তরে তোমার আত্মাকে সঞ্চার কর। তাদের সহায় হয়ে তিনি তাদের সান্ত্বনা দান করুন।

-যাঁরা ঈশ্বরের সেবায় নিজেদের নিবেদন করেছেন, সেই পুরোহিতদের অন্তর যেন পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়, তাঁরা যেন ঈশ্বরের বাণী উত্তমরূপে প্রচার করতে পারেন।

-আমাদের পরলোকগত সকল ভাইবোনকে পূর্ণ পরিত্রাণ মঞ্জুর কর। তোমার যন্ত্রণাভোগ, পুনরুত্থান ও স্বর্গারোহণের খাতিরে তাঁরা যেন শাশ্বত আনন্দ উপভোগ করতে পারেন।

বুধবার

সমাপন প্রার্থনা

হে দয়াবান ঈশ্বর, প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : পবিত্র আত্মা দ্বারা সমবেত হয়ে তোমার জনমণ্ডলী যেন সমস্ত হৃদয় দিয়ে তোমার সেবায় রত থাকে, ভক্তজন সকলে যেন পুণ্য আচরণে একমন একপ্রাণ হতে পারে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো : যাঁকে * বধ করা হয়েছিল,
সেই মেষশাবক সম্মান, গৌরব ও স্তুতি গ্রহণের যোগ্য। আল্লেলুইয়া।

℣ হে খ্রীষ্ট, তোমার পুনরুত্থানের জন্য, আল্লেলুইয়া ;
℟ স্বর্গমর্ত আনন্দিত। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো : তোমাদের মুক্তিপণ হল * সেই খ্রীষ্টেরই মূল্যবান রক্ত,
যিনি নিষ্কলঙ্ক ও নির্দোষ মেষশাবক স্বরূপ। আল্লেলুইয়া।

℣ ঈশ্বর প্রভুকে পুনরুত্থিত করেছেন, আল্লেলুইয়া।

℟ নিজ পরাক্রম দ্বারা আমাদেরও পুনরুত্থিত করবেন। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৫ম ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৬:৮-১১**

খ্রীষ্টের সঙ্গে আমাদের যখন মৃত্যু হয়েছে, তখন আমরা বিশ্বাস করি যে তাঁর সঙ্গে জীবিতও থাকব। কারণ আমরা জানি, মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন বলে খ্রীষ্টের আর মৃত্যু নেই, তাঁর উপর মৃত্যুর আর কোন কর্তৃত্ব নেই। বস্তুত তিনি যে মৃত্যু ভোগ করেছেন, তাতে একবার চিরকালের মত পাপেরই কাছে মরলেন; কিন্তু যে জীবন ভোগ করছেন, তাতে তিনি ঈশ্বরের উদ্দেশেই জীবিত আছেন। একই প্রকারে, নিজেদের সম্বন্ধে সচেতন হও যে, তোমরাও পাপের কাছে মৃত, কিন্তু খ্রীষ্টযীশুতে ঈশ্বরের উদ্দেশে জীবিত।

শ্লোক

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : ঈশ্বরকে ধন্যবাদ! * তিনি যে আমাদের প্রভু যীশুখ্রীষ্ট দ্বারা
আমাদের বিজয় দান করেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

পবিত্র আত্মা আমাদের অন্তরে এ সাক্ষ্য দান করেন যে, আমরা ঈশ্বরের সন্তান। এ আনন্দদায়ী নিশ্চয়তা নিয়ে, আসুন, স্নেহময় পিতাকে ডাকি:

পিতা, তোমার সন্তানদের মিনতি গ্রহণ কর।

-হে সান্ত্বনার উৎস পরমেশ্বর, আমাদের অন্তরকে যীশুর অন্তরের মত গড়ে তোল, আমরা যেন একাত্মা হয়ে এককণ্ঠে তোমার গৌরব কীর্তন করতে পারি।

-তোমার আশীর্বাদে প্রতিবেশীর প্রতি আমাদের ভালবাসা যেন মূর্ত হয়ে ওঠে; তবেই আমরা তোমার ন্যায় ও শান্তির রাজ্য গড়তে সক্ষম হয়ে উঠব।

-পাপাত্মা দ্বারা আমাদের চালিত হতে দিয়ো না; পবিত্র আত্মাই আমাদের চালিত করুন ধর্মপথে।

-হে অন্তর্যামী, সহায়তা কর, আমরা যেন সবসময় সত্য ও সততার পথে চলতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৪:২৪খ-২৫**

আমরা তাঁকেই বিশ্বাস করি যিনি আমাদের প্রভু যীশুখ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, সেই যে যীশুকে আমাদের অপরাধের জন্য মৃত্যুর হাতে তুলে দেওয়া হয়েছে এবং আমাদের ধর্মময়তার লক্ষ্যে পুনরুত্থিত করা হয়েছে।

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;
℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ যোহন ৫:৫-৬ক**

কেবা জগৎকে জয় করতে পারে, সে-ই ছাড়া যে বিশ্বাস করে, যীশু ঈশ্বরের পুত্র? তিনিই জল ও রক্তের মধ্য দিয়ে এসেছেন: সেই যীশুখ্রীষ্ট! শুধু জলে নয়, জলে ও রক্তে।

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,
℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **এফে ৪:২৩-২৪**

মনের নবপ্রেরণায় নিজেদের নবীকৃত করতে হবে, এবং সেই নতুন মানুষকে পরিধান করতে হবে, যে মানুষ ধর্মময়তা ও সত্যজনিত পুণ্যতায় ঈশ্বরের সাদৃশ্যে সৃষ্ট।

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;
℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ৭:২৪-২৭**

যীশু চিরকালের মত থাকেন বিধায় তাঁর যাজকত্ব হরণযোগ্য নয়। এজন্য যারা তাঁরই মধ্য দিয়ে ঈশ্বরের কাছে এগিয়ে যায়, তিনি সম্পূর্ণরূপেই তাদের ত্রাণ করতে সক্ষম; কেননা তাদের হয়ে আবেদন জানাবার জন্য তিনি নিত্যই জীবিত আছেন। সত্যি, তেমনই এক মহাযাজক আমাদের পক্ষে উপযুক্ত ছিলেন, যিনি পুণ্যবান, নির্দোষ, নিষ্কলঙ্ক, পাপী মানুষের কাছ থেকে পৃথক, স্বর্গের ঊর্ধ্বেই উন্নীত। অন্যান্য মহাযাজকদের মত প্রতিদিন তাঁর পক্ষে এমন প্রয়োজন নেই যে, আগে নিজের এবং তারপরে জনগণের পাপের জন্য বলি উৎসর্গ করবেন, কেননা নিজেকে উৎসর্গ করে দিয়ে তিনি সেই কাজ একবার চিরকালের মতই সম্পন্ন করলেন।

শ্লোক

℣ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: খ্রীষ্ট * পবিত্র আত্মা ও আগুনে অবগাহন করিয়ে
তোমাদের দীক্ষাস্নাত করবেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যারা পবিত্র আত্মার ফলগুলি ভোগ করছে, আসুন, আমাদের সেই সকল ভাইবোনের সঙ্গে একাত্ম হয়ে পিতা ঈশ্বরকে ডাকি:

হে প্রভু, আমাদের প্রার্থনা শোন।

-হে সর্বশক্তিমান ঈশ্বর, তুমি স্বর্গীয় মহিমায় তোমার ডান পাশেই খ্রীষ্টকে উন্নীত করেছ। তিনি যে মন্ডলীতে ও গরিবদের মধ্যে উপস্থিত, এ সত্য উপলব্ধি করতে আমাদের সাহায্য কর।

-তুমি আদেশ দিয়েছ, সকল মানুষ যেন তোমার পুত্রের কথা শোনে। কৃপা কর, যীশুর বাণী যেন সকলের হৃদয়ে ধ্বনিত হয়, যেন সকল মানুষ পরিত্রাণ পেতে পারে।

-তোমার ভক্তদের অন্তরে পবিত্র আত্মাকে পাঠাও। তিনি অনিষ্ট থেকে আমাদের পরিশুদ্ধ করুন, ভালোর দিকে আমাদের অনুপ্রাণিত করুন, জগৎকে শান্তির পথে চালিত করুন।

-আমাদের মৃত ভাইবোনদের তোমার শান্তিধামে গ্রহণ কর; আমাদের হৃদয়ে ভাবী পুনরুত্থানের আশা জাগিয়ে রাখ।

বৃহস্পতিবার

সমাপন প্রার্থনা

হে প্রভু, অনুনয় করি: তোমার পবিত্র আত্মা তাঁর পরাক্রম গুণে তাঁর আত্মিক দানগুলি আমাদের অন্তরে সঞ্চার করুন; আমাদের মধ্যে তোমার মনোমত মন সৃষ্টি করুন, প্রসন্ন হয়ে আমাদের সকলকে তোমার ইচ্ছার অনুরূপ করে তুলুন।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো: ঈশ্বর * খ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত ক'রে তাঁকে গৌরব দান করেছেন,
যেন তোমাদের বিশ্বাস ও আশা ঈশ্বরেই থাকে। আল্লেলুইয়া।

℣ মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন বলে খ্রীষ্টের আর মৃত্যু নেই। আল্লেলুইয়া।

℟ তাঁর উপর মৃত্যুর আর কোন কর্তৃত্ব নেই। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো: সৃষ্টি * অবক্ষয়ের দাসত্ব থেকে মুক্ত হয়ে উঠবে
ঈশ্বরসন্তানদের গৌরবময় স্বাধীনতায় অংশ নেবার জন্য। আল্লেলুইয়া।

℣ ঈশ্বর মৃতদের মধ্য থেকে যীশুখ্রীষ্টকে পুনরুত্থিত ক'রে, আল্লেলুইয়া,

℟ এক জীবন্ত আশায় আমাদের নবজন্ম দান করেছেন। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

৫ম ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৮:১০-১১**

যদি খ্রীষ্ট তোমাদের অন্তরে থাকেন, তবে পাপের কারণে দেহ মৃতই বটে, কিন্তু ধর্মময়তা লাভের ফলে স্বয়ং আত্মাই জীবন। আর যিনি যীশুকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তাঁর আত্মা যদি তোমাদের অন্তরে নিবাসী হয়ে থাকেন, তাহলে যিনি খ্রীষ্টযীশুকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তিনি তোমাদের অন্তরে নিবাসী তাঁর সেই আত্মা দ্বারা তোমাদের মরদেহকেও সঞ্জীবিত করে তুলবেন।

শ্লোক

প্র প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : সুতরাং তোমরা যাও, * সকল জাতিকে আমার শিষ্য কর ;
পিতা ও পুত্র ও পবিত্র আত্মা-নামের উদ্দেশে তাদের দীক্ষাস্নাত কর। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যাঁর মাধ্যমে আমরা পবিত্র আত্মায় পিতার কাছে প্রবেশ-অধিকার পেয়েছি, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর কাছে মিনতি জানাই :

হে খ্রীষ্ট, আমাদের যাচনা গ্রহণ কর।

-আমাদের হৃদয়ে প্রত্যাশিত অতিথি সেই পবিত্র আত্মাকে পাঠাও। আশীর্বাদ কর, আমাদের দুর্ব্যবহারে আমরা যেন তাঁকে কখনও দুঃখ না দিই।

-তুমি মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হয়ে, এখন পিতার ডান পাশে চিরসমাসীন। পিতার কাছে আমাদের হয়ে অনুক্ষণ প্রার্থনা কর।

-সকল পালক ও সকল ভক্তকে পবিত্র আত্মায় একাত্ম করে তোল। জীবন বা মৃত্যু, কিছুই যেন তোমা থেকে আমাদের বিচ্ছিন্ন করতে না পারে।

-পিতার প্রতি তোমার প্রেমের খাতিরে যেমন তুমি আমাদের গ্রহণ করেছ, আমরা তেমনি যেন একে অপরকে গ্রহণ করতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ১২:১৩**

আমরা সকলে এক আত্মায় দীক্ষাস্নাত হয়েছি একদেহ হবার জন্য—তা আমরা ইহুদী বা গ্রীক, ক্রীতদাস বা স্বাধীন মানুষ যাই হই না কেন ; এবং পান করার মত আমাদের সকলকে এক আত্মাকে দেওয়া হয়েছে।

প্র প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া ;

উ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **তীত ৩:৫খ-৭**

ঈশ্বর নবজন্মের জলপ্রক্ষালন ও পবিত্র আত্মার নবীকরণ দ্বারা আমাদের পরিত্রাণ করলেন। এই আত্মাকে তিনি আমাদের উপর প্রচুর পরিমাণে বর্ষণ করেছেন আমাদের ত্রাণকর্তা যীশুখ্রীষ্টের মাধ্যমে, যেন তাঁরই অনুগ্রহে ধর্মময় বলে সাব্যস্ত হয়ে উঠে আমরা প্রত্যাশা অনুসারে অনন্ত জীবনের উত্তরাধিকারী হয়ে উঠতে পারি।

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,

℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ১:১২-১৪**

যিনি আলোয় তাঁর পবিত্রজনদের স্বত্বাংশে অংশীদার হবার যোগ্যতা আমাদের দান করেছেন, এসো, আনন্দের সঙ্গে সেই পিতাকে ধন্যবাদ জানাই। তিনি অন্ধকারের কর্তৃত্ব থেকে আমাদের নিস্তার করে তাঁর সেই প্রিয়তম পুত্রের রাজ্যে স্থানান্তর করেছেন, যাঁর দ্বারা আমরা ভোগ করি মুক্তি, অর্থাৎ পাপমোচন।

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;

℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ পি ৩:১৮,২২**

খ্রীষ্ট পাপের জন্য একবার, চিরকালের মত মরলেন—যিনি ধর্মময়, তিনি অধার্মিকদের জন্য মরলেন, যেন ঈশ্বরের কাছে তোমাদের এগিয়ে নিয়ে যেতে পারেন; মাংসে তিনি নিহত হয়েছিলেন, আত্মায় কিন্তু সঞ্জীবিত হয়ে উঠলেন। স্বর্গে গমন ক'রে ও সমস্ত স্বর্গদূত, কর্তৃত্ব ও শক্তির বশ্যতা গ্রহণ ক'রে তিনি এখন ঈশ্বরের ডান পাশে রয়েছেন।

শ্লোক

℣ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: যাঁকে আমি * পিতার কাছ থেকে তোমাদের কাছে পাঠাব,
সেই সত্যময় আত্মা, যিনি পিতার কাছ থেকেই আসেন,
তিনি যখন আসবেন,
তখন তিনি নিজে আমার বিষয়ে সাক্ষ্য দেবেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি পবিত্র আত্মার পূর্ণতায় আমাদের পরিপূর্ণ করতে পারেন, আসুন, সেই ত্রাণকর্তা খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, আমাদের পবিত্র করে তোল।

-তোমার আত্মা মন্ডলীকে একতা ও শান্তির ভিত্তিতে গড়ে তুলুন; যত বিভেদ অশান্তি থেকে তাকে রক্ষা করুন।

-তুমি শয়তানের দাসত্ব থেকে আমাদের মুক্ত করেছ। অর্থলালসা আর অত্যাচারের মনোভাব থেকে জগৎকে মুক্ত কর।

-পিতার কাছে প্রার্থনা করতে করতেই তুমি পবিত্র আত্মা দ্বারা মসীহ ভূমিকায় অভিষিক্ত হয়েছিলে। সন্ন্যাসী-সন্ন্যাসিনীরা তাঁদের প্রার্থনা-জীবন এমনভাবেই পালন করুন, যেন তা পবিত্র আত্মায় ফলপ্রসূ হয়ে ওঠে।

-পবিত্র আত্মা রাজনেতাদের মন উদ্বুদ্ধ করুন, তাঁরা যেন ক্ষমতা ও স্বার্থপরতার প্রলোভন এড়িয়ে মানবসমাজের মঙ্গলের অন্বেষণ করেন।

-তুমি তো পিতার গৌরবধামে বিরাজমান। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার সনাতন জ্যোতির্লোকে গ্রহণ কর।

শুক্রবার

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার পুত্রকে গৌরবমণ্ডিত ক'রে ও আলোদানকারী আত্মাকে প্রেরণ ক'রে তুমি আমাদের জন্য উন্মুক্ত করে দিয়েছ অনন্তধামের প্রবেশদ্বার। মিনতি জানাই: তেমন মহাদান গ্রহণের ফলে গভীরতর হোক আমাদের ভক্তি, দৃঢ়তর হোক আমাদের বিশ্বাস।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো: আপন মেষগুলির জন্য * যিনি আপন প্রাণ বিসর্জন দিলেন
এবং আপন মেষপালের জন্য মৃত্যুবরণ করতে ইচ্ছা করলেন,
সেই উত্তম মেষপালক পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।

℣ যীশুকে আমাদের অপরাধের জন্য মৃত্যুর হাতে তুলে দেওয়া হয়েছে, আল্লেলুইয়া;
℟ এবং আমাদের ধর্মময়তার লক্ষ্যে পুনরুত্থিত করা হয়েছে। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো: তিনি * অন্ধকারের কর্তৃত্ব থেকে আমাদের নিস্তার করে
তাঁর সেই প্রিয়তম পুত্রের রাজ্যে স্থানান্তর করেছেন। আল্লেলুইয়া।

℣ খ্রীষ্ট পিতার গৌরব দ্বারা মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া।
℟ আমরাও যেন জীবনের নবীনতায় চলতে পারি। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
৫ম ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ৫:৩০-৩২**

একটা গাছে ঝুলিয়ে আপনারা যাঁকে হত্যা করেছিলেন, আমাদের পিতৃপুরুষদের ঈশ্বরই সেই যীশুকে পুনরুত্থিত করেছেন। তাঁকেই ঈশ্বর জননায়ক ও ত্রাণকর্তা ক'রে আপন ডান হাত দ্বারা উত্তোলিত করেছেন, যেন ইস্রায়েলকে মনপরিবর্তন ও পাপমুক্তি দান করতে পারেন। আমরা নিজেরাই এই সবকিছুর সাক্ষী; আর সাক্ষী আছেন সেই পবিত্র আত্মাও, যাঁকে ঈশ্বর তাদেরই কাছে দান করেছেন, যারা তাঁর প্রতি বাধ্য।

শ্লোক

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: খ্রীষ্ট যীশু * মৃত্যু বরণ করেছেন এবং পুনরুত্থান করেছেন;
তিনি এখন পরমেশ্বরের ডান পাশে রয়েছেন,
আমাদের হয়ে আবেদনও জানাচ্ছেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি পবিত্র আত্মার মাধ্যমে আমাদের অন্তর নবজীবনের আশায় পরিপূর্ণ করেন, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর কাছে প্রার্থনা করি:

হে প্রভু, আমাদের ত্রাণ কর।

-তুমি তো জান, প্রার্থনায় আমরা কতই না শিথিল, কতই না স্বার্থপর। তোমার পবিত্র আত্মাই আমাদের হয়ে প্রার্থনা করুন।

-তোমার আনন্দময় জ্যোতি তোমার সেই আত্মাকে পাঠাও; তিনি তোমার গৌরবময় সাদৃশ্যে আমাদের নবীভূত করে তুলুন।

হে প্রভু, আমাদের ত্রাণ কর।

-ভুলে যেয়ো না, আমরা তোমারই হাতের রচনা; অনিষ্টকর যত মরীচিকা থেকে আমাদের রেহাই দাও।

-যারা তোমা থেকে দূরে সরে গেছে, তাদের গ্রহণ করতে আমাদের শেখাও। একে অপরের প্রতি আন্তরিক ভালবাসা দেখাতে আমাদের অনুপ্রাণিত কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ২:৩২,৩৬**

ঈশ্বর যীশুকে পুনরুত্থিত করেছেন, আমরা সকলেই তার সাক্ষী। অতএব সমগ্র ইস্রায়েলকুল নিশ্চিত হয়ে একথা জানুক যে, ঈশ্বর যাঁকে প্রভু ও খ্রীষ্ট করে তুলেছেন, তিনি হলেন সেই যীশু যাঁকে তোমরা ক্রুশে দিয়েছিলে।

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;

℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **গা ৩:২৭-২৮**

তোমরা যারা খ্রীষ্টের উদ্দেশে দীক্ষাস্নাত হয়েছ, সকলে স্বয়ং খ্রীষ্টকেই পরিধান করেছ। এখন আর ইহুদীও নেই, গ্রীকও নেই; ক্রীতদাসও নেই, স্বাধীন মানুষও নেই; পুরুষও নেই, নারীও নেই; কারণ খ্রীষ্টযীশুতে এখন তোমরা সকলেই এক।

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,

℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ৫:৭-৮**

তোমরা পুরনো খামিরটা ফেলে দাও, যেন এক নতুন ময়দার পিন্ড হতে পার, যেহেতু তোমরা খামিরবিহীন। কেননা আমাদের পাস্কা সেই খ্রীষ্ট বলীকৃত হয়েছেন। সুতরাং এসো, পুরনো খামির নিয়ে নয়, দুষ্টতা ও অধর্মের খামির নিয়ে নয়, বরং আন্তরিকতা ও সত্যের সেই খামিরবিহীন রুটি নিয়েই আমরা এই উৎসব উদ্‌যাপন করি।

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া ;

℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ৫:৮-১০**

পুত্র হয়েও নিজের দুঃখকষ্ট থেকে খ্রীষ্ট বাধ্যতা শিখেছিলেন, এবং নিজ সিদ্ধতায় চালিত হয়ে তিনি, তাঁর প্রতি যারা বাধ্য, তাদের সকলেরই অনন্ত পরিত্রাণের কারণ হয়ে উঠলেন, যেহেতু স্বয়ং ঈশ্বর দ্বারাই তিনি মেল্কিসেদেকের রীতি অনুসারে মহাযাজক বলে অভিহিত হলেন।

শ্লোক

℣ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পবিত্র আত্মাই সেই সহায়ক, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : তাঁরা সবাই * একমন হয়ে
যীশুর মাতা মারীয়ার সঙ্গে প্রার্থনায় নিষ্ঠাবান ছিলেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি বিজাতিদের উপর পবিত্র আত্মার অনুগ্রহ বর্ষণ করতে প্রসন্ন হয়েছিলেন, আসুন, সেই পিতার কাছে প্রার্থনা করি, তিনি যেন পঞ্চাশত্তমী দিনের আশ্চর্য কাজ পুনঃসাধন করেন :

হে প্রভু, তোমার আত্মাকে আমাদের উপর বর্ষণ কর।

-পিতা, তুমি জগতের অন্ধকারের মধ্যে তোমার পুত্রের আলো জ্বালিয়ে দিয়েছিলে। আজকের খ্রীষ্টান নয় এমন মানুষের কাছে তোমার সত্যের আলো প্রকাশ কর।

-তুমি তোমার পুত্রকে পবিত্র আত্মার তৈলাভিষেকে মসীহ ও ত্রাণকর্তা রূপে অভিষিক্ত করেছিলে। তোমার প্রসন্নতায়, তিনি যেন আজও আমাদের মাঝে তাঁর মঙ্গলকর ও ত্রাণকারী ক্ষমতায় উপস্থিত থাকেন।

-তোমার আত্মাকে পাঠিয়ে আমাদের হৃদয়ে আলো সঞ্চার কর। যাদের বিশ্বাস টলমান, তাদের বিশ্বাস সুদৃঢ় করে রাখ।

-পরিশ্রান্ত মানবজাতির কাছে তোমার সান্ত্বনাদানকারী আত্মাকে পাঠাও। যারা নিরাশায় পড়েছে, তাদের অন্তর নবীন আশায় ভরিয়ে তোল।

-যাঁরা তোমাতে আশা রেখে ইহলোক ত্যাগ করেছেন, তাঁদের আশা পূর্ণ কর, যেন খ্রীষ্টের পুনরাগমনে তাঁরা পুনরুত্থানের গৌরবের অংশীদার হতে পারেন।

শনিবার

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: আমরা যারা এতক্ষণে পাস্কাকাল উদ্‌যাপন করে আসছি, যেন তোমার সমস্ত মঙ্গলদান আমাদের জীবনযাপনে সার্থক করে তুলতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব

ধুয়ো: পুত্র হয়েও * খ্রীষ্ট নিজের দুঃখকষ্ট থেকে বাধ্যতা শিখেছিলেন,
এবং তাঁর প্রতি যারা বাধ্য, তাদের সকলেরই অনন্ত পরিত্রাণের কারণ হয়ে উঠলেন। আল্লেলুইয়া।

℣ আমাদের পাস্কা সেই খ্রীষ্ট বলীকৃত হয়েছেন। আল্লেলুইয়া।
℟ সুতরাং এসো, প্রভুতে আমরা এই উৎসব উদ্‌যাপন করি। আল্লেলুইয়া।

২য় পর্ব

ধুয়ো: তোমরা * সেই ঊর্ধ্বলোকের বিষয়ের অন্বেষণ কর,
যেখানে ঈশ্বরের ডান পাশে সমাসীন হয়ে খ্রীষ্ট রয়েছেন। আল্লেলুইয়া।

℣ তোমরা পুরনো খামিরটা ফেলে দাও, আল্লেলুইয়া;
℟ যেন এক নতুন ময়দার পিণ্ড হতে পার। আল্লেলুইয়া।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

১ম সামসঙ্গীত শুরুতে ও ৩য় সামসঙ্গীত শেষে, আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
৫ম ধুয়ো: আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ১৪:৭-৯**

আমরা কেউ নিজের জন্য জীবিত থাকি না, কেউ নিজের জন্য মরেও যাই না। যদি জীবিত থাকি, প্রভুর জন্যই জীবিত থাকি; আর যদি মরি, প্রভুর জন্যই মরি। সুতরাং জীবিত থাকি বা মরি, আমরা প্রভুরই। কারণ এ উদ্দেশ্যেই খ্রীষ্ট মরলেন ও পুনরুজ্জীবিত হলেন, যেন তিনি মৃত ও জীবিত উভয়েরই প্রভু হতে পারেন।

শ্লোক

℣ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আমাদের জন্য তিনি ক্রুশে ঝুলেছেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু সমাধি থেকে পুনরুত্থান করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: দেখ, * আমি প্রতিদিন তোমাদের সঙ্গে সঙ্গে আছি,
—যুগান্ত পর্যন্ত। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

স্তুতির নৈবেদ্য অর্পণ করার জন্য দীক্ষাস্নানে পবিত্রিত হয়ে, আসুন, বিশ্বজুড়ে বিস্তৃত আমাদের সকল ভাইবোনের সঙ্গে পিতা ঈশ্বরকে ডাকি:

হে প্রভু, তোমার আত্মা দ্বারা আমাদের নবীভূত কর।

-আমাদের অন্তরে তোমার আত্মাকে প্রেরণ কর, আমরা যেন সকলের সামনে ঘোষণা করতে পারি যে তুমিই রাজা, তুমিই প্রভু।

-আমাদের অন্তরে ঐশপ্রেম সঞ্চার কর, আমরা যেন তোমার আজ্ঞা অনুসারে একে অপরকে ভালবাসতে পারি।

-আমাদের ক্ষুদ্র পরিবারের অন্তর প্রস্তুত কর, আমরা যেন উপযুক্তভাবে পবিত্র আত্মাকে গ্রহণ করতে পারি। তাঁর উপস্থিতির ফলে যেন আমাদের জীবনের নবীকরণ ঘটে।

-তোমার পবিত্র আত্মার শক্তি আমাদের স্পর্শ করুক। তিনি আমাদের যত ক্ষত নিরাময় করুন, পরিত্রাণের যাত্রাপথে আমাদের দুর্বল অন্তর বলবান করে তুলুন।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **রো ৫:১০-১১**

আমরা যখন শত্রু ছিলাম, তখন যদি তাঁর পুত্রের মৃত্যু দ্বারা ঈশ্বরের সঙ্গে পুনর্মিলিত হলাম, তবে পুনর্মিলিত হয়ে আমরা যে তাঁর জীবনের মধ্য দিয়ে পরিত্রাণ পাব, তা আরও কতই না সুনিশ্চিত! শুধু তাই নয়: যাঁর দ্বারা পুনর্মিলন পেয়ে গেছি, আমাদের প্রভু সেই যীশুখ্রীষ্টের মাধ্যমে আমরা এখন ঈশ্বরে গর্ববোধও করে থাকি।

℣ প্রভু সত্যি পুনরুত্থান করেছেন, আল্লেলুইয়া;

℟ তিনি সিমোনকে দেখা দিলেন। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ১৫:২০-২২**

আসলে খ্রীষ্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন—নিদ্রাগতদের প্রথমফসল রূপে। কেননা যেহেতু মানুষের মধ্য দিয়ে মৃত্যু, সেহেতু মানুষের মধ্য দিয়েও মৃতদের পুনরুত্থান—আদমে যেমন সকলে মৃত্যুভোগ করে, খ্রীষ্টেই তেমনি সকলে সঞ্জীবিত হবে।

℣ প্রভুকে দে'খে, আল্লেলুইয়া,

℟ শিষ্যেরা আনন্দিত হলেন। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

বাণী পাঠ **২ করি ৫:১৪-১৫**

খ্রীষ্টের ভালবাসা আমাদের চাপ দিচ্ছে, যখন ভাবি যে, সকলের জন্য একজন মৃত্যু বরণ করেছেন, ফলে সকলেরই মৃত্যু হয়েছে; আর তিনি সকলের জন্য মৃত্যু বরণ করেছেন, যারা জীবিত, তারা যেন আর নিজেদের জন্য নয়, বরং তাঁরই জন্য জীবন যাপন করে, যিনি মৃত্যু বরণ করেছেন ও পুনরুত্থিত হয়েছেন।

℣ আমাদের সঙ্গে থেকো, প্রভু, আল্লেলুইয়া;

℟ সন্ধ্যা হয়ে আসছে। আল্লেলুইয়া।

পঞ্চাশত্তমী রবিবার

মহাপর্ব

১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত পর্বটির ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৩৫৪।

বাণী পাঠ **রো ৮:১১**

যিনি যীশুকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তাঁর আত্মা যদি তোমাদের অন্তরে নিবাসী হয়ে থাকেন, তাহলে যিনি খ্রীষ্টযীশুকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন, তিনি তোমাদের অন্তরে নিবাসী তাঁর সেই আত্মা দ্বারা তোমাদের মরদেহকেও সঞ্জীবিত করে তুলবেন।

শ্লোক

প্র পবিত্র আত্মাই সেই সহায়ক। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ পবিত্র আত্মাই সেই সহায়ক। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ পবিত্র আত্মাই সেই সহায়ক। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: হে পবিত্র আত্মা, * তুমি তো নানা বিদেশী ভাষার মাধ্যমে
একই বিশ্বাস-ঘোষণায় সর্বজাতিকে একত্রিত করেছিলে,
এখন এসো গো তুমি, তোমার ভক্তদের হৃদয় তোমার প্রেরণায় পূর্ণ কর,
জ্বালাও তাদের অন্তরে তোমার দিব্য প্রেমের আগুন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

পঞ্চাশত্তমী পর্বের দিনগুলি অতিবাহিত হলে, সান্ত্বনাদানকারী আত্মা স্বর্গ থেকে প্রেরিতদূতদের উপরে নেমে এসেছিলেন। এ মহারহস্যের মর্মসত্য উদ্‌যাপন ক'রে, আসুন, পিতা ঈশ্বরের কাছে প্রার্থনা করি, তিনি যেন আজও সেই মহাকীর্তি পুনঃসাধন করেন:

তোমার আত্মাকে পাঠাও, পৃথিবী নবীভূত হোক।

-তুমি জগৎকে সৃষ্টি করেছ এবং তোমার পুত্র দ্বারা তার পরিত্রাণ সাধন করেছ। তোমার আত্মাকে পাঠাও, যেন পৃথিবী নবীভূত হয়ে ওঠে।

-তুমি মানুষকে তোমার সাদৃশ্যে গড়েছ, তার অন্তরে অমর প্রাণশক্তি সঞ্চার করেছ। তোমার মন্ডলীর কাছে তোমার পবিত্র আত্মাকে পাঠাও, খ্রীষ্টের সমরূপ হয়ে মণ্ডলী যেন জগতের প্রাণশক্তি হতে পারে।

-আজকালের মানবসমাজের মাঝে তোমার আত্মার আলো উজ্জ্বল করে তোল, যেন হিংসা প্রেমে, দুঃখ আনন্দে, যুদ্ধ-সংগ্রাম শান্তিতে পরিণত হয়।

-আমাদের সমস্ত অপরাধ তোমার আত্মার জীবনময় জলকুণ্ডে ধৌত কর; আমাদের পাপের ক্ষত নিরাময় কর।

-তুমি তো পবিত্র আত্মা গুণে মানুষকে জীবনে ও গৌরবে প্রবেশ করাও। কৃপা কর, আমাদের পরলোকগত ভাইবোনেরা তাঁর অনুগ্রহ-স্পর্শে পরিশুদ্ধ হয়ে উঠে যেন সনাতন আনন্দলোকে প্রবেশ করতে পারেন।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি পাস্কা-রহস্য পঞ্চাশ দিনব্যাপী প্রসারিত ক'রে আজকের পর্বদিবসেই তার পূর্ণ মাহাত্ম্য প্রকাশ করেছ। আশীর্বাদ কর: তোমার স্বর্গীয় অনুগ্রহের গুণে যেন ছড়িয়ে পড়া সকল জাতির ভিন্ন ভিন্ন ভাষাগুলো তোমার নামের গুণকীর্তন করার জন্য একত্রিত হয়।

আহ্বান সঙ্গীত

ধুয়ো : পৃথিবী প্রভুর আত্মায় পরিপূর্ণ ;
এসো, সেই আত্মাকে পূজা করি। আল্লেলুইয়া। সাম ৯৫

জাগরণী

স্তোত্র

১। মহানন্দের জ্যোতি আত্মা,
তুমি পরম জ্যোতি হে ;
ঈশ্বর থেকে অগ্নিরূপে
শিষ্যদেরই প্রাণে হে।

২। ভরে হৃদি, খোলে জিহ্বা
তব উপস্থিতিতে ;
তব দীক্ষার ফলে এখন
হৃদি জিহ্বা একক হে।

৩। সান্ত্বনাদানকারী, এসো,
হৃদি নরম কর হে,
মোদের জিহ্বা কর শাসন,
ঈর্ষা ঘৃণা হবে শেষ।

৪। নব মানুষ হয়ে উঠে
তব স্তুতি করি হে ;
মোদের অন্তর শুচি এখন
তব আশিস দ্বারা হে।

৫। তুমি দাতা, তুমি দান,
হৃদির তুমি মঙ্গল হে ;
তব গানে কর দক্ষ
মোদের হৃদি-জিহ্বা হে।

৬। মোদের পাপ ফেল মুছে,
ধার্মিকতার উৎস হে ;
খ্রীষ্টে নবীকৃত মোরা :
পরম শান্তি দিও হে।

১ম পর্ব (সাধু ভিক্তর গির্জার আদম)

১ম ধুয়ো : হঠাৎ * আকাশ থেকে
প্রচন্ড বাতাস বয়ে যাওয়ার মত একটা শব্দ এল। আল্লেলুইয়া। সাম ৮

২য় ধুয়ো : আগুনের মতই যেন কতগুলো জিহ্বা * ভাগ ভাগ করে পড়ে শিষ্যদের উপরে বসল :
তাঁদের অন্তরে বিরাজিত হলেন স্বয়ং পবিত্র আত্মা। আল্লেলুইয়া। সাম ১৯

৩য় ধুয়ো : হে প্রভু, * কতই না ভাল, কতই না মনোরম
আমাদের অন্তরে পবিত্র আত্মার উপস্থিতি। আল্লেলুইয়া। সাম ২৯

℣ বিশ্বজগৎ প্রভুর আত্মায় পরিপূর্ণ। আল্লেলুইয়া।
℟ সেই আত্মা সমস্ত কিছু একতাবদ্ধ রাখেন, উচ্চারিত সমস্ত কথা জানেন। আল্লেলুইয়া।

২য় পর্ব

১ম ধুয়ো : বাতাস * যেদিকে ইচ্ছে সেদিকেই বয়ে যায়, তার শব্দ শুনতে পাও,
কিন্তু কোথা থেকে আসছে আর কোথায় বা যায়, তা তুমি জান না। আল্লেলুইয়া। সাম ৪৬

২য় ধুয়ো : প্রভু, * আমাদের অন্তরে বিশ্বাস বৃদ্ধি কর,
পবিত্র আত্মার আলো হৃদয়ে সর্বদা জ্বালিয়ে রেখ। আল্লেলুইয়া। সাম ৪৭

৩য় ধুয়ো : প্রভুর আত্মা সৃজনশীল।
তিনি সর্বশক্তিমন্ডিত। আল্লেলুইয়া। সাম ৪৮

℣ পবিত্র আত্মাই সেই সহায়ক, আল্লেলুইয়া,
℟ তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন। আল্লেলুইয়া।

৩য় পর্ব

নিম্নলিখিত অংশ ব্যতীত, ১ম–৬ষ্ঠ রবিবারে জাগরণীর ৩য় পর্বের ব্যবস্থা পালনীয়, পৃঃ ২৭৭।

স্তোত্র : তুমি ঈশ্বর, পৃঃ ২৮০।

সুসমাচার ঘোষণা, যোহন ৭:৩৭-৩৯ অথবা মথি ২৮:১৬-২০।
স্তোত্র : প্রশংসার যোগ্য, পৃঃ ২৮০।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, আজকের পর্বদিবস-সাক্রামেন্তের দ্বারা তুমি তো সকল জাতি ও দেশের মানুষের মাঝে বিস্তৃত তোমার মন্ডলীকে পবিত্রিত কর। অনুনয় করি: বিশ্বমানবজাতির উপরে পবিত্র আত্মার যত দান বর্ষণ কর: সুসমাচার প্রচারের প্রথম লগ্নে ঐশঅনুগ্রহ যে মহা মহা কাজ সাধন করেছিল, আজও তুমি তোমার ভক্তদের অন্তরকে সেই অনুগ্রহে পূর্ণ কর।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। মহানন্দের এ দিবসে
প্রতি বছর করি স্মরণ :
সকল শিষ্যদের উপরে
পবিত্রাত্মার অবতরণ।

২। এ কী শব্দ ! এ কী জ্যোতি !
অগ্নিজিহ্বা-রূপেই আত্মা :
কথায় ধন্য হবেন তাঁরা,
পাবেন তাঁরা প্রেমের উত্তাপ।

৩। তাঁদের বহুভাষী দে'খে
অবাক হল সকল শ্রোতা :
আত্মায় পরিপূর্ণ যাঁরা,
তাঁদের মাতাল বলে সংসার।

৪। ঘটল এ সমস্ত কিছু
পঞ্চাশত্তমী দিবসে,
পাস্কার অর্থ এখন সিদ্ধ,
পাব ক্ষমা বিধান মতে।

৫। কাজেই এসো, হয়ে নত
পিতার কাছে করি ভিক্ষা :
এ দিবসে মোদের প্রাণে
সঞ্চার কর আত্মার দীক্ষা।

৬। যাদের অন্তর তুমি একদিন
ঐশকৃপায় করলে পূর্ণ,
এখন পাপ ক'রে ক্ষমা
তাদের কর শান্তিপূর্ণ।

৭। পিতা ও পুত্রের পূর্ণ জ্ঞান
মোদের দিও, ওগো আত্মা ;
তোমায়ও যেন করি বিশ্বাস,
ওগো পিতা ও পুত্রের আত্মা। (৬ষ্ঠ শতাব্দী)

১ম ধুয়ো : যখন * পঞ্চাশত্তমী পর্বের দিন এল,
তখন শিষ্যেরা সকলে এক স্থানে একত্রে মিলিত হয়েছিলেন,
এমন সময়ে তাঁরা বলে উঠলেন, 'আল্লেলুইয়া।'
২য় ধুয়ো : পিতা থেকে * আগত পবিত্র আত্মা
খ্রীষ্টের শিষ্যদের অন্তরে প্রবেশ করে অধিষ্ঠান করলেন। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো : পবিত্র আত্মায় * পরিপূর্ণ হয়ে
তাঁরা সকলে প্রভুর কীর্তির কথা প্রচার করতে লাগলেন। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো : জলের উৎসধারা * ও জলচর প্রাণী,
প্রভুর উদ্দেশে স্তবগান কর। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : প্রেরিতদূতেরা তখন * নানা বিদেশী ভাষায়
ঈশ্বরের আশ্চর্য কীর্তিকাহিনী প্রচার করতে লাগলেন। আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ৫:৩০-৩২**

একটা গাছে ঝুলিয়ে আপনারা যাঁকে হত্যা করেছিলেন, আমাদের পিতৃপুরুষদের ঈশ্বরই সেই যীশুকে পুনরুত্থিত করেছেন। তাঁকেই ঈশ্বর জননায়ক ও ত্রাণকর্তা ক'রে আপন ডান হাত দ্বারা উত্তোলিত করেছেন, যেন

ইস্রায়েলকে মনপরিবর্তন ও পাপমুক্তি দান করতে পারেন। আমরা নিজেরাই এই সবকিছুর সাক্ষী; আর সাক্ষী আছেন সেই পবিত্র আত্মাও, যাঁকে ঈশ্বর তাদেরই কাছে দান করেছেন, যারা তাঁর প্রতি বাধ্য।

শ্লোক

প্র সকলে পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়ে উঠলেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ সকলে পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়ে উঠলেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র তাঁরা তখন প্রভুর কীর্তির কথা প্রচার করতে লাগলেন।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ সকলে পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়ে উঠলেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: পবিত্র আত্মাকে * গ্রহণ কর;
তোমরা যদি কারও পাপ ক্ষমা কর, তা ক্ষমা করা হবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি পবিত্র আত্মা দ্বারা পবিত্র মণ্ডলীতে আমাদের একত্রিত করেছেন, আসুন, আনন্দের সঙ্গে সেই খ্রীষ্ট প্রভুর প্রশংসাবাদ করে বলি:

হে প্রভু, জগতের মুখমণ্ডল নবীকৃত কর।

-প্রভু যীশু, তোমার বিদীর্ণ বুক থেকে জীবনের জল নিঃসৃত হয়েছিল। তোমার আত্মাকে প্রেরণ কর, যেন নবসৃষ্টির সূচনা হয়।

-স্বর্গ থেকে তুমি প্রেরিতদূতদের উপর পিতার প্রতিশ্রুত পরমদান বর্ষণ করেছিলে। তোমার আত্মাকে প্রেরণ কর, যেন গোটা মানবজাতি নবীকৃত হয়ে ওঠে।

হে প্রভু, জগতের মুখমণ্ডল নবীকৃত কর।

-প্রেরিতদূতদের উপর ফুৎকার দিয়ে তুমি তাঁদের দিয়েছিলে পাপ ক্ষমা করার অধিকার। তোমার আত্মাকে প্রেরণ কর, যেন জগৎ পুনর্মিলন ও পরিত্রাণ লাভ করতে পারে।

-তুমি পবিত্র আত্মাকে সদ্‌গুরু ও সান্ত্বনাদাতা রূপে প্রেরণ করবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলে। সেই আত্মাকে প্রেরণ কর, যেন আমরা সুসমাচারের মর্মকথা হৃদয়ঙ্গম করতে পারি।

-তুমি পবিত্র আত্মাকে সহায়করূপে প্রেরণ করবে বলে অঙ্গীকার করেছিলে। সেই আত্মাকে প্রেরণ কর, যেন আমরা জগতের সামনে তোমার প্রেমের সাক্ষী হতে পারি।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, আজকের পর্বদিবস-সাক্রামেন্তের দ্বারা তুমি তো সকল জাতি ও দেশের মানুষের মাঝে বিস্তৃত তোমার মণ্ডলীকে পবিত্রিত কর। অনুনয় করি: বিশ্বমানবজাতির উপরে পবিত্র আত্মার যত দান বর্ষণ কর: সুসমাচার প্রচারের প্রথম লগ্নে ঐশঅনুগ্রহ যে মহা মহা কাজ সাধন করেছিল, আজও তুমি তোমার ভক্তদের অন্তরকে সেই অনুগ্রহে পূর্ণ কর।

পূর্বাহ্ণ প্রহর

স্তোত্র

তৃতীয় ঘণ্টায় স্মরণ করি, পৃঃ ২৭২।

বিকল্প

১। এবার খ্রীষ্ট ঊর্ধ্বে গেলেন,
যেখান থেকে এসেছিলেন,

৩। জ্যোতির্লোকের দিব্য অগ্নি
শিষ্যদের উদ্দীপ্ত করে,

তিনি দেবেন সেই আত্মাকে—
পিতার অঙ্গীকার।

২। তৃতীয় ঘণ্টা বিশ্বজুড়ে
নব সংবাদ বয়ে আনে :
শিষ্য সকল অবগত,
ঈশ্বর এলেন যে।

ফলে তাঁরা হয়ে উঠলেন
বাণীপ্রচারক।

৪। নেমে এসো, পরমাত্মা,
বর্ষণ কর তব দান,
মোদের হৃদি করে তোল
তব মন্দির হে।

৫। পিতা ও পুত্রের পূর্ণ জ্ঞান
মোদের দিও, ওগো আত্মা ;
পিতা ও পুত্রের আত্মা তুমি,
বিশ্বাস করি হে। (৯ম শতাব্দী)

ধুয়ো : পিতা থেকে * আগত পবিত্র আত্মা
খ্রীষ্টের শিষ্যদের অন্তরে প্রবেশ করে অধিষ্ঠান করলেন। আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ করি ১২:১৩**

আমরা সকলে এক আত্মায় দীক্ষাস্নাত হয়েছি একদেহ হবার জন্য—তা আমরা ইহুদী বা গ্রীক, ক্রীতদাস বা স্বাধীন মানুষ যাই হই না কেন ; এবং পান করার মত আমাদের সকলকে এক আত্মাকে দেওয়া হয়েছে।

℣ ঈশ্বরের ভালবাসা আমাদের হৃদয়ে সঞ্চারিত হয়েছে, আল্লেলুইয়া,
℟ সেই পবিত্র আত্মা দ্বারা যাঁকে আমাদের দেওয়া হয়েছে। আল্লেলুইয়া।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর : তোমার গৌরবের দীপ্তি আমাদের উপর উদ্ভাসিত হোক। যারা তোমার অনুগ্রহ-স্পর্শে নবজন্ম লাভ করেছে, তোমার জ্যোতির্জাত জ্যোতি সেই খ্রীষ্ট পুনরায় পবিত্র আত্মার আলো দানে তাদের অন্তর সুস্থির করুন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : পবিত্র আত্মায় * পরিপূর্ণ হয়ে
তাঁরা সকলে প্রভুর কীর্তির কথা প্রচার করতে লাগলেন। আল্লেলুইয়া।

বাণী পাঠ **তীত ৩:৫খ-৭**

ঈশ্বর নবজন্মের জলপ্রক্ষালন ও পবিত্র আত্মার নবীকরণ দ্বারা আমাদের পরিত্রাণ করলেন। এই আত্মাকে তিনি আমাদের উপর প্রচুর পরিমাণে বর্ষণ করেছেন আমাদের ত্রাণকর্তা যীশুখ্রীষ্টের মাধ্যমে, যেন তাঁরই অনুগ্রহে ধর্মময় বলে সাব্যস্ত হয়ে উঠে আমরা প্রত্যাশা অনুসারে অনন্ত জীবনের উত্তরাধিকারী হয়ে উঠতে পারি।

℣ আমি যা কিছু তোমাদের বলেছি, আল্লেলুইয়া,
℟ পবিত্র আত্মা তোমাদের তা স্মরণ করিয়ে দেবেন। আল্লেলুইয়া।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর : তোমার গৌরবের দীপ্তি আমাদের উপর উদ্ভাসিত হোক। যারা তোমার অনুগ্রহ-স্পর্শে নবজন্ম লাভ করেছে, তোমার জ্যোতির্জাত জ্যোতি সেই খ্রীষ্ট পুনরায় পবিত্র আত্মার আলো দানে তাদের অন্তর সুস্থির করুন।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : ঈশ্বরের ভালবাসা * আমাদের হৃদয়ে সঞ্চারিত হয়েছে
সেই পবিত্র আত্মা দ্বারা যাঁকে আমাদের দেওয়া হয়েছে। আল্লেলুইয়া।

বাণী পাঠ **২ করি ১:২১-২২**

স্বয়ং ঈশ্বরই খ্রীষ্টে তোমাদের সঙ্গে আমাদের সুদৃঢ় করে রাখেন; তৈলাভিষেকে আমাদের অভিষিক্ত করেছেন, আমাদের চিহ্নিতও করেছেন তাঁর আপন মুদ্রাঙ্কনে এবং অগ্রিম হিসাবে আমাদের হৃদয়ে আত্মাকে দিয়েছেন।

℣ প্রেরিতদূতেরা নানা বিদেশী ভাষায়, আল্লেলুইয়া,
℟ ঈশ্বরের আশ্চর্য কীর্তিকাহিনী প্রচার করতে লাগলেন। আল্লেলুইয়া।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: তোমার গৌরবের দীপ্তি আমাদের উপর উদ্ভাসিত হোক। যারা তোমার অনুগ্রহ-স্পর্শে নবজন্ম লাভ করেছে, তোমার জ্যোতির্জাত জ্যোতি সেই খ্রীষ্ট পুনরায় পবিত্র আত্মার আলো দানে তাদের অন্তর সুস্থির করুন।

২য় সন্ধ্যারতি

১ম ধুয়ো : যখন * পঞ্চাশত্তমী পর্বের দিন এল,
তখন শিষ্যেরা সকলে এক স্থানে একত্রে মিলিত হয়েছিলেন,
এমন সময়ে তাঁরা বলে উঠলেন, 'আল্লেলুইয়া।' সাম ১১০
২য় ধুয়ো : পিতা থেকে * আগত পবিত্র আত্মা
খ্রীষ্টের শিষ্যদের অন্তরে প্রবেশ করে অধিষ্ঠান করলেন। আল্লেলুইয়া সাম ১১১
৩য় ধুয়ো : পবিত্র আত্মায় * পরিপূর্ণ হয়ে
তাঁরা সকলে প্রভুর কীর্তির কথা প্রচার করতে লাগলেন। আল্লেলুইয়া।সাম ১১২
৪র্থ ধুয়ো : জলের উৎসধারা * ও জলচর প্রাণী,
প্রভুর উদ্দেশে স্তবগান কর। আল্লেলুইয়া। সাম ১১৩
৫ম ধুয়ো : প্রেরিতদূতেরা তখন * নানা বিদেশী ভাষায়
ঈশ্বরের আশ্চর্য কীর্তিকাহিনী প্রচার করতে লাগলেন। আল্লেলুইয়া।
গীতিকা—১ম সন্ধ্যাঃ প্রত্যা ১৫
২য় সন্ধ্যাঃ প্রত্যা ১৯

বাণী পাঠ **এফে ৪:৩-৬**

তোমরা শান্তির বন্ধনেই আত্মার ঐক্য রক্ষা করতে যত্নবান হও। দেহ এক, এবং আত্মা এক, যেমন তোমাদের আহ্বানের সেই প্রত্যাশাও এক, যে প্রত্যাশায় তোমরা আহূত হয়েছ। প্রভু এক, বিশ্বাস এক, দীক্ষাস্নান এক; সকলের পিতা সেই ঈশ্বর এক, যিনি সকলের উর্ধ্বে, সকলের দ্বারা [সক্রিয়], ও সকলের অন্তরে [বিদ্যমান]।

শ্লোক

℣ পবিত্র আত্মাই সেই সহায়ক। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ পবিত্র আত্মাই সেই সহায়ক। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনিই সবকিছু তোমাদের শিখিয়ে দেবেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ পবিত্র আত্মাই সেই সহায়ক। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : আজ পঞ্চাশত্তমী পর্বের দিন।

আজ পবিত্র আত্মা শিষ্যদের কাছে অগ্নির আকারে আত্মপ্রকাশ ক'রে

তাঁদের দান করলেন যত আত্মিক গুণ।

তিনি বিশ্বজগতের সর্বস্থানে তাঁদের প্রেরণ করলেন এই কথা ঘোষণা করতে :

যে কেউ বিশ্বাস করে ও দীক্ষাস্নাত হয়, সে পরিত্রাণ পাবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি পঞ্চাশত্তমী পর্বের দিনে জগতের কাছে খ্রীষ্টমণ্ডলীকে প্রকাশ করেছেন, আসুন, ভক্তিভরে সেই পিতা ঈশ্বরের কাছে মিনতি নিবেদন করি :

হে পিতা, তোমার মণ্ডলীর কাছে পবিত্র আত্মাকে প্রেরণ কর।

-দীক্ষাস্নানের মাধ্যমে তুমি এক আত্মায় একদেহ হতে আমাদের আহ্বান কর। আশীর্বাদ কর, সকল খ্রীষ্টভক্ত যেন একমন একপ্রাণ হতে পারে।

-মানবজাতির কাছে তুমি সৃজনশীল পবিত্র আত্মাকে দান করেছ। সহায়তা কর, আমরা যেন অধিক ন্যায়পর ও শান্তিপ্রিয় জনসমাজকে গড়ে তুলতে পারি।

-পবিত্র আত্মার মাধ্যমে তুমি আমাদের প্রকাশ করেছ তোমার একতা ও শান্তির সঙ্কল্প। বিক্ষিপ্ত সন্তান সকলকে তোমার মণ্ডলীতে একত্রিত কর।

-পবিত্র আত্মা দ্বারা তুমি তো আমাদের মন উদ্বুদ্ধ কর, আমাদের অন্তরে সান্ত্বনা সঞ্চার কর। অসুস্থকে সুস্থতা, দুর্দশাগ্রস্তকে স্বস্তি, সকলকে শান্তি ও পরিত্রাণ দান কর।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, আজকের পর্বদিবস-সাক্রামেন্তের দ্বারা তুমি তো সকল জাতি ও দেশের মানুষের মাঝে বিস্তৃত তোমার মণ্ডলীকে পবিত্রিত কর। অনুনয় করি : বিশ্বমানবজাতির উপরে পবিত্র আত্মার যত দান বর্ষণ কর : সুসমাচার প্রচারের প্রথম লগ্নে ঐশঅনুগ্রহ যে মহা মহা কাজ সাধন করেছিল, আজও তুমি তোমার ভক্তদের অন্তরকে সেই অনুগ্রহে পূর্ণ কর।

বিদায়

℣ প্রভু আপনাদের সহায় থাকুন।

℟ আপনারও সহায় থাকুন।

℣ আসুন, প্রভুকে বলি ধন্য। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ ঈশ্বরকে ধন্যবাদ। আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ঐশসহায়তা...